# এসডিজি বান্ধব পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

## ২০১৯-২০২৪

## উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা







Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra
**Swiss Agency for Development and Cooperation SDC**

**EMBASSY OF DENMARK**
*Danida*

UNDP

# এসডিজি বান্ধব পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

## ২০১৯-২০২৪

## উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা








Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra
**Swiss Agency for Development and Cooperation SDC**

**EMBASSY OF DENMARK**
*Danida*

UNDP

**প্রকাশনা সংক্রান্ত**


**স্বত্ব**
দাকোপ উপজেলা পরিষদ, খুলনা

**আর্থিক ও কারিগরি সহযোগিতা**
কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্প।

**উপদেষ্টামণ্ডলী**
পঞ্চানন বিশ্বাস, জাতীয় সংসদ সদস্য, খুলনা- ১
মোহাম্মদ হেলাল হোসেন পিএএ, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
মোঃ ইকবাল হোসেন, উপ পরিচালক (উপ সচিব) স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।

**সার্বিক সহযোগিতায়:**
মুনসুর আলী খান, চেয়ারম্যান, দাকোপ উপজেলা পরিষদ, খুলনা।

| | |
|---|---|
| **মো: মর্তুজা খাঁন**<br>সহকারী কমিশনার (ভূমি) | আহবায়ক |
| **সুরাইয়া সিদ্দীকা**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| **মো: রাজবুল আহমেদ**<br>সহকারী প্রোগ্রামার | সদস্য |
| **জিয়াউর রহমান**<br>সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (সি, এ)<br>উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা। | সদস্য |

**তথ্য সংগ্রহ এবং প্রতিবেদন প্রস্তুতকারী**
মিন্টু বিশ্বাস উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা
মোবাইলঃ ০১৭৫৬১৪৯৫৯৭ (অফিস)

**প্রকাশকাল**
সেপ্টেম্বর ২০২০ ইং

**বার্ষিক প্রতিবেদন প্রকাশনা সমন্বয়ক**
মো. ইকবাল হাসান, ডিস্ট্রিক ফ্যাসিলিটেটর, ইএএলজি প্রকল্প, খুলনা, ইউএনডিপি বাংলাদেশ।

**মুদ্রন**
মমিন অফসেট প্রেস, ঢাকা
mominop@gmail.com



# বাণী

সোনার বাংলা গঠন  হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্ন। সেই স্বপ্নকে ধাপে ধাপে বাস্তবায়নে তাঁরই সুযোগ্য উত্তরসূরী, মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনার হাত ধরে এসেছে "রূপকল্প-২০২১"। বঙ্গবন্ধুর সোনার বাংলা  গড়ার স্বপ্ন আজ উন্নয়নের মূল মন্ত্রে পরিণত হয়েছে, সঞ্চারিত হয়েছে কোটি বাঙালির মনে-প্রাণে। ধীরে ধীরে অপসৃত হচ্ছে ক্ষুধা, মঙ্গা, দারিদ্র্য, অশিক্ষা. হতাশা, অপবাদ, অন্ধকার। আজ আমরা তৃতীয় বিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল। আমরা দাকোপবাসীও সমান তালে এগিয়ে চলেছি। জনপ্রতিনিধি, সরকার, জনগণ-সবার স্বপ্নগুলিকে একসূত্রে গেঁথে ফেলার ঐকান্তিক প্রয়াস আজ গতি ফিরে পেয়েছে। স্বপ্ন সৈনিকের দুর্বার গতি, দৃঢ় পায়ে এগিয়ে চলা-এটাই আমাদের অন্তরের চাওয়া।

যারা ২০১৯-২৪ অর্থ বছরের পঞ্চবার্ষিকি পরিকল্পনা প্রণয়নের কাজে সক্রিয় ভূমিকা রেখেছেন সেইসব শ্রদ্ধেয় প্রতিনিধি, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের জন্য আমার অভিনন্দন ও শুভেচ্ছা রইল। আর্থিক ও কারিগরি সহয়তার জন্য কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্পের প্রতি শুভেচ্ছা।

**পঞ্চানন বিশ্বাস**
জাতীয় সংসদ সদস্য, খুলনা- ১



# বাণী

স্থানীয় সুশাসন ব্যবস্থার কার্যকর ও গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হচ্ছে উপজেলা পরিষদ। শুধু উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণ কিংবা আইন-শৃঙ্খলা রক্ষার মধ্যেই প্রতিষ্ঠানটির দায়িত্ব সীমাবদ্ধ নয়। বহুমাত্রিক কার্যক্রমের সঙ্গে উপজেলা পরিষদ জড়িত। স্থানীয় পর্যায়ে সমন্বয়ক হিসেবে উপজেলা পরিষদের প্রতি মানুষের চাহিদা যেমন বেড়েছে তেমনি নাগরিকদের দায়িত্ব ও কর্তব্য বোধও বেড়েছে বহুগুণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার গ্রাম বাংলার জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। এর অংশ হিসেবে সরকার জনগণের আশা আকাঙ্খার সাথে মিল রেখে সেবা প্রদানের জন্য ২০০৯ সালে উপজেলা পরিষদ পুনরায় কার্যকর করেছে। উপজেলা পরিষদের নিজস্ব সম্পদ ও সরকারিভাবে প্রাপ্ত বিভিন্ন অনুদানসমূহকে একত্রিত করে একটি সঠিক পরিকল্পনার মাধ্যমে কার্যক্রমের দ্বৈততা পরিহার করে সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে। স্থানীয় সরকার কাঠামোর মধ্যে উপজেলা পরিষদ অত্যন্তগুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এটিই প্রত্যাশিত।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্প" দেশের ৯টি বিভাগের ৯টি জেলার আওতাভূক্ত ১৮টি উপজেলা ও ২৫১টি ইউনিয়ন পরিষদ এর সক্ষমতা বৃদ্ধিতে কাজ করছে। স্থানীয় জনগণের প্রকৃত চাহিদা নির্ধারণ, সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ ও জনগণের সেবার মানোন্নয়নের দিকে লক্ষ্য রেখে রূপসা উপজেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য, স্থায়ী কমিটি সদস্য, ইউনিয়ন পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহ, উপজেলা পরিষদ ও উপজেলা পরিষদের দপ্তর, উপ-পরিচালক, স্থানীয় সরকার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ইএএলজি প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ সকলের আন্তরিক প্রচেষ্টায় প্রথমবারের মতো এই পঞ্চবার্ষিক পরিকল্পনা বই প্রণয়ন সম্ভব হয়েছে, যা অত্র পরিষদের স্বচ্ছতা ও জবাবদিহিতা আরো সুদৃঢ় করবে বলে আমার বিশ্বাস।


**মোহাম্মদ হেলাল হোসেন** পিএএ
জেলা প্রশাসক
ও
বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।



## বাণী

বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য হচ্ছে উপজেলা পরিষদকে একটি শক্তিশালী, কার্যকর,গণতান্ত্রিক ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা। স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ ও ক্ষমতা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (৩০ শে জুন ২০১০ তারিখে সংশোধিত) কার্যকর হয়েছে। এ আইনের আওতায় উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়ন বিধিমালা ২০১০, উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগনের (দায়িত্ব, কর্তব্য ও আর্থিক সুবিধা) বিধিমালা ২০১০, উপজেলা পরিষদ বাজেট (চুক্তি ও সম্পাদন) বিধিমালা ২০১০ এবং উপজেলা পরিষদ (সম্পদ হস্তান্তর, রক্ষনাবেক্ষণ ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০১০ প্রনয়ণ করা হয়েছে। এসব বিধিমালা প্রনয়নের ফলে স্থানীয় পর্যায়ে সুশাসন ও জনকল্যান নিশ্চিত করা হয়েছে।

উপজেলাসমূহে ইতোমধ্যে তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন, পরিষদের উপজেলা কমিটি শক্তিশালীকরণ এবং মহিলা উন্নয়ন ফোরাম গঠন করা হয়েছে। উপজেলা পরিষদকে আরও শক্তিশালী করার লক্ষ্যে স্থানীয় পর্যায়ে পঞ্চবর্ষিক পরিকল্পনার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে এবং জাতীয় পরিকল্পনা একাডেমির সহায়তায় প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। রূপসা উপজেলা পরিষদের পক্ষ থেকে ২০১৯ -২০২৪ অর্থ বছরের পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর উদ্যোগ গ্রহণ করায় আমি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্প" এর সহযোগিতায় প্রথম বারের মত রূপসা উপজেলা পরিষদ কর্তৃক ২০২০-২০২৫ পঞ্চবার্ষিকী উন্নয়ন কর্মকান্ড প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি খুবই আনন্দিত এবং এ প্রয়াসকে স্বাগত জানাই। বিশ্বায়নের যুগে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে সুনির্দিষ্ট পরিকল্পনা জরুরী যার সার্বিক প্রকাশই হচ্ছে উপযুক্ত পরিকল্পনা প্রকাশনা। উপজেলাকে আরো অগ্রসর ও সমৃদ্ধ করতে এবং নিবিড়ভাবে বাংলাদেশকে অবলোকনের প্রত্যয়ে রূপসা উপজেলা পরিষদ কর্তৃক এই প্রকাশনা সময়ের চাহিদা পূরণ করে এলাকার উন্নয়নে যথেষ্ট ভূমিকা রাখবে বলে আমি আশাবাদী।

**মো. ইকবাল হোসেন**
উপ পরিচালক (উপ সচিব) স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।



## মুখবন্ধ

উন্নয়ন একটি চলমান প্রক্রিয়া। বাস্তবসম্মত পরিকল্পনা প্রণয়ন, সংগঠন, মনিটরিং, মুল্যায়ন প্রভৃতি ধাপগুলিতে যোগ্য নেতৃত্ব ও গণমানুষের সম্পৃক্ততা উন্নয়নের পূর্বশর্ত । বহু চড়াই-উৎরাই পেরিয়ে উপজেলা পরিষদ স্থানীয় সরকার পর্যায়ে আজ একটি অবিচ্ছেদ্য ও গুরুত্বপূর্ণ স্থান অর্জন করেছে। স্থানীয় চাহিদা মোতাবেক পরিকল্পনা বাস্তবায়ন, কর্মসূচি গ্রহণ, টেকসই উন্নয়নের একটি কার্যকর সূচক। সমগ্র কর্মকান্ডে সফলতা রাতারাতি অর্জন সম্ভব নয়। এর জন্য স্টেকহোল্ডারদের মৌলিক প্রশিক্ষণ, নিয়ম-নীতি, কর্মপ্রক্রিয়া, সরকারী কর্মধারা সম্পর্কে ধারণা থাকা অত্যাবশ্যক। উপজেলা পরিষদের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় থাকায় ধীরে ধীরে সংশ্লিষ্ট প্রতিনিধি ও কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি পেয়ে চলেছে- এটা নির্দ্বিধায় বলা যায়।

দাকোপ উপজেলা এ প্রক্রিয়ার বাইরে নয়। বিভাগীয় জেলা শহরের নিকটতম উপজেলা হিসেবে এ অঞ্চলের মানুষের উন্নয়ন স্পৃহা তুলনামূলকভাবে বেশী। আমরাও তাদের চাহিদা পূরণে সচেষ্ট। তাই আগামীর কর্মপন্থা নির্ধারনের ভিত্তি হিসাবে পঞ্চবার্ষিকি পরিকল্পনা (২০১৯-২০২৪) প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে।

এসডিজি ও রূপকল্প -২০২১ বাস্তবায়নে নিরলস শ্রম দিয়ে যাওয়া আমাদের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর সোনার বাংলা গঠনে বদ্ধপরিকর। এ বিশাল কর্মকান্ডে দাকোপবাসীও একাত্ম হয়েছে। তাই গুরুত্বপূর্ণ এ প্রতিবেদনটি প্রণয়নে মাননীয় জাতীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, উপজেলার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণ, পরামর্শ ও সহযোগিতা দিয়ে গেছেন সকলের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।

মুনসুর আলী খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
দাকোপ, খুলনা।



# বাণী

দূর্যোগপ্রবণ এলাকাখ্যাত দাকোপ উপজেলা। উন্নয়নের পথে ক্রমশ ধাবমান হচ্ছে। চলমান উন্নয়ন প্রক্রিয়ায় একটি জাতি-গোষ্ঠির নিজস্ব স্বকীয়তা এবং থাকা বাঞ্ছনীয়। এই প্রচেষ্টা হতে হবে সুসংবদ্ধ, সুপরিকল্পিত ও ধারাবাহিক। এর জন্য অবশ্যই সংশ্লিষ্ট ব্যক্তি,  প্রতিষ্ঠান গোষ্ঠি বা জাতির সম্পদ, সুযোগ -সুবিধা, দক্ষতা, জনবল, সম্ভবনা, দুর্বলতা, চাহিদা প্রভৃতি নানা বিষয়ে সঠিকভাবে মূল্যায়ন করতে হবে। এ মূল্যায়নের লক্ষ্যেই ২০১৯-২০২৪ অর্থবছরের জন্য পঞ্চবার্ষিকি পরিকল্পনা প্রতিবেদন তৈরীর উদ্যোগ নেওয়া হয়েছে। এ উদ্যোগ যারা গ্রহণ করেছেন এবং প্রতিবদনটি সুন্দরভাবে প্রস্তুতের জন্য যারা শ্রম দিয়েছেন, তাদের সকলকে জানাই আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

এই পঞ্চবার্ষিকি পরিকল্পনা দাকোপ উপজেলা পরিষদের আগামীর স্বপ্ন বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখবে বলে আমি মনে করি। কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্পের এই উদ্যোগ ভবিষ্যৎ উন্নত দাকোপ উপজেলা প্রণয়নের জন্য মাইলফলক হিসেবে যথাযথ ভুমিকা রাখবে বলে আমি আশা করছি

**গৌড়পদ বাছাড়**
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।



# বাণী

উপজেলা পরিষদ উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়নের আঁতুড় ঘর। স্থানীয় জনগনের চাহিদা, স্বপ্ন ও দাবী পূরনের কেন্দ্র বিন্দুতে পরিণত হয়েছে উপজেলা পরিষদ। সরকারের ঐকান্তিক সদিচ্ছা, আইন-কানুন ও তৎপরতা উপজেলা পরিষদ তথা স্থানীয় সরকার ব্যবস্থাকে দিনে দিনে শক্তিশালী করে তুলছে । দেশের উন্নয়ন কর্মসূচিতে যথাযথ অবদান রাখার জন্য নারীদের অংশগ্রহনের সুযোগ সহজ করা হয়েছে। স্থানীয় নারীসমাজের চাহিদা অনুয়ায়ী কর্মসূচী উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভূক্ত করার সুযোগ রয়েছে। সমগ্র কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখা, ত্রুটি সংশোধন, মনিটরিং, অধিক কার্যকর কর্মসূচী গ্রহণ, সঠিক মূল্যায়ন প্রভৃতির জন্য রেকর্ড সংরক্ষণ অত্যাবশ্যক। ২০১৯-২৪ অর্থ বছরের কার্যক্রমের যে প্রতিবেদন প্রস্তুতের উদ্যোগ নেওয়া হয়েছে, তার মাধ্যমে উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রমসমূহের তথ্য সর্বসাধারণের নিকট উন্মুক্ত করার সুযোগ সৃষ্টি হয়েছে। অবাধ তথ্য প্রবাহের সুযোগ সৃষ্টিতে এ ধরনের উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমি সর্বান্তঃকরণে এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, কর্মকর্তা-কর্মচারীগণকে আন্তরিক শুভেচ্ছা ও সাধুবাদ জানাই। এর মাধ্যমে উপজেলা পরিষদের আগামীর উন্নয়ন পরিকল্পনা ও কর্মসূচী রূপসাবাসীর স্বপ্ন পূরণে যথাযথ ভুমিকা রাখবে বলে আমি মনে করি।

**খাদিজা আক্তার**
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ দাকোপ, খুলনা।



## সম্পাদকীয়

উপজেলা পরিষদ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের একটি গুরুত্বপূর্ণ স্তর। মাঠ পর্যায়ে জাতীয় পরিকল্পনা বাস্তবায়নে নির্বাচিত জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তা কর্মচারীর সমন্বয়ে গঠিত উপজেলা পরিষদের রয়েছে বিশেষ ভূমিকা। মূলত: এ লক্ষ্যকে সামনে রেখেই দেশের সামগ্রিক উন্নয়নে উপজেলা পরিষদ (রহিত পূণ:প্রচলন ও সংশোধন) আইন, ১৯৯৮ (২০০৯ ও ২০১১ সালে সংশোধিত) এর ৪২ ধারায় পাঁচসালা পরিকল্পনাসহ বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত ও অংশগ্রহণের ভিত্তিতে জাতীয় পরিকল্পনার নিরিখে স্থানীয় তথা উপজেলা ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হলে তা বাস্তসম্মত ও অধিকতর জনকল্যাণকর হয়। এর ফলে কাজের ক্ষেত্রে যেমন স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা হয় তেমনি স্থানীয় সরকারের মাধ্যমে জাতীয় সরকারের রূপকল্প-২০২১ ও সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহ অর্জনে উপজেলা পরিষদ অবদান রাখতে পারে।

উপজেলা নির্বাহি অফিসার হিসেবে দাকোপ উপজেলা পরিষদের দায়িত্বভার গ্রহন করার পর প্রথমবারের মতো কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্পের কারিগরি ও আর্থিক সহযোগিতায় দাকোপ উপজেলা পরিষদের জন্য পঞ্চবার্ষিকি পরিকল্পনা বই প্রকাশ হতে যাচ্ছে। ২০১৯-২০২৪ পঞ্চবার্ষিক পরিকল্পনা কার্যক্রমের এই গুরুত্বপূর্ণ দলিলটি প্রণয়নে  মাননীয় জাতীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত শ্রম, প্রয়াস ও পরামর্শগুলিকে আন্তরিকতা ও কৃতজ্ঞচিত্তে গ্রহণ, মূল্যায়ন ও বিবেচনা করার প্রয়াস পেয়েছি। সকলের সমন্বিত প্রচেষ্টার ফলেই আমরা আজ এ প্রতিবেদনটি  প্রস্তুত করতে সক্ষম হয়েছি। আগামীতে  এ সমন্বিত প্রয়াস অব্যাহত থাকবে-এ বিষয়ে দৃঢ় প্রত্যাশা রইল।

উপজেলা পরিষদের সকল সদস্য, ইউপি সচিব, উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ, উপজেলা পরিষদের সকল দপ্তর, উপ-পরিচালক স্থানীয় সরকার, খুলনা ও কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্পের ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেরসহ সংশিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টায় এই বই প্রকাশ সম্ভব হয়েছে। আমরা সকলের নিকট আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ।

**মিন্টু বিশ্বাস**
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।

| সূচিপত্র | পৃষ্ঠা |
|---|---|
| **প্রথম অধ্যায়: প্রারম্ভিকা** | |
| নামকরণ | ১ |
| দাকোপর নৃতাত্ত্বিক পরিচয় | ১ |
| আয়তন ও অবস্থান | ১ |
| পঞ্চবার্ষিকি পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া ও কৌশল | ২ |
| উপজেলা পরিষদ এর সংক্ষিপ্ত ইতিহাস | ২ |
| এক নজরে দাকোপ উপজেলার মৌলিক তথ্যাদি | ৪ |
| উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহি অফিসার ভাইস চেয়ারম্যানগণের ছবি ও পরিচিতি | ৬ |
| উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তর প্রধানগণের পরিচিতি | ৭ |
| উপজেলা হস্তান্তরিত বিভাগসমূহের পরিকল্পনা | ৯ |
| **দ্বিতীয় অধ্যায়: বিভাগভিত্তিক পঞ্চবার্ষিক পরিকল্পনার রূপরেখা** | |
| প্রকৌশল বিভাগ (এলজিইডি) | ১০ |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগ | ১৭ |
| উপজেলা মৎস্য দপ্তর। | ১৯ |
| উপজেলা সমাজ সেবা কার্যালয় | ২১ |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | ২৪ |
| উপজেলা শিক্ষা অফিস | ২৭ |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ৩৩ |
| উপজেলা কৃষি অফিস | ৩৪ |
| উপজেলা বনবিভাগ | ৩৬ |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | ৩৬ |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | ৩৭ |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | ৩৯ |
| উপজেলা সমবায় কার্যালয় | ৩৯ |
| উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | ৪১ |
| **তৃতীয় অধ্যায়: স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাধারণ তথ্যঃ** | |
| চালনা পৌরসভা | ৪১ |
| পানখালী ইউনিয়ন | ৪৩ |
| দাকোপ ইউনিয়ন | ৪৪ |
| লাউডোব ইউনিয়ন | ৪৪ |
| কৈলাশগঞ্জ ইউনিয়ন | ৪৭ |
| সুতারখালী ইউনিয়ন | ৪৮ |
| কামারখোলা ইউনিয়ন | ৪৯ |
| বাণীশান্তা ইউনিয়ন | ৫১ |
| **চতুর্থ অধ্যায়: সংযুক্তি** | |
| হস্তান্তরিত বিভাগসমূহের দায়িত্ব কতর্ব্য | ৫২ |

# প্রথম অধ্যায়: প্রারম্ভিকা

পরিকল্পনা বলতে লক্ষ্য অর্জনের জন্য কর্ম পদ্ধতিকে বুঝায়। একটি সচেতন ও পদ্ধতিগত প্রচেষ্টা যা নির্দিষ্ট সময়ের মধ্যে দেশে বিবিধ সম্পদকে সুবিবেচিত ও সুস্পষ্টভাবে কাজে লাগিয়ে চাহিদা মাফিক লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন করে। মূল কথা হল পরিকল্পনা বলতে বর্তমান ও ভবিষ্যত অর্থনৈতিক কর্মকান্ডের মধ্যে সেতু বন্ধন সৃষ্টি করাকে বুঝায়। দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন করা হয় পরিকল্পনার অন্যতম প্রধান বিষয় বস্তুর একটি হচ্ছে সম্পদের দক্ষ ব্যবহার। আধুনিক যুগে অর্থনৈতিক নীতি বিশেষত উন্নয়নের জন্য পরিকল্পা প্রণয়ন করা রাষ্ট্রীয় কর্মকান্ডের একটি অবিচ্ছেদ্য অংশে পরিণত হয়েছে। সময়োপযোগী ও বাস্তবসম্মত পরিকল্পনা ছাড়া কোন জাতি, দেশ বা সমাজ তার কাঙ্খিত লক্ষ্যের দিকে অগ্রসর হতে পারে না। ২০০৯ সালের উপজেলা পরিষদ আইনেও এই সংক্রান্ত বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে। সেখানে পঞ্চবার্ষিকী পরিকল্পনাসহ বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন করার বিধান উল্লিখিত রয়েছে। দেশের সর্বোচ্চ পর্যায়ে গৃহীত উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা ও কর্মসূচীকে সামনে রেখে স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হয়। জাতীয়ভাবে স্থিরীকৃত লক্ষ্যসমূহের সাথে স্থানীয় চাহিদা ও পরিকল্পনাগুলিকে সমন্বিত করা হয়। এলাকার খাতভিত্তিক সমস্যাগুলি চিহ্নিতকরণ, গুরুত্ব অনুযায়ী ক্রম নির্ধারণ, চাহিদা নিরুপণ, সম্পদ, সুযোগ ও সামর্থ্যের যথাযথ মূল্যায়ন এবং সমস্যা সমাধানের নিমিত্ত উন্নয়ন পরিকল্পনা ও কর্মসূচী প্রণয়ন করার মধ্যেই দক্ষতার সূচক নিহিত। দাকোপ উপজেলা পরিষদ উপজেলার সামগ্রীক উন্নয়নের লক্ষ্যে উপজেলায় সকল খাতভিত্তিক তথ্য সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন তৈরির প্রয়াস পেয়েছে যা পরবর্তী পর্যায়ের বিভিন্ন মেয়াদী পরিকল্পনা ও কর্মসূচী প্রণয়নে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

### নামকরণ ঃ

দাকোপ উপজেলা সুন্দরবন সংলগ্ন। পূর্বে এই এলাকায় ঝোপ-জংগলে পরিপূর্ণ ছিল। কালক্রমে এই জংগল কেটে আবাদি জমিতে পরিণত করে বসতি স্থাপন শুরু হয়। জনশ্রুতিতে জানা যায় যে, এখানে দা-দিয়ে কুপিয়ে নির্মাণ করা হয়, তাই এখানকার নামকরণ করা হয় দাকুপী। পরবর্তীতে দাকুপী কিঞ্চিৎ সংশোধন হয়ে দাকোপ নামে পরিনত হয়। দাকোপ উপজেলার ঐতিহ্য সুন্দরবন। এই সুন্দরবনের গোলপাতা, কাঠ, মৎস্য ও মধু সংগ্রহ করে হাজার হাজার দাকোপবাসীর জীবিকা নির্বাহ করে। খুলনার সংগে এখানকার মানুষের যাতায়াতের জন্য পসড়ক ব্যবস্থা এবং ঐতিহ্যবাহী সমুদ্র বন্দর মোংলার সংগে নদীপথে যাতায়াত ব্যবস্থা বিদ্যমান।

### দাকোপ এর নৃতাত্ত্বিক পরিচয় ঃ

বাংলার দক্ষিণাঞ্চলে গাঙ্গেয় উপ-দ্বীপ বলে পরিচিত। একাধিক নদ-নদী সমগ্র স্থলভূমিকে অসংখ্য দ্বীপ-উপদ্বীপে পরিণত করেছে। নানা প্রাকৃতিক উত্থান-পতন ও জোয়ার-ভাটায় নদী ভেঙেছে, চর পড়েছে, প্লাবিত হয়েছে জমি, জেগে উঠেছে নতুন নতুন স্থলভূমি। এ সময় দক্ষিণের এ দ্বীপ অঞ্চলের নাম ছিল চন্দ্রদ্বীপ। এ দ্বীপাঞ্চল আবার নানা ভাগ-উপভাগে বিভক্ত ছিল। চন্দ্রদ্বীপের পূর্ব দিক, বাগেরহাটের অধিকাংশ অঞ্চল, রাঙদ্বীপ (রাংদিয়া) ও মধুদ্বীপ (মধুদিয়া) পর্যন্ত বিস্তৃত ছিল। সমগ্র অঞ্চল ছিল সুন্দরবনের অংশ। প্রাকৃতিক আশ্চর্যের এক অন্যতম লীলা হচ্ছে সুন্দরবন। সুন্দরবনের কিছু অংশ দাকোপ উপজেলায় অবস্থিত। সুন্দরবনের নৈসর্গিক সৌন্দর্য বিশ্ববাসীকে আকর্ষণ করে। ১৯৯৭ সালে ইউনেস্কো সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষনা দেয়। পৃথিবীর দ্বিতীয় শক্তিধর প্রাণী বাঘ, আর বাঘের ভিতর শক্তিতে, সৌন্দর্যে ও রাজকীয় ভাবভঙ্গিতে সুন্দরবনের বাঘই জগৎ বিখ্যাত। এই সুন্দরবন এক রহস্যময় বন। এর নামকরণ নিয়ে আছে নানা মত। তবে সুন্দরী বৃক্ষ সুন্দরবনের প্রধান বৃক্ষ। এই বৃক্ষ থেকে বনের নাম হয়েছে সুন্দরবন। নামের উৎপত্তি সম্পর্কে এই ধারনাটাই প্রাধান্য পেয়েছে। সুন্দরবন বিশ্বের একক সর্ববৃহৎ ম্যানগ্রোভ ফরেষ্ট। এই বনের ভিতর দিয়ে প্রবাহিত হয়েছে ছোট বড় মিলিয়ে ৪৫০টি নদ-নদী ও খাল। উল্লেখযোগ্য নদীর মধ্যে রয়েছে শিবসা, পশুর, বলেশ্বর, রায়মঙ্গল, কয়রা, খোলপেটুয়া প্রভৃতি। সুন্দরী, গেওয়া, বাইন, ধুন্দল ও গোলপাতাসহ এখানে প্রায় ৩৩৪ প্রজাতির বৃক্ষ পাওয়া যায়। সুন্দরবনের আরেক প্রাণী সৌন্দর্য প্রেমীদের দৃষ্টি আকর্ষণ করে তার নাম চিত্রল হরিণ। স্থল সম্পদের পাশাপাশি জলজ সম্পদের সুন্দরবনের খ্যাতি রয়েছে। সুন্দরবনের নদ নদী আর খাল মৎস্যভান্ডার বলে পরিচিত। এ বনকে কেন্দ্র করে গড়ে উঠেছে নানা পেশা। এর ভিতর বাওয়ালী, মৌয়ালী আর জেলে উল্লেখযোগ্য। সুন্দরবনের সৌন্দর্য বড়ই মনোরম।

### আয়তন ও অবস্থান ঃ

দাকোপ উপজেলা খুলনা শহর থেকে ৩৭ কিলোমিটার দক্ষিণে অবস্থিত। অত্র উপজেলায় মোট জমির পরিমাণ ২৮৫৫৭ হেক্টর। স্থায়ী পতিত জমি ৯৭০ হেক্টর, সাময়িক পতিত ৫৯০ হেক্টর, নীট জমির পরিমাণ ২০৪৫০ হেক্টর। এক ফসলী

১৯৭০০ হেক্টর, দো ফসলী ৭৫০ হেক্টর, তিন ফসলী নাই, মোট ফসলী ২১২০০ হেক্টর। ফসলের নিবিড়তা ১০৩.৬৭%। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনিষ্টিটিউট এর মতে নীট জমির ১৬৩৬ হেক্টর (৮%) উঁচু জমি, ১২২৭০ হেক্টর (৬০%) মাঝারী উঁচু জমি, ৪০৯০ হেক্টর (২০%) মাঝারী নীচু জমি, ২৪৫৪ হেক্টর (১২%) নীচু জমি। আবাদী জমির মধ্যে রোপা আমন ধানের চাষই প্রধান। তবে কিছু জমিতে তিল, আলু, শীতকালীন সবজি, গ্রীষ্মকালীন সবজি ও বিভিন্ন প্রকার ফলের চাষ হয়। মাছ চাষ অত্র উপজেলার একটি বৈশিষ্ট্য। এখানে প্রায় ৪ হাজার হেক্টর জমিতে বাগদা চিংড়ির চাষ হয়। ডিসেম্বর-জানুয়ারী এবং মে-জুন পর্যন্ত নদীর পানিতে লবণাক্ততা থাকে। এই লবণাক্ততা চিংড়ি চাষের উপযোগী বিধায় অধিকাংশ ক্ষেত্রে অনিয়মতান্ত্রিকভাবে চিংড়ি চাষ গড়ে উঠেছে।

### পঞ্চবার্ষিকি পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া ও কৌশল।

পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় বেশ কয়েকগুলো ধাপ অনুসরণ করা হয়েছে। যার মধ্য দিয়ে দাকোপ উপজেলা পরিষদ তথ্য, পরিকল্পনা ও বাজেট বই এর মত একটি পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনা বই প্রণয়ন করতে সক্ষম হয়েছে। স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) আইন, ২০০৯ এর ৪২ নং অনুচ্ছেদে জনঅংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়নের বিধান রয়েছে। সে লক্ষ্যে দাকোপ উপজেলা পরিষদের একটি পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়নের উপর গুরুত্বারোপ করা হয়। জাতীয় পরিকল্পনা একাডেমী এর সহযোগিতায় ইউএনডিপি এর অর্থায়নে দাকোপ উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ ৮ (আট) জন কর্মকর্তাকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়। পরবর্তীতে এর অগ্রগতি বিষয়ে পুনরায় পরিষদের সকল সদস্য এবং কর্মকর্তাকে নিয়ে পর্যালোচনা সভা করা হয়। পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সকল স্থায়ী কমিটির মাধ্যমে হস্তান্তরিত বিভাগ সমূহের তথ্য ও পরিকল্পনা গ্রহণ করা হয় এবং সকল ইউনিয়ন পরিষদ ও অহস্তান্তরিত বিভাগ সমূহের তথ্য ও পরিকল্পনা সংগ্রহ করা হয়। এরপর পরিকল্পনা ও বাজেট কমিটি উল্লেখিত পরিকল্পনা ও তথ্য নিয়ে পরপর কয়েকটি সভার মাধ্যমে একটি খসড়া পরিকল্পনা ও তথ্য বই প্রণয়ন করেন। অত:পর উক্ত খসড়া পরিকল্পনা বইটি পরিষদের বিশেষ সভায় পর্যালোচনা করা হয় এবং কিছু সংশোধনী সাপেক্ষে তা অনুমোদন করা হয়। অতঃপর উক্ত পরিকল্পনা বইয়ের গঠন কাঠামা ও অন্যান্য বিষয়াদি নিয়ে উপজেলা জাইকা এর জাতীয় প্রকল্প পরিচালক সহ ইউএনডিপি এর প্রতিনিধিদের সম্মুখে এটি উপস্থাপন করা হয়। পরিকল্পনা ও তথ্য বইটি তৈরী করতে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় নিম্নে উল্লেখিত ধাপ অনুসরণ করা হয়েছে।

দাকোপ উপজেলার সকল স্তরের জনগণের অংশগ্রহণের মাধ্যমে উপজেলা পরিষদের সকল বিভাগ ও ইউনিয়ন পরিষদকে সাথে নিয়ে এলাকার সার্বিক সমন্বিত টেকসই উন্নয়ন কল্পে, দাকোপ উপজেলার জনগণের প্রয়োজনীয় বাস্তব ভিত্তিক ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়নের পূর্বে সাম্প্রতিক কার্যাবলীর তথ্য ও প্রয়োজনীয় বিশ্লেষণ করতঃ একটি কার্যকর ও উপযোগী পরিকল্পনা গ্রহণ করা। বাংলাদেশের জনগোষ্ঠীর একটি বড় অংশ দারিদ্র্য সীমার নীচে বসবাস করছে। জীবনের মৌলিক সুযোগ-সুবিধায় তাদের প্রবেশাধিকার সীমিত।প্রতিটি উপজেলা পরিষদকে জনগণের ভাগ্যোন্নয়নে খাতভিত্তিক কার্যক্রম নিতে হয়। এর জন্য নিয়মিত কার্যক্রম মনিটরিং, সমন্বয় ও মূল্যায়নঅত্যাবশ্যক। উপজেলা পরিষদের নিয়মিত বার্ষিক প্রতিবেদন তাই অত্যন্ত তাৎপর্যপূর্ণ। উপজেলা পরিষদের বার্ষিক প্রতিবেদনের সুনির্দিষ্ট উদ্দেশ্য নিম্নরূপ ঃ

- জনপ্রতিনিধিদের অংশগ্রহণে এলাকার উন্নয়ন পরিকল্পনার প্রণয়ন ও বাস্তবায়নে মাধ্যমে দাকোপ উপজেলা পরিষদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও পরিষদের দক্ষতা বৃদ্ধি সাধন করা
- আপামর জনগনের চাহিদা মোতাবেক সেবা সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে জাতি গঠনমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে উপজেলা পরিষদের আংশীদারিত্ব সৃষ্টি করা।
- পরিকল্পিত সেবা ও সহযোগিতা প্রদানের মাধ্যমে এলাকার সেচ ব্যবস্থাপনা, নিষ্কাশন, শস্য, প্রাণিসম্পদ, মৎস্য ইত্যাদির উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

## উপজেলা পরিষদ এর সংক্ষিপ্ত ইতিহাস

দাকোপ উপজেলা সুন্দরবন সংলগ্ন। পূর্বে এই এলাকায় ঝোপ-জংগলে পরিপূর্ণ ছিল। কালক্রমে এই জংগল কেটে আবাদি জমিতে পরিণত করে বসতি স্থাপন শুরু হয়। জনশ্রুতিতে জানা যায় যে, এখানে দা-দিয়ে কুপিয়ে নির্মাণ করা হয়, তাই এখানকার নামকরণ করা হয় দাকুপী। পরবর্তীতে দাকুপী কিঞ্চিৎ সংশোধন হয়ে দাকোপ নামে পরিনত হয়। দাকোপ উপজেলার ঐতিহ্য সুন্দরবন। এই সুন্দরবনের গোলপাতা, কাঠ, মৎস্য ও মধু সংগ্রহ করে হাজার হাজার দাকোপ বাসীর জীবিকা নির্বাহ করে। খুলনার সংগে এখানকার মানুষের যাতায়াতের জন্য পসড়ক ব্যবস্থা এবং ঐতিহ্যবাহী সমুদ্র বন্দর মোংলার সংগে নদীপথে যাতায়াত ব্যবস্থা বিদ্যমান।

# INDEX MAP OF POLDER NO - 32

## Upazila-Dacope. District-Khulna.



## এক নজরে দাকোপ উপজেলার মৌলিক তথ্যাদি

প্রাকৃতিক আশ্চর্যের এক অন্যতম লীলা হচ্ছে সুন্দরবন। সুন্দরবনের কিছু অংশ দাকোপ উপজেলায় অবস্থিত। সুন্দরবনের নৈসর্গিক সৌন্দর্য বিশ্ববাসীকে আকর্ষণ করে। ১৯৯৭ সালে ইউনেস্কো সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষনা দেয়। পৃথিবীর দ্বিতীয় শক্তিধর প্রাণী বাঘ, আর বাঘের ভিতর শক্তিতে, সৌন্দর্যে ও রাজকীয় ভাবভঙ্গিতে সুন্দরবনের বাঘই জগৎ বিখ্যাত। এই সুন্দরবন এক রহস্যময় বন। এর নামকরণ নিয়ে আছে নানা মত। তবে সুন্দরী বৃক্ষ সুন্দরবনের প্রধান বৃক্ষ। এই বৃক্ষ থেকে বনের নাম হয়েছে সুন্দরবন। নামের উৎপত্তি সম্পর্কে এই ধারনাটাই প্রাধান্য পেয়েছে। সুন্দরবন বিশ্বের একক সর্ববৃহৎ ম্যানগ্রোভ ফরেষ্ট। এই বনের ভিতর দিয়ে প্রবাহিত হয়েছে ছোট বড় মিলিয়ে ৪৫০টি নদ-নদী ও খাল। উল্লেখযোগ্য নদীর মধ্যে রয়েছে শিবসা, পশুর, বলেশ্বর, রায়মঙ্গল, কয়রা, খোলপেটুয়া প্রভৃতি। সুন্দরী, গেওয়া, বাইন, ধুন্দল ও গোলপাতাসহ এখানে প্রায় ৩৩৪ প্রজাতির বৃক্ষ পাওয়া যায়। সুন্দরবনের আরেক প্রাণী সৌন্দর্য প্রেমীদের দৃষ্টি আকর্ষণ করে তার নাম চিত্রল হরিণ। স্থল সম্পদের পাশাপাশি জলজ সম্পদের সুন্দরবনের খ্যাতি রয়েছে। সুন্দরবনের নদ নদী আর খাল মৎস্যভান্ডার বলে পরিচিত। এ বনকে কেন্দ্র করে গড়ে উঠেছে নানা পেশা। এর ভিতর বাওয়ালী, মৌয়ালী আর জেলে উল্লেখযোগ্য। সুন্দরবনের সৌন্দর্য বড়ই মনোরম।

### সাধারণ তথ্য ঃ

১) আয়তন (সুন্দরবনসহ) ঃ ৯৯১.৫৭ বর্গ কিঃমিঃ

২) আয়তন (সুন্দরবন ব্যতীত) ঃ ২৮৫.৫৭ বর্গ কিঃমিঃ
মোট বনভূমি ঃ ১,৩১,০১১.৭১ একর
রিজার্ভ ফরেস্ট ঃ ১,৩০,৬১৮.৭১ একর

৩) জনসংখ্যা ঃ ১,৫৮,৩০৯ জন (আদমশুমারী ২০১১)
পুরুষ ঃ ৭৯,২১২ জন।
মহিলা ঃ ৭৯.০১৭ জন।
মুসলিম ঃ ৪১.৮০ %
হিন্দু ঃ ৫৬.৩৫ %
খ্রীস্টান ঃ ১.৭৪%
অন্যান্য ঃ ০.১১%

৪) ইউনিয়ন পরিষদ ঃ ০৯ টি

৫) মৌজা ঃ ২৫ টি।

৬) গ্রাম ঃ ১০৬টি

৭) জনসংখ্যার ঘনত্ব ঃ ৫৩৩ জন (প্রতি বর্গ কিঃমিঃ)
(সুন্দরবন ব্যাতীত)

৮) মোট ভোটার ঃ ১,১০,৫৪০ জন
পুরুষঃ ৬৫,৪১৮ জন।
মহিলাঃ ৫৫,১২২ জন।

৯) ভোট কেন্দ্র ঃ ১২০ টি।

১০) পৌরসভা ঃ ০১ টি।

১১) পৌর সভার ভোটার সংখ্যা ঃ ১২৪২০ জন।

১২) পোল্ডার ঃ ০৩ টি।

১৩) বেড়ীবাধ ঃ ৫৪৭ টি।

১৪) স্যুইচ গেট ঃ ৫০ টি।

১৫) বাণিজ্যিক ব্যাংকঃ ০৭ টি।

১৬) আনসার ভিডিপি সদস্য/ সদস্যাঃ ৩,৮৪৪ জন।

১৭) পোস্ট অফিস ঃ ১৭ টি।

১৮) টেলিফোন অফিস ঃ ০১ টি।

১৯) বিদ্যুৎ অফিস ঃ ০১টি।

২০) খাদ্য গুদাম ঃ ০১ টি।

২১) এনজিওঃ ৪৬ টি।

২২) মসজিদ ঃ ১১৯ টি।

২৩) মন্দির ঃ ২৩৭ টি।২৪) গীর্জা ঃ ০৩ টি।

২৫) ঈদগাহ ঃ ৪২ টি।

২৬) থানা ঃ ০১ টি।

২৭) পুলিশ ফাড়ি ঃ ০৪ টি।

২৮) কমিউনিটি পুলিশ কেন্দ্র ঃ ০৯ টি।

২৯) লঞ্চ ঘাট ঃ ০৬ টি।

৩০) করাত কল ঃ ১২ টি।

৩১) সাইক্লোন সেন্টার ঃ৮০ টি।

৩২) কাজী অফিস ঃ ১০ টি।

৩৩) ইউনিয়ন তথ্য কেন্দ্র ঃ ০৯ টি।

৩৪) গ্রাম পুলিশের সংখ্যা ঃ ৮৯ জন।

৩৫) চৌকিদারঃ ৮০ জন।

৩৬) দফাদার ঃ ০৯ জন।

৩৭) ফরেস্ট রেঞ্জ অফিস ঃ ০৩ টি।

৩৮) নদী বন্দর ঃ ০১ টি।

৩৯) ইটের ভাটা ঃ ০১ টি।

৪০) দারিদ্রের হার ঃ ৪০%।

৪১) নিষিদ্ধ পল্লি ঃ ০১ টি।

যোগাযোগ ব্যবস্থা সংক্রান্ত তথ্যাবলী ঃ

মোট রাস্তা ঃ ৮৪৬ কি.মি.

ক) পাকা রাস্তা ঃ ৪৪০ কিঃমিঃ।

খ) ইটের সোলিং এইচ বি রাস্তা ঃ ১১০ কিঃ মিঃ

গ) কাঁচা রাস্তা ঃ ২৯৫ কিঃ মিঃ

ঘ) রিজিট পেভমেন্ট ঃ ০১ কি.মি.

ঙ) ব্রীজ/কালভার্ট ঃ ৬৮৭ টি (স্প্যান ঃ ১৯৩৭ মিটার)

চ) উপজেলা সড়ক ঃ ১৪টি, দৈর্ঘ্য-১৬০.৪৮ কি.মি.

ছ) ইউনিয়ন সড়ক ঃ ১৮টি, দৈর্ঘ্য-৭৯.০৪ কি.মি.

জ) গ্রাম সড়ক ঃ ৪০টি, দৈর্ঘ্য-১৯২.১৩ কি.মি. ই-২০৯টি, দৈর্ঘ্য-৪২৪.২৫ কি.মি.

ঝ) নদী ঃ ০৮ টি।

ঞ) নদীপথের দৈর্ঘ্য ঃ ১০৬ কিঃমিঃ প্রায়

ট) জেলা সদরের সহিত যোগাযোগ ব্যবস্থা ঃ সড়ক ও নৌপথ।

দাকোপ উপজেলার আয়তন সুন্দরবনসহ ৯৯১.৫৭ বর্গ কিঃমিঃ এবং সুন্দরবন ব্যতীত আয়তন ২৮৫.৫৭ বর্গ কিঃমিঃ। দাকোপ উগজেলায় মোট ইউনিয়নের সংখ্যা ৯টি, মৌজা ২৫টি এবং গ্রাম ১০৬টি। মোট জনসংখ্যা- ১,৫৮,৩০৯ জন, পুরুষ ৭৯,২৯২ এবং মহিলা ঃ ৭৯০১৭। জনসংখ্যার ঘনত্ব ঃ ৫৩৩ জন (প্রতি বর্গ কিঃমিঃ) সুন্দরবন ব্যতীত)। মোট বনভূমি ১,৩১,০১১.৭১ একর এবং রিজার্ভ ফরেস্ট ঃ ১,৩০,৬১৮.৭১ একর। দাকোপ উপজেলার উৎপাদিত প্রধান প্রধান পণ্য হচ্ছে ধান, তরমুজ, মিষ্টি কুমড়া, বাঙী, মধু মৎস্য, কাকড়া, চিংড়ি। প্রধান প্রধান নদ নদীর মধ্যে রয়েছে পশুর, চুনকুড়ি, শিবসা, ভদ্রা, ঝপঝপিয়া, ঢাকি। দাকোপ উপজেলার অন্যতম দর্শনীয় স্থানগুলোর মধ্যে সুন্দরবন, করমজল, হিরণ পয়েন্ট, গাজী ফিস, মাসুম শ্রিম্প হ্যাচারী, রেড ষ্টার হ্যাচারী, চালনা মেরিন প্রোডাক্টস, উপজেলা বোটানিক্যাল গার্ডে উল্লেখযোগ্য।

তথ্য দাকোপ উপজেলা পরিষদ, জুন ২০২০

## উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহি অফিসার ভাইস চেয়ারম্যানগণের ছবি ও পরিচিতি



**মুনসুর আলি খান**

চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা
মোবাইল : ০১৯১৬- ১০৫১২৬



**মিন্টু বিশ্বাস**

উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা
মোবাইল : ০১৭১০- ৫৫৯৪২৪



**গৌরপদ বাছাড়**

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
দাকোপ, খুলনা
মোবাইল : ০১৭৩১- ১৪১০৩৪



**খাদিজা আকতার**

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা
মোবাইল : ০১৭১৬- ৬৭৮৮৯৪

## উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তর প্রধানগণের পরিচিতি

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল নং | টেলিফোন নং | ই-মেইল |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মিন্টু বিশ্বাস<br>উপজেলা নির্বাহী অফিসার | ০১৭৫৬১৪৯৫৯৭ | ০৪০২৩-৫৬১০১(অঃ)<br>০৪০২৩-৫৬১০২(বাঃ) | unodacope@mopa.gov.bd |
| ০২ | ডাঃ মোঃ মোজাম্মেল হক<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার | ০১৭১১-১৩১৪৭২ | ০৪০২৩-৫৬০০৪ | dacope@uhfpo.dohs.gov.bd |
| ০৩ | মো: সেলিম সুলতান<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার | ০১৭১৯-১৩৯৩৮৪ | ০৪০২৩-৫৬০৭৮ | mamun dof@gmail.com |
| ০৪ | কৃষিবিদ মোঃ মেহেদী হাসান খান<br>উপজেলা কৃষি কর্মকর্তা | ০১৭৩৯-৫৭৫২২৫ | ০৪০২৩-৫৬০০৫ | uaodacope@gmail.com |
| ০৫ | ডাঃ পরিতোষ রায়<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | ০১৭১২-৯৮৪০৫০ | ০৪০২৩-৫৬০৫৮ | royparitosh164@gmail.com |
| ০৬ | জনাব ননী গোপাল দাস<br>উপজেলা প্রকৌশলী | ০১৭৪৫-৫৫০৮৮৬ | ০৪০২৩-৫৬০৪৪ | uedacope@lged.gov.bd |
| ০৭ | জনাব নিপা রায়<br>মেডিকেল অফিসার<br>উপজেলা পরিবার পরিঃ অফিসার (অতিঃ দায়িত্ব) | | ০৪০২৩-৫৬০৫৯ | dr.niparoy17@gmail.com |
| ০৮ | জনাব প্রবীর রায়<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | ০১৭১৬-০৫৩৬৮৬ | ০৪০২৩-৫৬০২৭ | proborhdsh@gmail.com |
| ০৯ | জনাব মোঃ সোহেল হোসেন<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ০১৭১১-৯৪২৭০০ | ০৪০২৩-৫৬০৬৫ | useodacope20@gmail.com |
| ১০ | জনাব মোঃ অহিদুল ইসলাম<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | ০১৭১৫-১৮২০০৬ | ০৪০২৩-৫৬০৯৩ | ueokdacope@gmail.com |
| ১১ | জনাব সেখ মাহবুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ০১৭১৫-২৩২৫৭৫ | ০৪০২৩-৫৬০২১ | sk.mamahburrhman@gmail .com |
| ১২ | জনাব শেখ আঃ কাদের<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ০১৯১৭-১৭৩০৬৯ | ০৪০২৩-৫৬০৬২ | piodacope@gmail.com |
| ১৩ | জনাব সুরাইয়া সিদ্দিকা<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১৭১১-৪৫০১৪৮ | ০৪০২৩-৫৬০৬১ | suraiyafiroz@gmail.com |
| ১৭ | জনাব জয়ন্ত মন্ডল<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | ০১৭১৯ ৫০৩৪২০ | - | jayantakuetce@gmail.com |
| ১৫ | জনাব রুবাইয়াত আল আজাদ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ০১৭২০-০০৪১১৭ | ০৪০২৩-৫৬০২৮ | irsppwdacope@gmail.com |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | জনাব প্রনয় রঞ্জন মন্ডল<br>উপজেলা সমবায় কর্মকর্তা, দাকোপ | ০১৭১৫-২৭১৮৮০ | ০৪০২৩-৫৬০৭৯ | ucodacopkhulna@gmail.com |
| ১৭ | জনাব মো: শোয়ায়ুব খান, উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দাকোপ | ০১৭২২-৩০৯১৮১ | | |
| **উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তরের দপ্তর প্রধানের নাম, পদবী ও মোবাইল নম্বর** | | | | |
| ০১ | জনাব মো: মর্তুজা খাঁন<br>সহকারি কমিশনার(ভূমি), দাকোপ | ০১৭৮৭ ২৮৯৪৭৩ | ০৪০২৩-৫৬০৫৩ | acldacope@gmail.com |
| ০২ | জনাব শেখ সেকেন্দার আলী অফিসার ইন চার্জ, দাকোপ থানা, খুলনা। | ০১৭১৩-৩৭৪১১০ | ০৪০২৩-৫৬০৩২ | dakopthana@gmail.com |
| ০৩ | জনাব শেখ শহিদুল ইসলাম<br>উপজেলা হিসাব রক্ষণ অফিসার | ০১৯১৪-১১৪৫২২ | ০৪০২৩-৫৬৪১৬ | uaodacopekhulna@gmail.com |
| ০৪ | জনাব মো: রাজবুল আহমেদ<br>সহকারী প্রোগ্রামার, আইসিটি | ০১৭২৪-১৬০২৯৯ | - | raz.doict@gmail.com |
| ০৫ | জনাব সুজিত কুমার মুখার্জী<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ০১৭১৮-৭৭৩২৩১ | ০৪০২৩-৫৬০২২ | sujitucf @gmail.com |
| ০৬ | জনাব গোবিন্দ সরকার<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, চালনা খাদ্য গুদাম | ০১৭২৪-৮৪৮৩৯০ | | |
| ০৭ | জনাব মোঃ নজিবুর রহমান<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | ০১৭২০-৫৮৬৩০৪ | - | nazibins@gmail.com |
| ০৮ | জনাব গোষ্ট কুমার দাস<br>উপজেলা পরিসংখ্যান অফিসার | ০১৯২৯-১৮৫২২৫ | ০৪০২৩-৫৬৩৯৯ | usodacope17@gmail.com |
| ০৯ | জনাব জাহানারা খাতুন<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার | ০১৭১৮-৭৪৮৬৮৫ | ০৪০২৩-৫৬০৩০ | ansardacope20@gmail.cm |
| ১০ | জনাব রুদ্র কিশোর মল্লিক<br>উপজেলা পল্লীদারিদ্র বিমোচন কর্মকর্তা, দাকোপ | ০১৭১৮-৬৩২৩৭৩ | ০৪০২৩-৫৬৩৯৭ | pdbfkhul.dac@gmail.com |
| ১১ | জনাব মনীষ রায়, সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার ও পল্লীসঞ্চয় ব্যাংক | ০১৯১১-০৬৪০৪৮ | | |

## উপজেলা হস্তান্তরিত বিভাগসমূহের পরিকল্পনা

দাকোপ উপজেলার আয়তন সুন্দরবনসহ ৯৯১.৫৭ বর্গ কি:মি: এবং সুন্দরবন ব্যতীত আয়তন ২৮৫.৫৭ বর্গ কি:মি:। দাকোপ উগজেলায় মোট ইউনিয়নের সংখ্যা ৯টি, মৌজা ২৫টি এবং গ্রাম ১০৬টি। মোট জনসংখ্যা- ১,৫৮,৩০৯ জন, পুরুষ : ৭৯,২৯২ এবং মহিলা : ৭৯০১৭। জনসংখ্যার ঘনত্ব : ৫৩৩ জন (প্রতি বর্গ কি:মি:) সুন্দরবন ব্যতীত)। মোট বনভূমি ১,৩১,০১১.৭১ একর এবং রিজার্ভ ফরেস্ট : ১,৩০,৬১৮.৭১ একর। দাকোপ উপজেলার উৎপাদিত প্রধান প্রধান পণ্য হচ্ছে ধান, তরমুজ, মিষ্টি কুমড়া, বাঙী, মধু মৎস্য, কাকড়া, চিংড়ি। প্রধান প্রধান নদ নদীর মধ্যে রয়েছে পশুর, চুনকুড়ি, শিবসা, ভদ্রা, ঝপঝপিয়া, ঢাকি। দাকোপ উপজেলার অন্যতম দর্শনীয় স্থানগুলোর মধ্যে সুন্দরবন, করমজল, হিরণ পয়েন্ট, গাজী ফিস, মাসুম শ্রিম্প হ্যাচারী, রেড ষ্টার হ্যাচারী, চালনা মেরিন প্রোডাক্টস, উপজেলা বোটানিক্যাল গার্ডে উল্লেখযোগ্য।

## হস্তান্তরিত বিভাগসমূহের তথ্য:

১. উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি)
২. উপজেলা স্বাস্থ্য বিভাগ
৩. উপজেলা পরিবার পরিকল্পনা
৪. উপজেলা মৎস্য বিভাগ
৫. উপজেলা সমাজকল্যাণ বিভাগ
৬. উপজেলা যুব উন্নয়ন বিভাগ
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা
৮. উপজেলা প্রাথমিক শিক্ষা
৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস
১০. উপজেলা কৃষি অফিস
১১. উপজেলা বন অফিস
১২. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৩. উপজেলা মহিলা বিষয়ক
১৪. উপজেলা পল্লী উন্নয়ন অফিস
১৫. উপজেলা সমবায় অফিস
১৬. উপজেলা প্রাণীসম্পদ অফিস

সকল বিভাগসমূহের সাথে কর্মশালার মাধ্যমে প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্য কর্মশালা অনুষ্ঠানের মধ্য দিয়ে পরিষদের সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ দক্ষ ও যোগ্য সরকারী ও বেসরকারী কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের নিয়ে একটি পরিকল্পনা সমন্বয় কমিটি গঠন করা হয়েছে।

পরিকল্পনা সমন্বয় কমিটিতে সম্পদের উৎস্য এবং অর্থ প্রবাহ পর্যালোচনা হয়েছে। পরবর্তীতে এই কমিটি সংশিণ্টষ্ট স্থায় কমিটির পরামর্শ নিয়ে একটি সম্পদের চিত্র তৈরী করে পরিষদে খসড়া সমন্বিত পরিকল্পনা তৈরী করতে সহায়তা করেছে এবং বাজেট তৈরীতে সহয়তা করবে।

উপজেলা পরিষদ ষ্ট্যান্ডিং কমিটিকে সক্রিয় ও সরকারী জনবলকে দায়িত্বশীল করে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা নিরুপণ করা হয়েছে।

পরিকল্পনা কমিটি খসড়া পরিকল্পনাটি নিয়ে পুনরায় আলোচনা করে উপজেলা পরিষদের সদস্য, সরকারী, বেসরকারী ও আর্থিক প্রতিষ্ঠানে কর্মকর্তাদের আহবান করা হয়েছে। সভায় অংশগ্রহণকারীদের মতামত শুনে সর্বশেষ উপজেলা পরিষদ পরিকল্পনাটি চূড়ান্ত অনুমোদন প্রদান করেন।

## দ্বিতীয় অধ্যায়: হস্তান্তরিত দপ্তরসমূহের পঞ্চবার্ষিক পরিকল্পনা

### উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি)

অবকাঠামো ও যোগাযোগ অর্থনৈতিক উন্নয়নের সূচনা এবং স্থায়ীত্বের পূর্বশর্ত হচ্ছে একটি সুন্দর ও টেকসই যোগাযোগ ব্যবস্থা। সুন্দর যোগাযোগ ব্যবস্থা অর্থনৈতিক সুবিধা এবং প্রতিযোগিতা বৃদ্ধি করে, ব্যয়- হ্রাস করে, রপ্তানি বৃদ্ধি করে। সরকার পরিবহন নেটওয়ার্ক উন্নোয়নে বিভিন্ন প্রকার পদক্ষেপ গ্রহণ করে তা বাস্তবায়ন করছে। বাংলাদেশ সড়ক ও সড়ক পরিবহন বিভিন্ন কারণে যেমনঃ  গতি, নমনীয়তা এবং বাজার গম্যতার কারণে, পরিবহন ব্যবস্থার প্রধান উপায়ে পরিনত হয়েছে। বাংলাদেশের সড়ক নেটওয়ার্ক গঠিত হয়েছে জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক, থানা সংযোগ সড়ক, প্রবৃদ্ধি কেন্দ্র সংযোগ সড়ক, ইউনিয়ন সংযোগ সড়ক এবং গ্রামীণ সড়ক এর সমন্বয়ে বার্ষিক পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে বর্তমান অবকাঠামোসমূহ ব্যবহার উপযোগী রাখার জন্য প্রয়োজনীয় মেরামত ও সংস্কার এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য নতুন অবকাঠামো তৈরী। দাকোপ উপজেলায় মোট রাস্তার দৈর্ঘ্য ৮৪৫.৯ কিঃ মিঃ যেখানে পাকা রাস্তা রয়েছে  ৩৮.৮কিঃমিঃ উক্ত উপজেলায় ১৯৩৭.২ স্প্যান (মিটার) কালভার্টা ব্রীজ রয়েছে।

**উপজেলা এলাকায় অবকাঠামো বিষয়ক প্রধান সমস্যা?**

- প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণে পর্যাপ্ত সম্পদের অভাব;
- শিক্ষা পতিষ্ঠানের সীমানা পাচীর ও রক্ষণাবেক্ষণ প্রয়োজন;
- উপজেলার রাস্তা পাকাকরণসহ সংস্কার করা প্রয়োজন;
- পানি নিষ্কাশন, সেচ ও বন্যা থেকে ফসল রক্ষার জন্য পর্যাপ্ত বাধ, কালভার্ট ও ড্রেন তৈরী করা প্রয়োজন;
- করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে হাত ধোয়ার জন্য জনসমাগম স্থানে পর্যাপ্ত পানির কলের অভাব;
- উপজেলার অসহায়-দরিদ্র জনগোষ্ঠির জন্য গৃহ নির্মাণ করা প্রয়োজন ইত্যাদি।

**উপজেলার অবকাঠামো বিষয়ক তথ্যাদি ঃ**

| বিবরণ | রাস্তা | মোট দৈর্ঘ্য | পাকা রাস্তা | এইচবি রাস্তা | কাচাঁ রাস্তা | ব্রীজ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | সংখ্যা | স্প্যান |
| উপজেলা সড়ক | ১০ | ১২০.৫০ | ২৫.৫০ | ৭৫.১০ | ৫০.১৫ | ৩১০ | ৮৩০ |
| ইউনিয়ন সড়ক | ২৫ | ১৭০.০৫ | ১৩.১০ | ৫৫.৫৫ | ৩০.১০ | ২১৮ | ৪২৫ |
| গ্রামীণ সড়ক এ | ৪৮ | ২২০.১০ | ৯.৫৫ | ৬৫.২০ | ১৬০.১৪ | ১৯৮ | ২৫.৬৫ |
| গ্রামীণ সড়ক বি | ২৩০ | ৫১০.০৫ | ১.৭০ | ৩৫.৮০ | ৪০৫.৪৫ | ১৭৫ | ৫১০.০০ |

**২০১৯-২৪ অর্থ বছরে বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তর কর্তৃক দাখিলকৃত এডিপি এর আওতায় বাস্তবায়িতব্য স্কীমের তালিকা ঃ**

| ক্রম | প্রকল্পের নাম | সম্ভাব্য বরাদ্দ |
|---|---|---|
| ০১ | খাটাইল স্বনির্ভর বাঁধ হতে নতুন মাদ্রাসা অভিমুখে ও আলী আবজাল শেখের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ০২ | খাটাইল বিশ্ব মাষ্টারের বাড়ীর সামনে চলমান ইটের রাস্তা হতে বাইন বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ০৩ | পানখালি বাজার হতে ঘোষ বাড়ী ব্রীজ অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ০৪ | লক্ষ্মীখোলা পিচের রাস্তা হতে মাহাবুর শেখের বাড়ী অভিমুখের রাস্তা মেরামত ও আংশিক নতুন রাস্তা নির্মাণ। | ১০০,০০০.০০ |
| ০৫ | মৌখালী  (মোড়ার ডাঙ্গা) হরিপদ মিস্ত্রিও বাড়ী হতে শিরমনির বাড়ী হয়ে খাটাইল ব্রীজ অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |

| | | |
|---|---|---|
| ০৬ | মৌখালী দুলাল ফকিরের বাড়ী হতে কাটাবুনিয়া ব্রীজ অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ০৭ | লক্ষ্মীখোলা গিরিধারী মন্দিরের সামনে ইটের রাস্তা হতে চৌকিদার বাড়ী অভিমুখে ও ওয়াপদা হতে রাস মন্দিও অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৩০০,০০০.০০ |
| ০৮ | পানখালী ইউনিয়ন পরিষদেও উন্নয়ন প্রকল্প | ২০০,০০০.০০ |
| ০৯ | লক্ষ্মীখোলা মন্টু রায়ের বাড়ীর সামনের ইটের রাস্তা হতে তপন সরদারের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১০ | লক্ষ্মীখোলা পিচের রাস্তা হতে আনছারের বাড়ী অভিমুখের রাস্তা মেরামত ও আংশিক নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১১ | পানখালী নতুন বাড়ীর কোনা হতে মহালদার বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১২ | দাকোপ ইউনিয়ন পরিষদের প্রাচীর নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১৩ | সাহেবের আবাদ গ্রামের মনোহর মণ্ডলের বাড়ী হতে ওড়াবুনিয় ব্রীজ পর্যন্ত ইটের রাস্তা সংস্কার। | ২০০,০০০.০০ |
| ১৪ | ৭নং ওয়ার্ডের অরবিন্দু বর্মনের বাড়ী হতে কোমল কয়ালের বাড়ী পর্যন্ত ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১৫ | ৬নং ওয়ার্ডের সিটিবুনিয়া গ্রামের বাইন বাড়ী হতে স্বপন মণ্ডলের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১৬ | শ্বশ্মাণকালী বাজার হতে দক্ষিণ দাকোপ আজিজুল সানার বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১৭ | ২নং ওয়ার্ডের সাহেবের আবাদ বিজয় মোড়লের বাড়ী হতে মানিক মোড়লের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১৮ | লাউডোব বাদামতলা হাইস্কুলের সীমানা প্রাচীর নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ১৯ | লাউডোব ওয়াপদা হতে কয়াল বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ২০ | কালিকাবাটি অমূল্য বিশ্বাসের বাড়ী হতে বাছাড় বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ১০০,০০০.০০ |
| ২১ | খুটাখালী সূর্য্য মণ্ডলের বাড়ী হতে নিমাই মণ্ডলের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ১০০,০০০.০০ |
| ২২ | লাউডোব ইউনিয়নে দরিদ্র পরিবারে গাজী ট্যাংক ও সেলাই মেশিন সরবরাহ। | ৬০০,০০০.০০ |
| ২৩ | হেতালবুনিয়া আজগরের বাড়ীর ইটের রাস্তার মুখ হতে তক্তামরী কালিবাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ২৪ | হরিণটানা নিরাঞ্জন সিং এর বাড়ী হতে বাদশা মিয়ার বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ২৫ | ধোপাদি হেতালবুনিয়া সার্বজনীন শ্বশ্মান মন্দিরের ছাদ নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ২৬ | নলিয়ান ফরেষ্ট, করুনাকান্ত ও হরিমোহন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ। | ২০০,০০০.০০ |
| ২৭ | কালাবগী পণ্ডিতচন্দ্র, ৩৮নং পূর্বকালাবগী ও সুতারখালী বাইনপাড়া প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ। | ২০০,০০০.০০ |
| ২৮ | গুণারী খোকন গাজীর বাড়ী হতে শিশির বৈদ্যেও দোকান ও হালদার বাড়ী অভিমুখে ৬ ফুট চওড়া ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ১,৮০০,০০০.০০ |
| ২৯ | সাতঘরিয়া ব্রীজ হতে শিবনগর গেট অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |

| | | |
|---|---|---|
| ৩০ | ভিটাভাংগা কুড়ি কিষানের গেট হতে ভিটাভাংগা হরিচরন সরকারী প্রাথঃ বিদ্যালয় অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৩১ | রাজনগর কালভার্ট হতে জালিয়াখালী ওয়াপদা রাস্তা ভায়া সুন্দবন মাধ্যমিক বিদ্যালয় অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৩২ | শিবনগর মেম্বর চন্দনা জোয়াদ্দারের বাড়ী হতে সুমনের ক্লোজার অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৩৩ | সাহারাবাদ সুধান্য মণ্ডলের বাড়ী হতে সাহারাবাদ আলম গাজীর বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৩৪ | চান্নির চক মেম্বর সুশাংকর বাছাড়ের বাড়ীর পাশ হতে বক্কর গাজীর বাড়ী হয়ে বৈরাগী বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৩৫ | কামারখোলা ইউনিয়ন পরিষদের স্টীল আলমারী ও ক্যাবিনেট আলমারী ক্রয়। | ২০০,০০০.০০ |
| ৩৬ | কামারখোলা ইউনিয়ন পরিষদের পাশে পাবলিক টয়লেট নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৩৭ | পল্লীমঙ্গল সরঃ প্রাঃ বিদ্যালয় হতে গড়খালী পাকাঘাট রাস্তার অসমাপ্ত অংশে ৬ ফুট চওড়া ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ১০০,০০০.০০ |
| ৩৮ | তিলডাঙ্গা ইউনিয়ন পরিষদের বাউণ্ডারী ওয়াল, কাঁটা তারের বেড়া ও ২টা এসএস গেট নির্মাণ | ৫০০,০০০.০০ |
| ৩৯ | মোজামনগর নতুন গেট হতে পাকাঘাট রাস্তা ও সত্যপীর ফারুক সাহেবের বাড়ী হতে ভুপতি সরকারের বাড়ী পর্যন্ত ইটের সোলিং রাস্তা মেরামত। | ৩০০,০০০.০০ |
| ৪০ | কামিনীবাসিয়া দীনবন্ধুর বাড়ী হতে জগবন্ধুর বাড়ী অভিমুখে ৬ ফুট চওড়া ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪১ | তিলডাঙ্গা চিত্ত রায়ের বাড়ী হতে অরুণ সরদারের বাড়ী অভিমুখে ৬ ফুট চওড়া ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪২ | পশ্চিম কামিনীবাসিয়া কৃষ্ণ সানার বাড়ীর পার্শ্বে বক্স কালভার্ট নির্মাণ। | ৫০,০০০.০০ |
| ৪৩ | রাসখোলা মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ ভরাট। | ৫০,০০০.০০ |
| ৪৪ | তিলডাঙ্গা ইউনিয়ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বাউণ্ডারী ওয়াল নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪৫ | ৪নং ওয়ার্ডেও কামিনীবাসিয়া যগোবন্ধুর বাড়ী হতে নিশানখালী দীরবন্ধুর বাড়ী ভায়া আড়াখালী প্রাঃ বিদ্যাঃ সড়কে নিশিকান্ত মাষ্টারের বাড়ীর নিকট কালভার্ট নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪৬ | ৪নং ওয়ার্ডেও কামিনীবাসিয়া যগোবন্ধুর বাড়ী হতে নিশানখালী দীরবন্ধুর বাড়ী ভায়া আড়াখালী প্রাঃ বিদ্যাঃ সড়কে বিধান মণ্ডলের বাড়ীর নিকট কালভার্ট নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪৫ | বেড়ের খাল দীনবন্ধু সরকারের বাড়ী হতে কাকড়াবুনিয়া অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪৬ | তারাপদ রায়ের বাড়ী হতে কৌশল্যা রায়ের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪৭ | চুনকুড়ি বৈদ্য বাড়ী ব্রীজ হতে হরি বাওয়ালী কালভার্ট পর্যন্ত ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪৮ | ধুতিহারা বিশ্রাম মণ্ডলের বাড়ী হতে বেড়ের খাল অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০,০০০.০০ |
| ৪৯ | পশ্চিম বাজুয়া মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষ সংস্কার। | ২০০,০০০.০০ |
| ৫০ | চুনকুড়ি উদয়ন যুব সংঘের ঘর সংস্কার। | ২০০০০০.০০ |
| ৫১ | ঢাংমারী বিশ্বনাথ সরঃ প্রাথঃ বিদ্যালয় হতে পেটিকাটা গ্রাম অভিমুখে ৬ ফুট চওড়া ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৫২ | খেজুরিয়া বিনাপানি সরঃ প্রাথৎ বিদ্যালয়ের ব্রীজের সামনে হতে পূর্ব পার যজ্ঞ মন্দিরের অভিমুখে ৬ ফুট চওড়া ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |

| | | |
|---|---|---|
| ৫৩ | লাউডোব বানীশান্তা খেয়াঘাটে গণশৌচাগার নির্মাণ। | ২০০০০০ |
| ৫৪ | বানীশান্তা ইউনিয়ন পরিষদের নিজস্ব খাদ্য গুদাম নির্মাণ। | ২০০০০০ |
| ৫৫ | বানীশান্তা পিনাকপানি মাধ্যমিক বিদ্যালয়ের অফিস ও শ্রেণীকক্ষ নির্মাণ। | ২০০০০০ |
| ৫৬ | পেটিকাটা গ্রামের ভবেন ঠাকুরের বাড়ী হতে ভারানিয়া ব্রীজ অভিমুখে ৬ ফুট চওড়া ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৫৭ | চালনা পৌরসভার সার্বজনীন শ্রী শ্রী মহা শ্বশ্মাণ কালি মন্দিও ও মহা শ্বশ্মাণ ঘাট প্রাঙ্গন সংস্কার। | ২০০০০০ |
| ৫৮ | চালনা প্রেস ক্লাব সংস্কার | ২০০০০০ |
| ৫৯ | চালনা পৌরসভার সিগাম রায়ের বাড়ী হতে উৎপল রায়ের বাড়ী পর্যন্ত ইটের সোলিং রাস্তা সংস্কার। | ২০০০০০ |
| ৬০ | খোকন সরদারের মিল থেকে পাকাঘাট অভিমুখে সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৬১ | দাকোপ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসবাবপত্র সরবরাহ | ১৫০০০০ |
| ৬২ | বটবুনিয়া জিসি- মোজামনগর স্কুল বাজার ভায়া কামিনীবাসিয়া বিনাপানি জিপিএস সংযোগ সড়কে মাটি ও বালি ভরাটের কাজ। | ৭০০০০০ |
| ৬৩ | (ক) শ্যামাপদ মণ্ডলের বাড়ী হতে রাসখোলা অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (খ) ওড়াবুনিয়া গ্রামের সুরেশ বাইনের বাড়ী হতে চিত্তরঞ্জন গাইনের বাড়ী অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (গ) মধ্যদাকোপ রামকৃষ্ণ মণ্ডলের বাড়ী হতে যোগেন্দ্রনাথ মণ্ডলের বাড়ী অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৪০০০০০ |
| ৬৪ | বাজুয়া ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের ৩য় তলা ভবনের দুইটি কক্ষের ছাদ নির্মাণ। | ৫৭০০০০ |
| ৬৫ | ভোজনখালী উত্তর পাড়া নারায়ন মণ্ডলের বাড়ী হতে বানীশান্তা ৪নং ওয়ার্ডের পাগলের বাসা অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৫৫০০০০ |
| ৬৬ | ধোপাদী হেতালবুনিয়া জব্বারের বাড়ী হতে মসজিদ অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৫৭৫০০০ |
| ৬৭ | পারজয়নগর জামে মসজিদ হতে মোজাম গাজীর বাড়ী অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৫৫০০০০ |
| ৬৮ | (ক) গুণারী সরকারী পুকুর পাড় হতে শীতলচন্দ্র প্রাথমিক বিদ্যালয় অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (খ) কালাবগী কাওছার ফকিরের বাড়ী হতে ৯নং গেট অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (গ) গুণারী বাইমার চক জীতেন দোকানদারের বাড়ী হতে মাওলাদের বাড়ী অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৯০০০০০ |
| ৬৯ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সংস্কার। | ৩০০০০০ |
| ৭০ | দাকোপ উপজেলায় খেলাধুলার সামগ্রী সরবরাহ। | ৪০০০০০ |
| ৭১ | ক) মৌখালী নিরঞ্জন রায়ের বাড়ী হতে ত্রিদীপ গোলদারের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৪০০০০০ |
| ৭২ | খ) পানখালী ইউনিয়ন পরিষদের আসবাবপত্র সরবরাহ। | ৪০০০০০ |
| ৭৩ | গ) পানখালী মতি শেখের বাড়ী হতে পৌরসভার রাস্তা অভিমুখে চলমান রাস্তার শেষ অংশ থেকে পৌরসভার রাস্তা পর্যন্ত ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৪০০০০০ |

| | | |
|---|---|---|
| ৭৪ | বসুন্দিয়া ওয়াপদা রাস্তা হতে নিতাইয়ের বাড়ী হয়ে কালিপদ মণ্ডলের বাড়ীর উত্তর সীমানা পর্যন্ত রাস্তা সংস্কার। | ৮৫০০০০ |
| ৭৫ | বসুন্দিয়া সানা বাড়ী হতে নিখিল বাগচির বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৮৫০০০০ |
| ৭৬ | খোনা ওয়াপদা রাস্তা থেকে দাকোপ ঘাট পর্যন্ত রাস্তা সংস্কার। | ৮৫০০০০ |
| ৭৭ | পানখালী বাবু মেম্বারের বাড়ীর গেট হতে মতি শেখের বাড়ী পর্যন্ত ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৮৫০০০০ |
| ৭৮ | সিটিবুনিয়া গ্রামের স্বপন মণ্ডলের বাড়ী হতে বাদুরঝুড়ি কালভার্ট অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৭৯ | ৪নং ওয়ার্ড ফকিরডাঙ্গা সুমনের ক্লোজার হতে চন্দনা মেম্বরের বাড়ী হয়ে মনিমোহন মণ্ডলের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৮০ | চুনকুড়ি তালতলা সুবল রায়ের বাড়ীর নিকট হারুনের খামার বাড়ী হতে তালতলা সুভাষ কবিরাজ বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৮১ | লাউডোব অমিও মণ্ডলের বাড়ী অভিমুখে ও লাউডোব কার্পেটিং রাস্তা হতে শংকর কয়ালের বাড়ী পর্যন্ত ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৮২ | বুড়িরডাবুর মহাশ্মশাণ ঘাটের উন্নয়ন। | ২০০০০০ |
| ৮৩ | আবুল নগর মসজিদ হতে বক্স ঢালীর বাড়ী অভিমুখে ৬ ফুট ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৮৪ | কৈলাশগঞ্জ দোলখোলা ব্রীজ হতে হাসপাতাল অভিমুখে ৬ ফুট ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৮৫ | খেজুরিয়া ৮নং ওয়ার্ডের প্রহল্যাদ বাইনের বাড়ী হতে গোড়া খেজুরিয়া অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ২০০০০০ |
| ৮৬ | দাকোপ উপজেলায় হতদরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরন। | ২০০০০০ |
| ৮৭ | গণশৌচাগার নির্মাণ ও দরিদ্র পরিবারের মাঝে পানির ট্যাংক সরবরাহ। | ২০০০০০ |
| ৮৮ | (ক) লক্ষ্মীখোলা কামারাবাদ হতে অমর মণ্ডলের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (খ) লক্ষ্মীখোলা মানিক রায়ের বাড়ীর সামনের বিসি রাস্তা হতে তপন সরদারের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (গ) মৌখালী সরদার বাড়ী জামে মসজিদ হতে শহিদ সরদারের বাড়ী অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (ঘ) মৌখালী বিশ্বাস বাড়ী হতে কাঁটাবুনিয়া ব্রীজ অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (ঙ) পানখালী দক্ষিণ পাড়া সোলিং রাস্তা থেকে হালিম শেখের বাড়ী অভিমূখে সোলিং রাস্তা নির্মাণ। | ৬০০০০০ |
| ৮৯ | (ক) তিলডাঙ্গা গুচ্চ গ্রাম WDB রাস্তা থেকে তিলডাঙ্গা সার্বজনীন শশ্মান কালি মন্দির পর্যন্ত সোলিং রাস্তা নির্মাণ। (খ) পল্লীমঙ্গল সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে এ্যাডভোকেট শশাংক সরকারের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (গ) কাসিনীবাসিয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে পুলিশ ক্যাম্প অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। | ৬০০০০০ |
| ৯০ | (ক) কালিকাবাটি বিশ্বাস বাড়ী ব্রীজ হতে তুষার মাষ্টারের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (খ) খুটাখালী অনিল সরদার বাবুর বাড়ীর ব্রীজ হতে অনিল মণ্ডলের বাড়ী অভিমূখে ইটের সোলিং রাস্তা নির্মাণ। (গ) উত্তর কালিকাবাটি দীনের সরকারের বাড়ীর পশ্চিম পার্শ্বে ইউড্রেন নির্মাণ। | ৪০০০০০ |

| | | |
|---|---|---|
| ৯১ | তিলডাঙ্গা ইউনিয়ন পরিষদের বাউণ্ডারী ওয়াল নির্মাণ। | ২০০০০০ |
| ৯২ | পানখালী দক্ষিণ পাড়া নজরুলের বাড়ী হতে হালিমের বাড়ী অভিমূখে সোলিং রাস্তা নির্মাণ। | ১৫০০০০ |
| ৯৩ | সরকারী এল.বি.কে মহিলা কলেজের উন্নয়ন। | ১৫০০০০ |
| ৯৪ | শহিদ স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয় উন্নয়ন। | ১৫০০০০ |
| ৯৫ | কাকড়াবুনিয়া দারুল উলুম মোহাম্মাদিয়া মাদ্রাসা সংস্কার। | ১০০০০০ |
| ৯৬ | হোগলাবুনিয়া মাষ্টার রব গাজীর বাড়ীর সামনের কাঠের ব্রীজ সংস্কার। | ১০০০০০ |
| ৯৭ | পশ্চিম কামিনীবাসিয়া রাসখোলা মাধ্যমিক বিদ্যালয়ের গ্রহ সংস্কার। | ১০০০০০ |
| ৯৮ | দক্ষিণ কামিনীবাসিয়া দোলখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয় সংস্কার। | ১০০০০০ |
| ৯৯ | বাজুয়া এস.এন ডিগ্রি কলেজের আসবাবপত্র ও ফ্যান ক্রয়। | ১৫০০০০ |
| ১০০ | বানীশান্তা আশার প্রদীপ গ্রাম উন্নয়ন সমিতি (বিএসডি) সংস্কার। | ১০০০০০ |
| ১০১ | বানীশান্তা পিনাক পানি মাধ্যমিক স্কুল মেরামত। | ১০০০০০ |

|---|---|---|---|---|
| ০১ | (২০১৯-২০২০) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৫০ জন | প্রযোজ্য নয় |
| ০২ | (২০২০-২০২১) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৫০ জন | প্রযোজ্য নয় |
| ০৩ | (২০২১-২০২২) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৫০ জন | প্রযোজ্য নয় |
| ০৪ | (২০২২-২০২৩) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৫০ জন | প্রযোজ্য নয় |
| ০৫ | (২০২৩-২০২৪) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৫০ জন | প্রযোজ্য নয় |

০৬। **কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প:** দাকোপ উপজেলায় ১০ টি কিশোর কিশোরী ক্লাবের মাধ্যমে সমাজের বিভিন্ন স্তরের প্রান্তিক কিশোর কিশোরীদের জেন্ডার বেইজড ভায়োলেন্স সক্ষম করা সেক্সসুয়াল রিপ্রডাভিটভ হেলথ এন্ড রাইটস (SRHR) বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন প্রশিক্ষনের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিকরা।

| ক্র:নং | অর্থবছর | কর্মএলাকা/ইউনিয়নের সংখ্যা | সদস্য সংখ্যা | বরাদ্দের পরিমান |
|---|---|---|---|---|
| ০১ | (২০১৯-২০২০) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৩০০ জন | প্রযোজ্য নয় |
| ০২ | (২০২০-২০২১) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৩০০ জন | প্রযোজ্য নয় |
| ০৩ | (২০২১-২০২২) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৩০০ জন | প্রযোজ্য নয় |
| ০৪ | (২০২২-২০২৩) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৩০০ জন | প্রযোজ্য নয় |
| ০৫ | (২০২৩-২০২৪) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ৩০০ জন | প্রযোজ্য নয় |

০৭। **স্বেচ্ছাসেবী মহিলা সমিতি:** মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধিত সেচ্ছাসেবী মহিলা সমিতিগুলোকে অনুদান প্রদান কার্যক্রম পশ্চাদপদ নারী সমাজকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে সরকারী প্রচেষ্টা সমুহের অন্যতম। দেশের কর্মক্ষম অথচ আর্থিক সঙ্গতিহীন মহিলাদের আয়বর্ধণমুলক উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহণের মাধ্যমে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে মহিলা সমিতিসমুহের মধ্যে প্রতিবছর সরকারী অনুদান বিতরণ করা হয়।১৯৭৮ সন থেকে প্রচলিত এ অনুদান বিতরণ কাযৃক্রম সফলভাবে দরিদ্র নারীদের কল্যাণে অবদান রাখছে

| ক্র:নং | অর্থবছর | কর্মএলাকা/ইউনিয়নের সংখ্যা | সমিতির সংখ্যা | সদস্য সংখ্যা | অনুদানের পরিমান |
|---|---|---|---|---|---|
| ০১ | (২০১৯-২০২০) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ২০ টি | ৪০৩০ জন | বরাদ্দ সাপেক্ষে |
| ০২ | (২০২০-২০২১) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ২০ টি | ৪০৩০ জন | বরাদ্দ সাপেক্ষে |
| ০৩ | (২০২১-২০২২) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ২০ টি | ৪০৩০ জন | বরাদ্দ সাপেক্ষে |
| ০৪ | (২০২২-২০২৩) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ২০ টি | ৪০৩০ জন | বরাদ্দ সাপেক্ষে |
| ০৫ | (২০২৩-২০২৪) | ইউনিয়ন ও পৌরসভা=১০টি | ২০ টি | ৪০৩০ জন | বরাদ্দ সাপেক্ষে |

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন বাস্তবায়নের লক্ষ্যে নিয়োজিত বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) দেশের সর্ববৃহৎ চাষীদের প্রতিষ্ঠান। ষাটের দশকের শেষার্ধ হতে এ সংস্থাটি সারাদেশে বিদ্যা কুমিল মডেলের অধীনে পল্লী অঞ্চলে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সংগঠন সৃষ্টি , প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, পুজি গঠন, ঋণ প্রদানসহ উৎপাদন কাজে উন্নত লাভজনক প্রযুক্তি সম্প্রসারণ, ভৌত অবকাঠামো উন্নয়ন, বয়স্ক শিক্ষা, পরিবার পরিকল্পনা, বৃক্ষরোপন ইত্যাদি সামাজিক কর্মকান্ড অব্যাহত আছে। এরই ধারাবাহিকতায় দাকোপ উপজেলা বিআরডিবি বিভিন্ন প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, দাকোপ, খুলনা এর পঞ্চবার্ষিকি পরিকল্পনা।

| খাত | পরিকল্পনা | অভিষ্ট গোষ্ঠি ও ফলাফলসহ সংক্ষিপ্ত বিবরণ | অভিষ্ট এলাকা | সময়কাল |
|---|---|---|---|---|
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | ২০১৯-২০২০ বছরে সমিতি গঠন ০৫ টি, সদস্য ভর্তি ১৬৬ জন, সঞ্চয় আদায় ৩৬.১১ লক্ষ, বিভিন্ন প্রকণে্পর ঋণ বিতরণ ৪৯৮.০৫ লক্ষ, ঋণ আদায় ৪৬৫.৯২ লক্ষ এবং বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | উপজেলার সকল ইউনিয়ন | ২০১৯-২০২০ |
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | ২০২০-২০২১ অর্থ বছরে সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ১.৯০ লক্ষ, ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৯৮.৫৪ লক্ষ এবং আদায়ের লক্ষ্যমাত্রা ৪৯৮.০৫ লক্ষ । | উপজেলার সকল ইউনিয়ন | ২০২০-২০২১ |
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ৯.৫০ লক্ষ, ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২৯৯২.৭ লক্ষ এবং ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৪৯০.২৫ লক্ষ । সম্ভাব্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো। | উপজেলার সকল ইউনিয়ন | (২০১৯-২০২০ হতে ২০২৩-২৪) |

## উপজেলা সমবায় কার্যালয়, দাকোপ, খুলনা।

সমবায় সমিতি প্রচলন এবং সমবায় সমিতির মাধ্যমে গ্রামের সাধারণ মানুষের ভাগ্যের উন্নয়নের প্রচেষ্টা ও উপমহাদেশের দীর্ঘদিনের। গ্রাম্য মহাজন এর দৌরাত্ব এবং ক্রমবর্ধমান প্রাকৃতিক দূর্যোগের হাত থেকে কৃষককুলকে রক্ষা করতে ১৯০৪ এ উপমহাদেশে প্রবর্তন করা হয়। তখন থেকেই সমবায় পদ্ধতি ঐতিহ্য গতভাবে এ উপমহাদেশে বাস্তবায়িত হয়ে আসছে। সমবায়ের মাধ্যমে সমবায়িদেরকে স্বাবলম্বী করে গড়ে তোলাই হচ্ছে সমবায়ের মূল উদ্দেশ্য। বাঙ্গালীর সংস্কৃতি লালন এবং মুক্তিযুদ্ধের মূল্যবোধ ধারণ করে বাংলা ভাষা, ঐতিহ্য ও সংস্কৃতির উন্নয়ন প্রয়োজন। এছাড়া তথ্য প্রযুক্তির যুগে বিদেশী সংস্কৃতি আগ্রাসন হতে সমাজকে মুক্তরাখার চ্যালেঞ্জিং একটি বিষয় হয়ে পড়েছে। সমবায় সমিতির কার্যক্রমের মাধ্যমে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে কার্যকর ও দক্ষভাবে কাজে লাগাতে হবে।

| কাজের বিবরণী | ২০১৯-২০২০ | | | ২০২০-২০২১ | | | ২০২১-২০২২ | | | ২০২২-২০২৩ | | | ২০২৩-২০২৪ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট |
| সমবায় সমিতি গঠন | – | ২৫ | ২৫ | – | ৩০ | ৩০ | – | ৩৫ | ৩৫ | – | ৩৫ | ৩৫ | – | ৪০ | ৪০ |
| সমবায় সমিতি পরিদর্শন | (৪x১২) = ৪৮ টি | | | (৪x১২) = ৪৮ টি | | | (৪x১২) = ৪৮ টি | | | (৪x১২) = ৪৮ টি | | | (৪x১২) = ৪৮ টি | | |
| সমবায় সমিতি তদারকি | (৪x১২) = ৪৮ টি | | | (৪x১২) = ৪৮ টি | | | (৪x১২) = ৪৮ টি | | | (৪x১২) = ৪৮ টি | | | (৪x১২) = ৪৮ টি | | |
| সিভিডিপিভুক্ত সমিতিসহ মোট ঋণ কার্যক্রম | ৯,৫০,০০,০০০/- | | | ১০,৫০,০০,০০০/- | | | ১১,৫০,০০,০০০/- | | | ১৩,৫০,০০,০০০/- | | | ১৫,৫০,০০,০০০/- | | |
| উপজেলাধীন সমিতির সদস্য সংখ্যা | ২৪,৩০০ জন | | | ২৬,০০০ জন | | | ২৭,৪০০ জন | | | ২৮,৭০০ জন | | | ২৯,৯০০ জন | | |
| অডিট ফি আদায় | ১,৪০,০০০/- | | | ১,৪৫,০০০/- | | | ১,৫৫,০০০/- | | | ১,৭০,০০০/- | | | ১,৮০,০০০/- | | |
| সমবায় উন্নয়ন তহবিল আদায় | ৭০,০০০/- | | | ৭৫,০০০/- | | | ৭৮,০০০/- | | | ৮০,০০০/- | | | ৮৫,০০০/- | | |
| আয় বর্ধক কাজের মাধ্যমে স্বকর্ম সংস্থান এর সংখ্যা | ৪০০ জন | | | ৫০০ জন | | | ৬০০ জন | | | ৮০০ জন | | | ১০০০ জন | | |
| সমবায় সমিতিতে প্রশিক্ষণ | ১৬০ জন | | | ১৮০ জন | | | ২০০ জন | | | ২২০ জন | | | ২৫০ জন | | |
| আশ্রয়ন সমবায় সমিতি | ০১ টি, বারুইখালী আশ্রয়ণ প্রকল্প বহুমুখী সমবায় সমিতি লিঃ। | | | | | | | | | | | | | | |

## উপজেলা প্রাণিসম্পদ দপ্তর

**২০১৯-২০ থেকে ২০২৩-২৪ পর্যন্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনা।**

| ক্র:নং | বিবরণী | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|
| ১ | গবাদিপশু কৃত্রিম প্রজনন সম্প্রসারন | ১৯৬৩ | ২১৫৯ | ২৩৭৫ | ২৬১২ | ২৮৭৪ |
| ২ | কৃত্রিম প্রজননের মাধ্যমে শংকর জাতের বাছুর উৎপাদন (লক্ষ) | ০.০১ | ০.০১১ | ০.০১২ | ০.০১৩ | ০.০১৪ |
| ৩ | টিকা প্রদানঃ গবাদিপশু (কোটি) | ০.০০৫ | ০.০০৫৫ | ০.০০৬ | ০.০০৬২ | ০.০০৬৫ |
| ৪ | টিকা প্রদানঃ হাঁশ মুরগী (কোটি) | ০.০৩ | ০.০৩২ | ০.০৩৪ | ০.০৩৬ | ০.০৩৮ |
| ৫ | চিকিৎসা প্রদানঃ গবাদিপশু (লক্ষ) | ০.০২ | ০.২৫ | ০.৩০ | ০.৩৫ | ০.৪০ |
| ৬ | চিকিৎসা প্রদানঃ হাঁশ মুরগী (লক্ষ) | ১.২ | ১.২৩ | ১.৩০ | ১.৩৫ | ১.৪০ |
| ৭ | রোগ অনুসন্ধ্যান নমুনা সংগ্রহ ও গবেষনাগারে প্রেরণ (সংখ্যা) | ৫০ | ৫৪ | ৬০ | ৬৫ | ৬৭ |
| ৮ | ডিজিজ সার্ভিল্যান্স সংখ্যা | ৫ | ৫.৩০ | ৫.৪০ | ৫.৪৫ | ৫.৬০ |
| ৯ | প্রশিক্ষনের মাধ্যমে খামারীর দক্ষতা বৃদ্ধিকরন সংখ্যা | ১৬০ | ১৭০ | ১৮০ | ১৯০ | ২০০ |
| ১০ | উঠান বৈঠক আয়োজনের সংখ্যা | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ | ৫৫ |
| ১১ | উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা | ৩০০ | ৩২০ | ৩৩০ | ৩৪০ | ৩৫০ |
| ১২ | ঘাস চাষ সম্প্রসারন (একরে) | ০.৫ | ০.৫৫ | ০.৬০ | ০.৬৫ | ০.৭০ |
| ১৩ | খামার/ ফিডমিল/ হ্যাচারী পরিদর্শন সংখ্যা | ৬৫ | ৭০ | ৭৫ | ৮০ | ৮৫ |
| ১৪ | দুধ উৎপাদন (লঃ মেঃ টঃ) | ০.২০ | ০.২১ | ০.২২ | ০.২৩ | ০.২৪ |
| ১৫ | মাংশ উৎপাদন (লঃ মেঃ টঃ) | ০.৭১ | ০.০৭৫ | ০.০৭৮ | ০.০৮০ | ০.০৮২ |
| ১৬ | ডিম উৎপাদন (কোটি) | ১.২০ | ১.২৩ | ১.২৫ | ১.৩০ | ১.৩৫ |

## তৃতীয় অধ্যায়: স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাধারণ তথ্যঃ

### এক নজরে চালনা পৌরসভা

১। পৌরসভার নাম : চালনা পৌরসভা।
২। স্থাপিত : ১৩.১১.২০০৪ইং।
৩। শ্রেনী : খ
৪। আয়তন : ৯.৪৯ বর্গ কিলোমিটার
৫। জনসংখ্যা : ১৭,২০০ (আনুমানিক)
৬। ঘনত্ব : ১৮২০ জন প্রতি বর্গ কি:মি:
৭। মেয়র : সনত কুমার বিশ্বাস
৮। কাউন্সিলর : পুরুষ-০৮ এবং মহিলা-০৩ জন, মোট ১১ জন।
৯। কর্মকর্তা/ কর্মচারী : ১২ জন।
১০। পৌরসভার বাৎসরিক আয় : ৭০ লক্ষ টাকার উর্দ্ধে (গড়ে)
১১। পৌর ভবন : ০১টি (০৩ তলা বিশিষ্ট)
১২। স্টেডিয়াম : নেই
১৩। পৌরসভার হোল্ডিং সংখ্যা : ১৭৬০
১৪। ট্রেড লাইসেন্স সংখ্যা : ৪৩০
১৫। রিকসা/ ভ্যান : ৬১০ টি
১৬। শিক্ষিতের হার : ৭৩%
১৭। জনসংখ্যা : ১৭,২০০ জন
১৮। ভোটার সংখ্যা : পুরুষ- ৬৫১৭, মহিলা -৬৬০৪
১৯। জমির পরিমান : আবাদি,অনাবাদি,খাস-
২০। সরকারী অফিস সংখ্যা: ৮০টি
২১। নল কুপের সংখ্যা : ২০টি
২২। পৌরসভার পুকুর :০১টি
২৩। রিজার্ভ পুকুর : ৪টি
২৪। ওভার হেড ট্যাংক : ২০টি

২৫। কবর স্থান :০২টি
২৬। **শশ্মান** ঘাট : ০৩টি
২৭। কবরখোলা-২৫টি
২৮। মসজিদ-১৬ টি
২৯। মন্দির- ১৪টি
৩০। গীর্জা- ০৩টি
৩১। মাদ্রাসা- ০২টি
৩২। এতিমখানা-০২টি
৩৩। আস্থানা- নেই
৩৪। স-মিল-০৭টি
৩৫। কলেজ-০৩টি
৩৬। উচ্চ মাধ্যমিক বিদ্যালয়- ০৪টি
৩৭। প্রাইমারী স্কুল/এবতেদায়ী : সরকারী-০৩টি, রেজি: -০৩টি
৩৮। ফেরীঘাট : ০৪টি
৩৯। লঞ্চ ঘাট-০১টি
৪০। ট্রেড ইউনিয়ন- ০১টি
৪১। ক্লাব- ০৫টি
৪২। সমিতি-১০ টি
৪৩। খেলার মাঠ- ০৫টি (শিক্ষা প্রতিষ্ঠানের সাথে)।
৪৪। হাটবাজার- ০১টি (০৯টি মহল)
৪৫। ঘাটলা-০২টি
৪৬। নদী- নেই
৪৭। খাল -০৪টি
৪৮। ঝিল/লেক-০১ টি
৪৯। রাস্তা- ক) পিচ-১০ কি:মি:
খ) আরসিসিসি- ৩৫০ কি:মি:
গ) সিসি ব্লক -০.৬০ কি:মি:
ঘ) এইচ বিবি-৫.০০ কি:মি:, সোলিং-২০ কি:মি:
ঙ) কাচা রাস্তা- ৫ কি:মি
চ) ড্রেন-২.৫০ কি:মি:

৫০। ব্রীজ : ক) আরসিসি-০২টি,
খ) কাঠর ব্রীজ-০৩টি
গ) কালভাট-২০টি৫১। মৌজা -০১টি (৪ নং পানখালী )
৫২ । গ্রাম-১৬টি
৫৩ ।জেটি-নাই
৫৪ । দাতব্য চিকিৎসালয়-নেই
৫৫ । হাসপাতাল-০১টি
৫৬ । ক্লিনিক-নেই
৫৭ । খ্রিষ্টান মিশণারী-০১টি
৫৮ । স্বল্প মূল্যের লেট্রিন-০১টি
৫৯ । সিনেমা হল-নেই
৬০ । পার্ক-০১টি
৬১ । মিল কারখানা-নেই ।
৬২ । আবাসিক হোটেল-০১টি
৬৩ । পল্লী বিদ্যুৎ বৈদ্যতিক পোস্ট -৩২০ টি
৬৪ । লাইব্রেরী-০১টি
৬৫ । মার্কেট-নেই
৬৬ । বরফ কল-নেই
৬৭ । সাবরেজিষ্ট্রী অফিস-০১টি
৬৮ । যানবাহন-০৩টি (রোডরোলার-০১টি , গার্বেজ ট্রাক-০২টি)
৬৯ । হ্যাচারী-০৩টি
৭০ । মৎস্য প্রক্রিয়াজাতকরণ ফ্যাক্টরী-০১টি
৭১ । খাদ্য অফিস-০১টি
৭২ । ব্যাংক-০৪টি
৭৩ । পোস্ট অফিস-০১টি
৭৪ । বেসরকারী ব্যাংক-০৬টি
৭৫ ।আনসার ভিডিপি ব্যাংক-০১টি
৭৬ । ডাক বাংলো-০১টি
৭৭ । ভোট কেন্দ্র -০৯টি
৭৮ । তালিকাভুক্ত ঠিকাদার- ৪৩ টি
৭৯ । ডাস্টবিন-১৫টি
৮০ । এনজিও-১৮টি ।

## ১নং পানখালী ইউনিয়ন

| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা/পরিমাণ |
|---|---|---|
| ১ | আয়তন | ৩৯.০৪ বর্গ কি: মি: |
| ২ | জনসংখ্যা | ১৮,৫০০ জন (প্রায়) |
| ৩ | ভোটার সংখ্যা | ১২২০০ জন |
| ৪ | গ্রামের সংখ্যা | ০৮ টি |
| ৫ | খানার সংখ্যা | ৩৭০০ টি |
| ৬ | মৌজার সংখ্যা | ০৫ টি |
| ৭ | হাট বাজারের সংখ্যা | ০৪ টি |
| ৮ | শিক্ষার হার | ৮০% |
| ৯ | সরকারী প্রাথমিক বিদ্যালয় | ১১ টি |
| ১০ | উচ্চ বিদ্যালয় | ০৪ টি |
| ১১ | মাদ্রাসা | ১৯ টি |
| ১২ | সাইক্লোন শেল্টার কাম স্কুল | ১২ টি |
| ১৩ | ভিজিডি মহিলা উপকারভোগী | ৩০৪ জন |
| ১৪ | ভিজিএফ মহিলা উপকারভোগী | ১৭৪০ জন |
| ১৫ | বয়ষ্কভাতা | ৬০০ জন |
| ১৬ | বিধাব ভাতাভোগী | ৫২০ জন |
| ১৭ | প্রতিবন্ধী ভাতাভোগী | ১৩০ জন |
| ১৮ | কাঁচা রাস্তা | ২০ কি: মি: (প্রায়) |
| ১৯ | পাঁকা রাস্তা | ৩০ কি: মি: (প্রায়) |
| ২০ | সরকারী পুকুর | ০৩ টি |
| ২১ | জামে মসজিদ | ২০ টি |
| ২২ | সর্বজনীন মন্দির | ১৭ টি |
| ২৩ | আরএমপি মহিলা | ১০ জন |
| ২৪ | কর্মরত সরকারী অফিস সমূহ | ০৭ টি |
| ২৫ | কর্মরত এনজিও সমূহ | ০৯ টি |
| ২৬ | এ্যাসেসমেন্ট সংখ্যা | ৪১০০ জন |

### ওয়ার্ড ও গ্রাম ভিত্তিক ভোটার

| ক্রমিক নং | ওয়ার্ড নং | গ্রামের নাম | ভোটার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ০১ | পানখালী পূর্ব | ১২৩০ জন |
| ২ | ০২ | পানখালী পশ্চিমপাড়া আনন্দনগর মোল্যা বাড়িসহ | ১৯৫০ জন |
| ৩ | ০৩ | হোগলাবুনিয়া+কাটাবুনিয়া | ১৭০০ জন |
| ৪ | ০৪ | মৌখালী | ১৫৮০ জন |
| ৫ | ০৫ | লক্ষীখোলা পূর্বপাড়া | ১০৩০ জন |
| ৬ | ০৬ | লক্ষীখোলা পশ্চিমপাড়া | ১৩৪০ জন |
| ৭ | ০৭ | খাটাইল | ১২৮০ জন |
| ৮ | ০৮ | খোনা (বসুন্দিয়া পাড়া বাদে) | ১২৫০ জন |
| ৯ | ০৯ | বারুইখালী বসুন্দিয়া | ৯৮০ জন |
| | | | ১২০৪০ জন |

## ২নং দাকোপ ইউনিয়ন পরিষদ

| শিরোনাম/খাত/বিবরণ | সংখ্যা/পরিমাণ | শিরোনাম/খাত/বিবরণ | সংখ্যা/পরিমাণ |
|---|---|---|---|
| ইউনিয়ন কোড | ৪২ | ক্ষেত্রফল | ১৬.৬১ বর্গকিলোমিটার |
| জনসংখ্যা | ৮,৩৩১ জন | গ্রাম/মৌজা | ২ টি |
| নারী | ৩,৯৯৪ জন | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ০১ টি |
| পুরুষ | ৪,৩৩৭ জন | কমিউনিটি ক্লিনিক | ০১ টি |
| মুসলিম | ১% | পোস্ট অফিস | ০১ টি |
| হিন্দু | ৯৯% | পোস্ট কোড | ৯২৭০ |
| অন্যান্য | ০০ | প্রাথমিক বিদ্যালয় | ০৮ টি |
| উপজাতি | ০০ | মাধ্যমিক বিদ্যালয় | ০২ টি |
| খানা সংখ্যা | ১৮২০ টি | মহাবিদ্যালয় | ০০ টি |
| কর প্রদানকারী পরিবার | ১৮২০ টি | মাদ্রাসা | ০০ টি |
| ভোটার সংখ্যা | ৫,৬৬৯ জন | মসজিদ সংখ্যা | ০১ টি |
| ব্যাংক | ০০ | মন্দির সংখ্যা | ৪১ টি |
| এনজিও | ১০ টি | হাট-বাজার | ০২ টি |
| ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ০১ টি | ইউনিয়ন ভূমি অফিস | ০০ টি |
| শিক্ষার হার | ৬৩% | পুরুষ শিক্ষার হার | ৭২% |
| নারী শিক্ষার হার | ৬৬% | কৃষি পেশায় যুক্ত | ৭৫% |
| শ্রমিক পেশাজীবি | ৫% | ব্যবসায়ী পেশাজীবি | ৫% |
| চাকুরীজীবি | ১০% | অন্যান্য পেশায় যুক্ত | ৫% |
| পাকা রাস্তা | ১০ কি: মি: | কৃষি ডিলার(বিসিআইসি) | ২ জন |

## ৩ নং লাউডোব ইউনিয়ন পরিষদ

| ক্রমিক নং | তথ্য | সংখ্যা |
|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ০১ টি |
| ০২ | কমিউনিটি ক্লিনিক | ০১ টি |
| ০৩ | স্যাটেলাইট ক্লিনিক | - |
| ০৪ | জরুরী বিভাগের স্বাস্থ্য সেবা | - |
| ০৫ | বহিঃবিভাগের স্বাস্থ্য সেবা | চলমান |
| ০৬ | টিকাদান কর্মসূচী | চলমান |
| ০৭ | টিকাদান কেন্দ্র | ১৮ |
| ০৮ | শিশু টিকাদানের হার | ১০০ শতাংশ |
| ০৯ | শিশু অপুষ্টির হার | ০৫ শতাংশ |
| ১০ | শিশু মৃত্যুর হার | ০৫ বছরের নিচে হাজারে ৪৪ জন |
| ১১ | জন্ম নিয়ন্ত্রণ কার্যক্রম | চলমান (বড়ি, কন্ডম, ইনজেকশন, ইমপ্লান্ড, আইইউডি) |
| ১২ | জন্ম নিয়ন্ত্রণ গ্রহণকারী দম্পতির হার | ৮১.৩৫ শতাংশ |
| ১৩ | মাতৃ উর্বরতা হার | ১.৯০ |
| ১৪ | শিশু জন্ম পূর্ববর্তী চেকআপ | ১ বার ৮২% এবং ৪ বার ২৫% |
| ১৫ | প্রশিক্ষিত ধাত্রী (সরকারী ব্যবস্থাপনায়) | ০৪ জন |
| ১৬ | মাতৃ মৃত্যুর হার | প্রতি লক্ষে ২০৫ জন |

| সমাজ কল্যাণ ও সামাজিক নিরাপত্তা বলয় | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
| ০১ | মোট পরিবার | ২৪০০ টি |
| ০২ | উচ্চবিত্ত | ০৫ টি |
| ০৩ | উচ্চ মধ্যবৃত্ত | ১০০ টি |
| ০৪ | মধ্যবৃত্ত | ৫০০ টি |
| ০৫ | নিম্ন মধ্যবৃত্ত | ৫০০ টি |
| ০৬ | দরিদ্র | ৮০০ টি |
| ০৭ | অতিদরিদ্র | ৪৯৫ টি |
| ০৮ | ভিজিডি প্রদান | ১৯৫ জন |
| ০৯ | ভিজিএফ প্রদান | ১৭১০ জন |
| ১০ | বয়স্ক ভাতা প্রদান | ২৩৬ জন |
| ১১ | বিধবা/স্বামী পরিত্যক্তা ভাতা প্রদান | ২৭৫ জন |
| ১২ | প্রতিবন্ধী ভাতা প্রদান | ৪৬ জন |
| ১৩ | মাতৃত্বকালীন ভাতা প্রদান | ৭৯ জন |
| ১৪ | মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ভাতা প্রদান | ০৪ জন |

| যোগাযোগ | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
| ০১ | ইউনিয়ন পাকা রাস্তা | ১২ কিলোমিটার |
| ০২ | আধাপাকা রাস্তা | ২০ কিলোমিটার |
| ০৩ | কাঁচা রাস্তা | ২৫কিলোমিটার |
| ০৪ | ইউড্রেন | ৩০টি |
| ০৫ | কালভার্ট/ব্রীজ | ০৫ টি |
| ০৬ | প্যারাসাইড/গাইডওয়াল | |
| ০৭ | ট্রলার ঘাট | - |
| ০৮ | লঞ্চ ঘাট | - |

| জনস্বাস্থ্য | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
| ০১ | মোট জনসংখ্যা | ৯২২২জন |
| ০২ | খানা | ২৪০০ টি |
| ০৩ | মোট নিরাপদ পানি ব্যবহারকারীর সংখ্যা | ১২০০ পরিবার (৫০%) |
| ০৪ | মোট দরিদ্র খানা | ১২০০ টি পরিবার (৫০%) |
| ০৫ | স্বাস্থ্যসম্মত ল্যাট্টিন ব্যবহারকারী | ১৮০০ পরিবার (৭৫%) |
| ০৬ | অস্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহারকারী | ৪,৮৬২ টি পরিবার (৫২%) |
| | ল্যাট্রিনবিহীন পরিবার | ১২০ টি পরিবার (৫%) |
| ০৭ | পাবলিক টয়লেট | ০৫টি |
| ০৮ | নলকুপের সংখ্যা | ২৫০ টি |
| ০৯ | হস্তচালিত নলকুপ (গভীর) | - |
| ১০ | মন্দিরে নলকূপ ও ল্যাট্রিন সংখ্যা | ৩৫ টি |
| ১১ | মসজিদে ল্যাট্রিন ও নলকূপ সংখ্যা | ১৫ টি |
| ১২ | হাট-বাজার | ০৩ টি |
| ১৩ | বাস/টেম্পু/রিক্সাস্ট্যান্ড | - |
| ১৪ | সামাজিক প্রতিষ্ঠান (ক্লাব/সমিতি ইত্যাদি) | ০৫ টি |

## এক নজরে ইউনিয়নের এর তথ্য সমূহ :

| বিবরণ | পরিমাণ | একক | বিবরণ | পরিমাণ | একক |
|---|---|---|---|---|---|
| সাধারণ তথ্যাদি | | | স্বাস্থ্য , পানি ও পয়ঃ নিষ্কাশন | | |
| আয়তন | ২৯.২৮ | বর্গ কিঃমিঃ | খাবার পানির পুকুর | ১৯ | টি |
| গ্রাম | ৪ | টি | অগভীর নলকূপ (সচল) | ১০ | টি |
| মৌজার সংখ্যা | ৩ | টি | অগভীর নলকূপ (অচল) | ২৩ | টি |
| ভোটার সংখ্যা | ১১০৭১ | টি | পি এস এফ (সচল) | ১৯ | টি |
| পরিবার সংখ্যা | ৩৭১৮ | টি | পি এস এফ (অচল) | ৩৮ | টি |
| লোক সংখ্যা | ১৬০৮৯ | জন | মোট (পিএসএফ) | ৬১ | টি |
| নারী | ৭৮৯৯ | জন | প্রতিষ্ঠানে- RWHS | ৭ | টি |
| পুরুষ | ৮১৯০ | জন | স্বাস্থ্যকর পায়খানা | ১২৭৮ | টি |
| ০-৫ বছরের শিশু(ছেলে) | ৫৯০ | জন | অস্বাস্থ্যকর পায়খানা | ১৫৮১ | টি |
| ০-৫ বছরের শিশু(মেয়ে) | ৬২১ | জন | অকার্যকর পায়খানা | ১৪ | টি |
| ০-৫ বছরের মোট শিশু | ১২১১ | জন | নষ্ট পায়খানা | ২৬ | টি |
| ০৬-১৮ বছরের কিশোর | ১৫৩৯ | জন | মোট পায়খানা | ২৮৯৯ | টি |
| ০৬-১৮ বছরের কিশোরী | ১৪৫৮ | জন | পায়খানা নাই | ৭৮৪ | টি |
| পতিবন্ধী ছেলে | ৩৮ | জন | একক পায়খানা | ২৪০০ | টি |
| পতিবন্ধী মেয়ে | ৪০ | জন | যৌথ পায়খানা | ৪৯৯ | টি |
| পতিবন্ধী মোট | ৭৮ | জন | স্কুল ল্যাট্রিন স্বাস্থ্যকর | ২৬ | টি |
| ধনী পরিবার | ৪৫ | জন | স্কুল ল্যাট্রিন অস্বাস্থ্যকর | ১ | টি |
| মধ্যবিত্ত পরিবার | ৩৭১ | টি | মোট স্কুল ল্যাট্রিন | ২৭ | টি |
| দরিদ্র পরিবার | ২৬৮২ | টি | কমিউনিটি ক্লিনিক | ২ | টি |
| হত দরিদ্র পরিবার | ৫৮৪ | টি | ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র | ১ | টি |
| মোট পরিবার | ৩৬৮৩ | টি | যোগাযোগ সংক্রান্ত | ০ | |
| ডাকঘর | ২ | টি | ওয়াপদা রাস্তা | ০ | কিঃমিঃ |
| সরকারী প্রাঃ বিঃ | ১৬ | টি | কাঁচা রাস্তা | ৩০ | কঃমিঃ |
| মসজিদ | ৬ | টি | পাকা রাস্তা | ১১.৫০ | কঃমিঃ |
| মন্দির | ৫৮ | টি | ইটের সোলিং রাস্তা | ৪০.৫০ | কঃমিঃ |
| ক্লাব | ২১ | টি | কালভার্ট | ৩৮ | টি |
| হাট-বাজার | ৬ | টি | ব্রিজ | ২৩ | টি |
| খেলার মাঠ | ৫ | টি | সাঁকো | ১৬ | টি |
| HH-RWHS | ৪৫ | টি | খাল | ২৯ | টি |
| খেয়াঘাট | ১ | টি | বেশী ঝুকিপূর্ন এলাকা | ৬.২৫ | কিঃমি |
| মাধ্যমিক বিদ্যালয় | ৫ | টি | মাঝারী ঝুকিপূর্ন এলাকা | ৩.৭৫ | কিঃমি |
| মাদ্রাসা | ০ | টি | কম ঝুকিপূর্ন এলাকা | ৬.৭৫ | কিঃমি |
| আশ্রয়কেন্দ্র(স্কুলকাম) | ৬ | টি | মোট ঝুকিপূর্ন এলাকা | ১৬.৭৫ | কিঃমি |

**কৈলাশগঞ্জ ইউনিয়ন পরিষদ**

| | | |
|---|---|---|
| ক) ইউনিয়নের চৌহদ্দি | : | পূর্বে লাউডোব ইউনিয়ন,পশ্চিমে ভদ্রা নদী,উত্তরে বাজুয়া ও দাকোপ ইউনিয়ন পরিষদ , |
| | | দক্ষিনে সুন্দরবন, |
| খ) জেলা থেকে যোগাযোগ ব্যবস্থা | : | বাস/লঞ্চ/ট্রলার |
| গ) উপজেলা থেকে যোগাযোগ ব্যবস্থা | : | মটরভ্যান/মটর গাড়ী/ট্রলার |
| ঘ) আয়তন | : | ২৯.২৮ বর্গ কিঃ মিঃ |
| ঙ) লোকসংখ্যা | : | পুরুষ: ৮১৯০, মহিলা: ৭৮৯৯, মোট:১৬০৮৯ জন |
| চ) গ্রামের সংখ্যা | : | ৪ টি, |
| ছ) মৌজার সংখ্যা | : | ৩ টি |
| জ) হাট-বাজারের সংখ্যা | : | ৬ টি - |
| ঝ) শিক্ষার হার | : | ৬২% |
| ঞ) ভোটার (মোট) | : | ১১০৭১ জন |
| ১। ইউ পি ভবন/ঘরের বিবরণ | | |
| ক) খতিয়ান ও দাগ নং | : | এস,এ ২১১ দাগ নং ২০৮,২০৯,২১০,২১১ |
| খ) অফিস আঙ্গিনায় জমির পরিমান | : | ৬৬ শতাংশ |
| গ) আর কোন জমি বা সম্পত্তি আছে কি না? | : | আছে |
| ঘ) ইউপি কার্যালয়ের প্রকৃতি ও কক্ষ সংখ্যা | : | কমপ্লেক্স, কক্ষ ১৪ টি |
| ঙ) নির্মাণ/মেরামতের তারিখ | : | নব নির্মিত ২৫ এপ্রিল ২০১৬ |

**এক নজরে কৈলাশগঞ্জ ইউনিয়নের এর তথ্য সমূহ :**

| বিবরণ | পরিমাণ | একক | বিবরণ | পরিমাণ | একক |
|---|---|---|---|---|---|
| সাধারণ তথ্যাদি | | | স্বাস্থ্য, পানি, ও পয়ঃ নিষ্কাশন | | |
| আয়তন | ২৯.২৮ | বর্গ কিঃমিঃ | খাবার পানির পুকুর | ১৯ | টি |
| গ্রাম | ৪ | টি | অগভীর নলকূপ (সচল) | ১০ | টি |
| মৌজার সংখ্যা | ৩ | টি | অগভীর নলকূপ (অচল) | ২৩ | টি |
| ভোটার সংখ্যা | ১১০৭১ | টি | পি এস এফ (সচল) | ১৯ | টি |
| পরিবার সংখ্যা | ৩৭১৮ | টি | পি এস এফ (অচল) | ৩৮ | টি |
| লোক সংখ্যা | ১৬০৮৯ | জন | মোট (পিএসএফ) | ৬১ | টি |
| নারী | ৭৮৯৯ | জন | প্রতিষ্ঠানে- RWHS | ৭ | টি |
| পুরুষ | ৮১৯০ | জন | স্বাস্থ্কর পায়খানা | ১২৭৮ | টি |
| ০-৫ বছরের শিশু(ছেলে) | ৫৯০ | জন | অস্বাস্থ্যকর পায়খানা | ১৫৮১ | টি |
| ০-৫ বছরের শিশু(মেয়ে) | ৬২১ | জন | অকার্যকর পায়খানা | ১৪ | টি |
| ০-৫ বছরের মোট শিশু | ১২১১ | জন | নষ্ট পায়খানা | ২৬ | টি |
| ০৬-১৮ বছরের কিশোর | ১৫৩৯ | জন | মোট পায়খানা | ২৮৯৯ | টি |
| ০৬-১৮ বছরের কিশোরী | ১৪৫৮ | জন | পায়খানা নাই | ৭৮৪ | টি |
| পতিবন্ধী ছেলে | ৩৮ | জন | একক পায়খানা | ২৪০০ | টি |
| পতিবন্ধী মেয়ে | ৪০ | জন | যৌথ পায়খানা | ৪৯৯ | টি |
| পতিবন্ধী মোট | ৭৮ | জন | স্কুল ল্যাট্রিন স্বাস্থ্যকর | ২৬ | টি |
| ধনী পরিবার | ৪৫ | জন | স্কুল ল্যাট্রিন অস্বাস্থ্যকর | ১ | টি |
| মধ্যবিত্ত পরিবার | ৩৭১ | টি | মোট স্কুল ল্যাট্রিন | ২৭ | টি |

**৫ নং সুতারখালী ইউনিয়ন পরিষদ**

১। ইউনিয়নের নাম : ৫ নং সুতারখালী ইউনিয়ন পরিষদ
২। ইউনিয়ন পরিষদ গঠন : ১৯৪৩ খ্রিঃ।।
৩। সীমানা : উত্তরে ৬ নং কামারখোলা ইউনিয়ন, দক্ষিনে : সুন্দরবন। পূর্বে : সুন্দরবন ও কৈলাশগঞ্জ ইউনিয়ন। পশ্চিমে : শিবসা ও ঢাকী নদী।
৪। আয়তন : ৫০.০০ বঃ কিঃ ।
৫। মৌজা : ৪ টি - গুনারী, জে,এল-১, ১ নলিয়ান : ১২, কালাবগী : ১৩, সুতারখালী : ১৪
৬। গ্রাম : ০৪ টি
৭। জমি : আবাদী -১২০০০ একর অনাবাদী - ৩০০০ একর মোট - ১৫,০০০ একর
৮। ভোটার : পুরুষ - ৯৫২৫
নারী- ৯৬৩০
মোট -১৯১৫৫
৯। লোক সংখ্যা : পুরুষ- ১৮৯১৬, নারী-১৯০৯৫
মোট- ৩৮০১১
১০। পরিবার : ৭৯৫০
১১। শিক্ষা প্রতিষ্ঠান: (ক) কলেজ-নাই । (খ) মাধ্যমিক বিদ্যালয়-০৫ টি (গ) সঃ প্রাঃ বিদ্যালয়-২০ টি (ঘ) মাদরাসা-৮ টি
১২। ধর্মীয় প্রতিষ্ঠান :
(ক) মসজিদ-৩৫ টি
(খ) মন্দির-৩৫ টি
(গ) গির্জা : নাই
(গ) পিসিও- ১ টি (অকেজো)
(ঘ) পরিবার পরিকল্পনা কেন্দ্র- ১ টি
(ঙ) কমিউনিটি ক্লিনিক-৩ টি
(চ) পোষ্ট অফিস- ৪টি
(ছ) ইউনিয়ন ভূমি অফিস- ১ টি
(জ) এনজিও অফিস- ৭ টি
(ঝ) খেওয়া ঘাট- ৪ টি
(ঞ) পল্টন- ২ টি
(ট) হাট বাজার- ৫ টি
(ঠ) খোয়াড়- ৯ টি
(ড) নলকুপ- ২৫ টি
(ঢ) সরকারী পুকুর- ৮ টি
(ণ) সাইক্লোন সেন্টার- ১০ টি
(ত) তথ্য কেন্দ্র- ১ টি

১৩। অন্যান্য প্রতিষ্ঠান
: (ক) ফরেষ্ট অফিস- ৩টি
(খ) পুলিশ ফাড়ি- ১ টি
১৪। রাস্তা ঘাট
(ক) পাকা রাস্তা- নাই
(খ) ইটের সোলিং রাস্তা- ২০ কি: মি:
(গ) কাঁচা রাস্তা : ৫৩ কি: মি:
(ঘ) ওয়াপদা রাস্তা : ৪৫ কি: মি:
(ঙ) নদী : ৪ টি, ৫৫ কি: মি:
(চ) খাল (চলমান) ১৫ টি, ৩২ কি: মি:
(ছ) কালভার্ট : ২৩ টি
(জ) পুল/ ব্রীজ : ৫ টি
(ঝ) বাঁশের শাকো : ১১ টি
১৫। ইউনিয়ন পরিষদ ভবন
জেলা : খুলনা
থানা-দাকোপ
মৌজা : নলিয়ান, জেলা এল নং-১২
এস,এ,খতিয়ান নং-৯২
এস,এ, দাগ নং-২৫০
পরিমান- ১০০ একর
ভবন- নির্মানাধীন
১৬। জনবল কাঠামো : (ক) চেয়ারম্যান : ১ জন
(খ) সদস্য : ৩ (সংরক্ষিত) জন
(গ) সদস্য : ৯ (সাধারণ) জন
(ঘ) সচিব : ১ জন
(ঙ) দফাদার : ১ জন
(চ) মহল্লাদার : ৯ জন
(ছ) নাইট গার্ড : ১ জন

১৭। সাহায্য/সহায়তা : (ক) ভিজিডি : ৫৯০ গন
(খ) ভিজিএফ : ৪,২১০ জন
(গ) বয়ষ্কভাতা : ৬৭১ জন ভাতা জন প্রতি ৫০০/ মাস
(ঘ) বিধবা/স্বামী পরিত্যক্ত : ২৫৬ জন ভাতা জন প্রতি ৫০০/ মাস
(ঙ) প্রতিবন্ধী : ৯৩ জন ভাতা জন প্রতি ৫০০/মাস
(চ) শিক্ষা প্রতিবন্ধী : ৩ জন ভাতা জন প্রতি ৩০০/ মাস
(ছ) মাতৃত্ব : ৫০ জন
(জ) মুক্তিযোদ্ধা : ৪০ জন ভাতা জন প্রতি ৫০০০/ মাস

## এক নজরে কামারখোলা ইউনিয়ন

| শিরোনাম/খাত/বিবরণ | সংখ্যা/পরিমাণ | শিরোনাম/খাত/বিবরণ | সংখ্যা/পরিমাণ |
|---|---|---|---|
| ইউনিয়ন কোড | ৬৩ | ক্ষেত্রফল | ২৯.২০ বর্গকিলোমিটার |
| জনসংখ্যা | ১৫,২৯২ জন | গ্রাম/মৌজা | ১৯ টি |
| নারী | ৭,৪৪৮ জন | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ০১ টি |
| পুরুষ | ৭,৮৪৪ জন | কমিউনিটি ক্লিনিক | ০২ টি |
| মুসলিম | ৩৫% | পোস্ট অফিস | ০২ টি |
| হিন্দু | ৬০% | পোস্ট কোড | ৯২৭০ |
| অন্যান্য | ০৫ | প্রাথমিক বিদ্যালয় | ১৩ টি |
| উপজাতি | ০০ | মাধ্যমিক বিদ্যালয় | ০৫ টি |
| খানা সংখ্যা | ৩২৯৫ টি | মহাবিদ্যালয় | ০০ টি |
| কর প্রদানকারী পরিবার | ৩২৯৫ টি | মাদ্রাসা | ০২ টি |
| ভোটার সংখ্যা | ১০৪৪৮ জন | মসজিদ সংখ্যা | ১৭টি |
| ব্যাংক | ০০টি | মন্দির সংখ্যা | ২৬ টি |
| এনজিও | ১৫ টি | হাট-বাজার | ০৩ টি |
| ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ০১ টি | ইউনিয়ন ভূমি অফিস | ০০ টি |
| শিক্ষার হার | ৫৫% | পুরুষ শিক্ষার হার | ৫০% |
| নারী শিক্ষার হার | ৫০% | কৃষি পেশায় যুক্ত | ৭৫% |
| শ্রমিক পেশাজীবি | ৩৫% | ব্যবসায়ী পেশাজীবি | ১৫% |
| চাকুরীজীবি | ১০% | অন্যান্য পেশায় যুক্ত | ১০% |
| পাকা রাস্তা | ০০ কি: মি: | কৃষি ডিলার(বিসিআইসি) | ০ জন |
| গীর্জা | ৩টি | ক্লাব | ০৭টি |
| আশ্রয় কেন্দ্র (স্কুল কাম) | ১৩টি | | |

## ইউনিয়নের সম্পদ ও এর উৎস

| উৎস | ধরণ | পরিমাণ (লক্ষ ) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| নিজস্ব আয় | কর, লাইসেন্স ফি, হাট-বাজার, খোয়ার, নিবন্ধন ও সনদ ফি, নিজস্ব সম্পত্তি থেকে আয় ও অন্যান্য ফি, রেইট | ৪,০০,০০০ | ৪,২০,০০০ | ৪,৫০,০০০ | ৪,৮০,০০০ | ৫,২০,০০০ |
| | ভূমি হস্তান্তর করের ১% | | | | | |
| সরকারী অনুদান | সংস্থাপন অনুদান | ৭,০০,০০০ | ৭,২০,০০০ | ৭,৩০,০০০ | ৭,৪০,০০০ | ৭,৫০,০০০ |
| | এলজিএসপি ও অন্যান্য থোক বরাদ্দ | ৮,২০,০০০ | ৮,৫০,০০০ | ৯,০০,০০০ | ৯,৮০,০০০ | ১০,০০,০০০ |
| দাতা সংস্থার অনুদান | স্থানীয় ও জাতীয় | | | | | |
| সামাজিক নিরাপত্তা বেষ্টনী | অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী | ১২,০০,০০০ | ১২,২০,০০০ | ১২,৫০,০০০ | ১২,৮০,০০০ | ১৩,০০,০০০ |
| | বয়স্ক ভাতা | ১,৫৫,০০০ | ১,৬০,০০০ | ১,৬৫,০০০ | ১,৭০,০০০ | ১,৮০,০০০ |
| | বিধবা ভাতা | ১,৪০,০০০ | ১,৪৫,০০০ | ১,৫০,০০০ | ১,৫৫,০০০ | ১,৬০,০০০ |
| | প্রতিবন্ধি ভাতা | ৩০,০০০ | ৩১,০০০ | ৩২,০০০ | ৩৩,০০০ | ৩৫,০০০ |
| | মাতৃত্বকাল ভাতা | ৭০,৫০০ | ৭৫,০০০ | ৮০,০০০ | ৮৫,০০০ | ৯০,০০০ |
| | মুক্তিযোদ্ধা ভাতা | ৪,৮০,০০০ | ৪,৮০,০০০ | ৪,৮০,০০০ | ৪,৮০,০০০ | ৪,৮০,০০০ |
| | দলিত হরিজন ভাতা | ৫০০ | ৫০০ | ৫০০ | ১,০০০ | ১,০০০ |
| | ভিজিএফ | ৯,০০,০০০ | ৯,২০,০০০ | ৯,৫০,০০০ | ১০,০০,০০০ | ১০,৫০,০০০ |
| | ভিজিডি | ১৮,০০,০০০ | ১৯,০০,০০০ | ১৯,৫০,০০০ | ২০,০০,০০০ | ২০,৫০,০০০ |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কর্মসূচী | কাবিখা | ১৪,৫০,০০০ | ১৪,৮০,০০০ | ১৫,০০,০০০ | ১৫,২০,০০০ | ১৫,৫০,০০০ |
| | কাবিটা | ৫,০০,০০০ | ৫,৩০,০০০ | ৫,৫০,০০০ | ৬,০০,০০০ | ৬,৫০,০০০ |
| | টি,আর, | ৭,০০,০০০ | ৭,৩০,০০০ | ৭,৫০,০০০ | ৭,৮০,০০০ | ৮,০০,০০০ |
| | জি,আর | | | | | |
| উপজেলা পরিষদের বরাদ্দ | | ৪,০০,০০০ | ৪,৫০,০০০ | ৫,০০,০০০ | ৫,৫০,০০০ | ৬,০০,০০০ |
| জেলা পরিষদের বরাদ্দ | | | | | | |
| ব্যক্তিগত অনুদান | | ১০,০০০ | ২০,০০০ | ৩০,০০০ | ৪০,০০০ | ৫০,০০০ |
| বিবিধ | | ৫০,০০০ | ৮০,০০০ | ১,৩০,০০০ | ১,৫০,০০০ | ১,৭০,০০০ |
| **মোট** | | **৯৮,০৬,০০০** | **১.০২.১১,৫০০** | **১,০৫,৯৭,৫০০** | **১,১০,৪৪,০০০** | **১,১৪,৩৬,০০০** |

**৯নং বাণীশান্তা ইউনিয়ন :**

* নাম - ৯ নং ইউনিয়ন পরিষদ।
* আয়তন - ৯৫৪(বর্গ কিঃ মিঃ)।
* লোকসংখ্যা -১৬,১২৪ জন (প্রায়) (২০১১ সালের আদম শুমারি অনুযায়ী)
* গ্রামের সংখ্যা- ১৬ টি।
* মৌজার সংখ্যা -১ টি।
* হাট/বাজার সংখ্যা -৩ টি।
* উপজেলা সদর থেকে যোগাযোগের মাধ্যম- মটর সাইকেল, নছিমন, ভ্যান, ট্রলার।
* শিক্ষার হার- ৪৮%। (২০০১ এর শিক্ষা জরীপ অনুযায়ী)
* সরকারী প্রাথমিক বিদ্যালয- ১০ টি
* উচ্চ বিদ্যালয - ৪টি
* মাদ্রাসা- ১টি।
* দাযিত্বরত চেযারম্যান - জনাব সুদেব কুমার রায়
* গুরুত্বপূর্ণ ধর্মীয় স্থান- ১ টি।
* ঐতিহাসিক/পর্যটন স্থান- নাই।
* ইউপি ভবন স্থাপন কাল-২০০৭ ইং।
* বয়স্ক ভাতাভোগী- ৪৪৪ জন।
* বিধবা ভাতাভোগী- ২৫১জন।
* অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী- ৫৬জন।

ঢ) গ্রাম সমূহের নাম : উত্তর বাণীশান্তা, আঁধারমানিক, ঝড়খালী, কাকড়াবুনিয়া, আমতলা, পূ: আমতলা, দঃ বাণীশান্তা, পঃ বাণীশান্তা, পূর্বঃ বাণীশান্তা, বাণীশান্তা বাজার, পূর্ব ঢাংমারী, ভোজনখালী

ণ) ইউনিয়ন পরিষদের জনবল :

১) নির্বাচিত পরিষদ সদস্য- ১২ জন
২) ইউনিয়ন পরিষদ সচিব-১ জন
৩) হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর
৪) ইউনিয়ন গ্রাম পুলিশ-১০ জন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উপজেলা-২শাখা**

স্মারক নং-স্থাসবি/উপ-২/পি-৪/২০০৯/১৪২২ তারিখঃ ১৭-০৬-২০১০ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০০৯ সনের ২৭ নং আইন দ্বারা পুনঃপ্রচলিত ও সংশোধিত) এর ধারা ২৪ এর ক্ষমতাবলে সরকার উক্ত আইনের তৃতীয় তফসিল অনুযায়ী উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/কর্ম উপজেলা পরিষদে হস্তান্তর করিল।

২। উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের কর্মকর্তাগণের কর্মতালিকা (Charter of Duties) নিম্নরূপ ঃ

**সংস্থাপন মন্ত্রণালয়**
**উপজেলা নির্বাহী অফিসার**

(১) উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ চেয়ারম্যানকে তাঁহার নির্বাহী ক্ষমতা প্রয়োগে সহায়তা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করিবেন। তিনি পরিষদের অর্থ ব্যয়ের ও প্রশাসনিক সিদ্ধান্তের সকল প্রস্তাব অনুমোদনের জন্য চেয়ারম্যানের নিকট উপস্থাপন করিবেন। তিনি পরিষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হইলে পরিষদের নির্বাহী ক্ষমতা প্রয়োগ করিবেন।

(২) তিনি উপজেলা পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবেন। তিনি দাপ্তরিক দায়িত্ব হিসাবে পরিষদের সভায় এবং প্রয়োজনীয় ক্ষেত্রে স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকিয়া আলোচনায় অংশগ্রহণ করিবেন, তবে ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন না।

(৩) তিনি বিধি অনুযায়ী নির্বাচিত পরিষদের প্রথম সভা আহ্বান করিবেন। তাহা ছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যানের পরামর্শে তিনি পরিষদের মাসিক সাধারণ সভা এবং জরুরী প্রয়োজনে পরিষদের অন্যুন এক তৃতীয়াংশ সদস্যের তলবী নোটিশে বিশেষ সভা আহ্বান করিতে পারিবেন।

(৪) তিনি পরিষদের আলোচ্যসূচিভুক্ত যে কোন বিষয়ে তাঁহার মতামত দিবেন এবং উক্তরূপ সুনির্দিষ্ট মতামতসহ প্রত্যেকটি আলোচ্যসূচি পরিষদের সভায় উপস্থাপন করিবেন।

(৫) উপজেলা পরিষদের সভায় গৃহীত কোন সিদ্ধান্ত সরকারের নিকট প্রেরণের প্রয়োজনীয়তা অনুভূত হইলে তিনি তাহা স্থানীয় সরকার বিভাগকে অবহিত করিবেন।

(৬) উপজেলা পরিষদে কোন অস্বাভাবিক বিষয়/পরিস্থিতি গোচরীভূত হইলে তিনি তাহা স্থানীয় সরকার বিভাগকে অবহিত করিবেন।

(৭) তিনি পরিষদের সকল কার্যাবলী সম্পাদনে এবং পরিষদের নীতিসমূহ বাস্তবায়নে পরিষদকে সহায়তা করিবেন। তিনি পরিষদের সভার সিদ্ধান্ত কার্যকর করিবার পদক্ষেপ নিবেন। তবে, তিনি যদি মনে করেন যে, সভার সিদ্ধান্ত আইনসংগতভাবে গৃহীত হয় নাই এবং উক্ত সিদ্ধান্ত বা সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হইলে মানুষের জীবন ও স্বাস্থ্য এবং জননিরাপত্তা বিঘ্নিত হইবে, তাহা হইলে তিনি পরিষদকে উহা পুনর্বিবেচনার জন্য লিখিত অনুরোধ করিবেন; পরিষদ উহার পূর্বের সিদ্ধান্ত বহাল রাখিলে তিনি বিষয়টি চেয়ারম্যানকে অবহিত করিয়া সরকার বা নির্ধারিত কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং পনের কার্য দিবসের মধ্যে সরকার বা নির্ধারিত কর্তৃপক্ষের কোন সিদ্ধান্ত পাওয়া না গেলে সরকার বা নির্ধারিত কর্তৃপক্ষকে অবহিত রাখিয়া সিদ্ধান্তটি বা সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৮) তিনি উপজেলা পরিষদে ন্যস্তকৃত কর্মকর্তাদের কার্যাদি সম্পাদনে সমন্বয়কের ভূমিকা-পালন করিবেন।

(৯) উপজেলা পর্যায়ের সকল উন্নয়নমূলক ও প্রশাসনিক কার্যাবলী তদারকিতে তিনি চেয়ারম্যানকে সহায়তা করিবেন। তিনি নিজেও উন্নয়নমূলক ও প্রশাসনিক কার্যাবলী তদারকি করিতে পারিবেন।

(১০) উপজেলার সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে ও বাস্তবায়নে তিনি পরিষদকে সহায়তা করিবেন।

(১১) তিনি পরিষদের তহবিল পরিচালনায় আর্থিক বিধিবিধানের আলোকে ব্যয়ের যথার্থতা যাচাই করিবেন এবং ব্যয় নির্বাহের ক্ষেত্রে পরিষদকে পরামর্শ প্রদান করিবেন। তিনি পরিষদ কর্তৃক নিরূপিত ব্যয় নির্বাহ করিবেন এবং পরিষদের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করিবেন।

(১২) তিনি উপজেলা পরিষদের বার্ষিক বাজেট প্রণয়ন ও অনুমোদনে পরিষদকে সহায়তা করিবেন। বাজেট অনুমোদনের পর তিনি স্থানীয় উন্নয়নমূলক ও প্রকল্পের ব্যয় নির্বাহের জন্য অর্থ ছাড়ের ব্যবস্থা নিবেন এবং তিনি

(ক) পরিষদকে উন্নয়নমূলক ও অনুন্নয়নমূলক ব্যয় অনুমোদনে পরামর্শ প্রদান করিবেন;

(খ) উপজেলায় সরকার কর্তৃক প্রত্যক্ষভাবে গৃহীত উন্নয়ন প্রকল্পের অর্থ সরকারের উন্নয়ন তহবিল হইতে ছাড় করিবার ব্যাপারে পরিষদকে সহায়তা করিবেন।

(১৩) তিনি উপজেলার অন্তর্গত উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতির ও ব্যয়ের হিসাব সংরক্ষণ করিবেন।

(১৪) তিনি চেয়ারম্যানের তদারকি ও নিয়ন্ত্রণে পরিষদের নিজস্ব কর্মকর্তা/কর্মচারীদের নিয়ন্ত্রণ করিবেন এবং তাহাদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করিবেন। তিনি চেয়ারম্যানের সাথে যৌথভাবে পরিষদের নিজস্ব কর্মকর্তা/কর্মচারীদের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(১৫) তিনি পরিষদের নির্দেশনার আলোকে প্রাকৃতিক দুর্যোগকালে খাদ্যসহ ত্রাণসামগ্রী গ্রহণ ও বিতরণের দায়িত্ব পালন করিবেন।

(১৬) তিনি পরিষদ কর্তৃক আইনবলে প্রদত্ত কার্যাবলী নিষ্পন্ন করিবেন।

(১৭) তিনি সরকার কর্তৃক নির্দেশিত বিভিন্ন প্রতিবেদন সরকারের নিকট বা নির্দেশিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

(১৮) তিনি সরকারি নির্দেশনার প্রয়োগ নিশ্চিত করিবেন।

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## (ক) স্বাস্থ্য অধিদপ্তর
## উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে এবং উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি উপজেলা পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রমের সার্বিক সমন্বয় সাধন ও তত্ত্বাবধান করিবেন।

(৩) তিনি উপজেলা ও তদ্‌নিম্ন পর্যায়ে 'অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ' (ESD) এর সরবরাহসহ অন্যান্য স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাদান কার্যক্রমের বাৎসরিক পরিকল্পনা (অবস্থা বিশ্লেষণ,লক্ষ্যমাত্রা নির্ধারণ, কৌশল নির্ধারণ ও পদ্ধতি চিহ্নিতকরণ) প্রণয়নের সার্বিক দিক-নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধান করিবেন।

(৪) তিনি উপজেলা ও তদ্‌নিম্ন পর্যায়ে স্থানীয় চাহিদা/অবস্থার প্রয়োজনে 'অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ'সহ অন্যান্য সেবা দান কার্যক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্ভাবনী পরিকল্পনা গ্রহণ করিবেন।

(৫) তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ইউনিয়ন সাবসেন্টার, কমিউনিটি ক্লিনিক পর্যায়ে 'অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ'সহ অন্যান্য সেবাদান কার্যক্রমের পর্যালোচনা, পর্যানুসরণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন করিবেন।

(৬) তিনি উপজেলা কেন্দ্রে অবস্থিত হাসপাতালের বহিঃবিভাগ, অন্তর্বিভাগ ও জরুরী বিভাগে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ কার্যক্রমের তত্ত্বাবধান, দিক-নির্দেশনা ও সহায়তা প্রদান করিবেন।

(৭) তিনি উপজেলা ও তদ্‌নিম্ন পর্যায়ে স্বাস্থ্য (হাসপাতাল/ক্লিনিক সেবাসহ) সেবার যথাযথ মানের নিশ্চিয়তা বিধানে (Quality Assurance) গৃহীতব্য কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান করিবেন।

(৮) তিনি কমিউনিটি ক্লিনিক হইতে জেলা হাসপাতাল পর্যন্ত একটি কার্যকর রেফারাল ব্যবস্থা প্রতিষ্ঠাকরণে সার্বিক দিক-নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধান করিবেন।

(৯) তিনি 'অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ' সম্পর্কে সেবা প্রদানকারী ও গ্রহণকারীদের মধ্যে সচেতনতা সৃষ্টিসহ কার্যকরভাবে 'অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ' সরবরাহ করিবার উদ্দেশ্যে গণঅংশগ্রহণ নিশ্চিতকরণে গৃহীতব্য কার্যক্রমের তত্ত্বাবধান করিবেন।

(১০) তিনি সংক্রামক রোগ, ছোঁয়াচে রোগ, নতুন রোগ ও পুরাতন রোগের পুনরাবির্ভাব সম্পর্কে সতর্ক দৃষ্টি রাখিবেন এবং মহামারীর প্রাদুর্ভাব দেখা দিলে প্রতিরোধ কার্যে প্রয়োজনীয় সমন্বয় সাধন ও সার্বিক তত্ত্বাবধান করিবেন।

(১১) তিনি আপদকালীন ও জরুরী পরিস্থিতি মোকাবিলার জন্য প্রয়োজনীয় সমন্বয় সাধন ও সার্বিক তত্ত্বাবধান করিবেন।

(১২) তিনি বিশেষ জনস্বাস্থ্য কার্যক্রমের উপর সতর্ক দৃষ্টি রাখিবেন এবং রোগ প্রতিরোধ কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান করিবেন।

(১৩) তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র/ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং কমিউনিটি ক্লিনিক সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে প্রয়োজনীয় ঔষধপত্র, যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণ সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ কাজের সার্বিক পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করিবেন।

(১৪) তিনি উপজেলা ও তদ্‌নিম্ন পর্যায়ে সকল প্রতিষ্ঠান/সেবা কেন্দ্রের মেরামত, রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা, পরিষ্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম পরিচালনায় তত্ত্বাবধান করিবেন।

(১৫) তিনি তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির (MIS) আওতায় সংগৃহীত তথ্য/উপাত্ত বিশ্লেষণ এবং স্থানীয় পর্যায়ে আলোচনাপূর্বক প্রয়োজনবোধে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ ও বিশ্লেষণসহ সংকলিত তথ্য, নীতি নির্ধারণ ও পর্যালোচনার জন্য নিয়মিতভাবে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টরের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন। একই সাথে আধুনিক তথ্য ব্যবস্থাপনার প্রয়োগ নিশ্চিত করিবেন।

(১৬) তিনি জন্ম, মৃত্যু ও বিবাহ সম্পর্কিত তথ্য সংগ্রহ ও সংকলন কার্যে প্রয়োজনীয় সমন্বয় সাধন ও তত্ত্বাবধান করিবেন।

(১৭) তিনি সংশ্লিষ্ট সরকারি অফিস, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, এন.জি.ও এবং ব্যক্তিখাতের উদ্যোক্তাদের সাথে যোগাযোগ স্থাপন ও সমন্বয় সাধনে কার্যকর ব্যবস্থা গ্রহণ ও সহায়তা প্রদান করিবেন।

(১৮) তিনি আচার-আচরণ ও দৃষ্টিভঙ্গির পরিবর্তনের উদ্দেশ্যে যোগাযোগের (Behaviour Change Communication) জন্য কার্যকর কৌশল উদ্ভাবন ও সুষ্ঠু বাস্তবায়নে গৃহীতব্য কার্যক্রমের তত্ত্বাবধান করিবেন।

(১৯) তিনি প্রচলিত সরকারি বিধি অনুসারে আওতাধীন এলাকায় অবস্থিত বেসরকারি ক্লিনিক, হাসপাতাল, প্যাথলজিক্যাল ল্যাবরেটরী কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান করিবেন।

(২০) তিনি নির্ভেজাল খাদ্য অধ্যাদেশ, লবণ অধ্যাদেশ, মাতৃদুগ্ধ সম্পর্কিত অধ্যাদেশ, ড্রাগস এ্যাক্ট ও পুষ্টিসহ স্বাস্থ্য ও জনসংখ্যা সম্পর্কিত আইন প্রয়োগে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(২১) তিনি রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করিবেন।

(২২) তিনি বিশেষ দিবসসমূহ পালনের জন্য পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২৩) তিনি মা, শিশু ও গরীব জনসাধারণের জন্য মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(২৪) তিনি সমাজের প্রতিবন্ধীসহ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(২৫) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তির প্রয়োগ ও ব্যবহার সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(২৬) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## জুনিয়র কনসালটেন্ট

(মেডিসিন/সার্জারী/গাইনী অবস্/চক্ষু/ইএনটি/অর্থো/শিশু/কার্ডিওলজি)

(১) তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নির্দেশনায় কাজ করিবেন।

(২) তিনি বিশেষায়িত জ্ঞান ও দক্ষতার সংশ্লিষ্ট ক্ষেত্রে ক্লিনিক্যাল মতামত ও পরামর্শ প্রদান করিবেন।

(৩) তিনি অন্তঃবিভাগ, বহিঃবিভাগ ও জরুরী বিভাগে যথাযথ চিকিৎসা ও সেবা প্রদান করিবেন।

(৪) তিনি প্রশিক্ষণ, অধ্যয়ন ও গবেষণার মাধ্যমে তাঁহার ক্লিনিক্যাল জ্ঞান ও দক্ষতা অক্ষুণ্ন রাখিবেন, উন্নতি সাধন এবং তাহা ব্যবহার করিবেন।

(৫) তিনি অধীনস্থ চিকিৎসক ও নার্সদের ক্লিনিক্যাল প্রশিক্ষণ প্রদান করিবেন।

(৬) তিনি নোটিফাইয়েবল রোগসমূহ অনতিবিলম্বে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অবহিত করিবেন।

(৭) তিনি রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করিবেন।

(৮) তিনি আচরণ পরিবর্তনের জন্য Behaviour Change Communication (BCC) কার্যক্রম পরিচালনা করিবেন।

(৯) তিনি নিরাপদ ও মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা রাখিবেন।

(১০) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## আবাসিক মেডিকেল অফিসার

(১) তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নির্দেশনায় কাজ করিবেন।

(২) তিনি হাসপাতাল ব্যবস্থাপনায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদান করিবেন।

(৩) তিনি হাসপাতালের সার্বিক মানসম্মত সেবা নিশ্চিতকল্পে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করিবেন।

(৪) তিনি হাসপাতালের অন্তঃবিভাগ, বহিঃবিভাগ ও জরুরী বিভাগে রোগীদের যথাযথ সেবা প্রদানের ব্যবস্থা করিবেন।

(৫) তিনি হাসপাতালের নারী, শিশু, দরিদ্র জনগোষ্ঠী ও প্রতিবন্ধীদের চিকিৎসার অনুকূল পরিবেশ নিশ্চিত করিবেন।

(৬) তিনি কর্মচারী ও রোগীদের মধ্যে আচরণগত পবিবর্তনের জন্য BCC কার্যক্রম পরিচালনা করিবেন।

(৭) তিনি অনুমোদিত তালিকা অনুযায়ী ভর্তি রোগীদের মধ্যে খাদ্য সরবরাহ নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৮) তিনি হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার সার্বিক কর্মকাণ্ডের তত্ত্বাবধানসহ ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(৯) তিনি হাসপাতালের ওয়ার্ড, বেড, আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং সেইগুলি যথাযথ রক্ষণাবেক্ষণ নিশ্চিত করণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১০) তিনি মেডিকো-লিগ্যাল বিষয়ক অর্পিত দায়িত্ব পালন এবং উহাদের রেকর্ড যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১১) তিনি হাসপাতালের মাসিক/ত্রৈমাসিক/বাৎসরিক ঔষধপত্র, উপকরণাদি, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি চাহিদা নিরূপণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপনসহ সমন্বয় সাধন ও তত্ত্বাবধান করিবেন।

(১২) তিনি সংক্রামক রোগ, ছোঁয়াচে রোগ, নতুন রোগ ও পুরাতন রোগের পুনরাবির্ভাব নিয়ন্ত্রণের জন্য মাঠ পর্যায়ের কার্যক্রমে কারিগরী সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১৩) তিনি হাসপাতালের রোগ সম্পর্কে যাবতীয় তথ্য ব্যবস্থাপনার দায়িত্ব পালনসহ আধুনিক তথ্য ব্যবস্থার প্রয়োগ করিবেন।

(১৪) তিনি মহামারী রোগ বিস্তার প্রতিরোধে আপদকালীন জরুরী পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

(১৫) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া)

(১) তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নির্দেশনায় কাজ করিবেন।

(২) তিনি অপারেশনের রোগীদের প্রি-অপারেটিভ চেকআপ এবং রোগীদের সঠিকভাবে এনেসথেসিয়া প্রদান করিবেন।

(৩) তিনি হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতা, রেকর্ড কিপিং এবং হাসপাতাল ব্যবস্থাপনায় কর্তৃপক্ষকে সহায়তা করিবেন।

(৪) তিনি কর্মচারী ও রোগীদের মধ্যে আচরণগত পরিবর্তনের জন্য BCC কার্যক্রম পরিচালনা করিবেন।

(৫) তিনি সংশ্লিষ্ট বিভাগের ইলেকট্রো-মেডিকেল যন্ত্রপাতিসহ অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম রক্ষণাবেক্ষণ নিশ্চিত করিবেন।

(৬) তিনি রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করিবেন।

(৭) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## মেডিকেল অফিসার

(১) তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নির্দেশনায় কাজ করিবেন।

(২) তিনি বহির্বিভাগ, জরুরী বিভাগ ও অন্তর্বিভাগ রোগীদের যথাযথ চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করিবেন।

(৩) তিনি হাসপাতালের পরিবেশ, পরিষ্কার পরিচ্ছন্নতা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করিবেন।

(৪) তিনি সকল স্টাফ এবং রোগীদের মধ্যে আচরণগত পরিবর্তনের জন্য BCC কার্যক্রম পরিচালনা করিবেন।

(৫) তিনি দৈনিক ভিজিটর প্রোফাইল তৈরীসহ সঠিক রেকর্ড কিপিং নিশ্চিত করিবেন।

(৬) তিনি রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করিবেন।

(৭) তিনি নিরাপদ ও মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন করিবেন।

(৮) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## জেনারেল সার্জন

(১) তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নির্দেশনায় কাজ করিবেন।

(২) তিনি হাসপাতালের বহির্বিভাগ ও জরুরী বিভাগে আগত এবং অন্তর্বিভাগে ভর্তি রোগীদের শল্য চিকিৎসা নিশ্চিত করিবেন।

(৩) তিনি রোগীদের সম্পর্কে যথাযথ রেকর্ড সংরক্ষণ করিবেন।

(৪) তিনি হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পরিবেশ রক্ষায় কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করিবেন।

(৫) তিনি রোগী, রোগীদের সঙ্গে আগত ব্যক্তিবর্গ ও স্টাফদের আচরণ পরিবর্তনের জন্য BCC কার্যক্রম পরিচালনা করিবেন।

(৬) তিনি সরঞ্জামাদি ব্যবস্থাপনা ও এতদ্‌সংক্রান্ত রিপোর্ট প্রদান নিশ্চিত করিবেন।

(৭) তিনি রোগীর চিকিৎসা ও সেবার ক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত নৈতিকতা রক্ষা করিবেন।

(৮) তিনি নিরাপদ ও মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকরী ভূমিকা পালন করিবেন।

(৯) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## (খ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর

### উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে এবং উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি উপজেলা পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যক্রমের ব্যবস্থাপনা, তত্ত্বাবধান এবং বাস্তবায়ন নিশ্চিত করিবেন।

(৩) তিনি মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা কার্যক্রম সমন্বয় করিবেন।

(৪) তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক এবং স্যাটেলাইট ক্লিনিকসমূহের মাঠ পর্যায়ে তদারকি করিবেন।

(৫) তিনি কর্ম এলাকার বেসরকারি সংস্থাসমূহের কার্যক্রমের সমন্বয় সাধন এবং প্রয়োজনীয় সুপারিশ প্রদান করিবেন।

(৬) তিনি লক্ষ্যমাত্রা অনুসারে মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা প্রদান, মনিটরিং ও মূল্যায়ন করিবেন।

(৭) তিনি মাঠ পর্যায়ে জন্মনিয়োধক এবং শিশু স্বাস্থ্য সেবা গ্রহণকারীদের উপাত্ত যাচাই করিবেন।

(৮) তিনি মাঠ পর্যায়ে তথ্য, শিক্ষা ও যোগাযোগ কার্যক্রম নিশ্চিতকরণ, সক্রিয় অংশগ্রহণ এবং মনিটরিং করিবেন।

(৯) তিনি এলাকায় মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ক প্রচারাভিযান উদ্বুদ্ধকরণ সভার আয়োজন ও বাস্তবায়ন করিবেন।

(১০) তিনি উপজেলা/ইউনিয়ন পরিষদ এবং নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের অংশগ্রহণের মাধ্যমে উদ্বুদ্ধকরণের কর্মসূচি প্রণয়ন করিবেন ও বাস্তবায়ন করিবেন।

(১১) তিনি এলাকায় বৃক্ষরোপণ, নিরক্ষতা দূরীকরণ, হাঁস-মুরগী ও ছাগল পালন, বাল্য বিবাহ রোধকল্পে আইইসি কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করিবেন।

(১২) তিনি এলাকায় নানাবিধ সংক্রামক ব্যাধি, এইডস, এসটিডি, আরটিআই যক্ষা, কুষ্ঠ প্রভৃতি রোগ সম্পর্কিত শিক্ষা প্রদান করিবেন।

(১৩) তিনি মাঠ পর্যায়ে তথ্য সংরক্ষণ, তথ্য সরবরাহ ও তাহার ব্যবহার নিশ্চিত করিবেন।

(১৪) তিনি মাঠ পর্যায়ে পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার তদারক, মনিটরিং ও বাস্তবায়ন করিবেন।

(১৫) তিনি পুষ্টি কার্যক্রম পরিচালনায় অর্পিত দায়িত্ব পালন করিবেন।

(১৬) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তির প্রয়োগ ও ব্যবহার সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(১৭) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে এবং উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন।

(২) তিনি মা, শিশু ও প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং পুষ্টি সেবার সমন্বয় ও সেবা প্রদান নিশ্চিত করিবেন।

(৩) তিনি প্রতিটি ইউনিয়নে নিয়মিত কমিউনিটি ক্লিনিক ও স্যাটেলাইট ক্লিনিক সংগঠন নিশ্চিত করিবেন।

(৪) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তার সমন্বয়ে পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের তদারকি করিবেন।

(৫) তিনি মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং পুষ্টি কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন, মনিটরিং ও মূল্যায়ন করিবেন।

(৬) তিনি কমিউনিটি ক্লিনিক ও স্যাটেলাইট ক্লিনিক কার্যক্রম মনিটর করিবেন।

(৭) তিনি মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারী এবং মা, শিশুস্বাস্থ্য ও পুষ্টি সেবা গ্রহণকারীদের উপাত্ত যাচাই করিবেন।

(৮) তিনি পরিবার পরিকল্পনা ক্লিনিক্যাল সুপারভিশন টিম এবং ভিজিল্যান্স টিমের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৯) তিনি মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং জরুরী প্রসূতি সেবা (ইওসি) কার্যক্রমের সার্বিক দায়িত্ব পালন ও সেবার গুণগতমান নিশ্চিত করিবেন।

(১০) তিনি প্রসব-পূর্ব, প্রসবকালীন ও প্রসবোত্তর মায়েদের সেবাদান তাঁহাদের রেজিস্ট্রেশন, সেবাদান সংক্রান্ত ইতিহাস, প্রয়োজনীয় পরীক্ষাসহ সকল তথ্য সংরক্ষণ নিশ্চিত করিবেন।

(১১) তিনি ঝুঁকিপূর্ণ গর্ভবতী মায়েদের চিহ্নিতকরণ, পরীক্ষা, সেবাদান, রেফারেল এবং ফলো-আপ কর্মসূচি নিশ্চিত করিবেন।

(১২) তিনি পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণেচ্ছুদের সঠিক বাছাই, পরামর্শদান এবং প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা প্রদান ও ফলো-আপ নিশ্চিত করিবেন।

(১৩) তিনি ঝুঁকিপূর্ণ গর্ভবতী মা ও শিশু এবং পরিবার পরিকল্পনা গ্রহীতাদের জটিলতার চিকিৎসা করিবেন এবং প্রয়োজনে হাসপাতালে প্রেরণ করিবেন।

(১৪) তিনি অনূর্ধ্ব পাঁচ বৎসরের শিশুদের যথাযথ চিকিৎসা ও গ্রোথ মনিটরিং নিশ্চিত করিবেন।

(১৫) তিনি তথ্য, শিক্ষা ও যোগাযোগ কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণ করিবেন।

(১৬) সকল সেবা কেন্দ্রে (মা ও শিশুস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং পুষ্টি বিষয়ক) তথ্য, শিক্ষা ও যোগাযোগ উপকরণ সরবরাহে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সহায়তা করিবেন।

(১৭) তিনি মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ, তথ্য সমন্বয় ও তাহার ব্যবহার নিশ্চিত করিবেন।

(১৮) তিনি মাঠ কর্মীদের সহযোগিতায় সেবা প্রদান পরিসংখ্যান ব্যবহার করিয়া স্থানীয় ভিত্তিতে চিহ্নিত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১৯) তিনি সেবা কেন্দ্রগুলোতে সরবরাহকৃত ঔষধ ও সরঞ্জামের সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করিবেন।

(২০) তিনি উপজেলা সার্চ বোর্ডে সদস্য হিসাবে কাজ করিবেন।

(২১) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

(১) তিনি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার নির্দেশনায় কাজ করিবেন।

(২) তিনি মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা কার্যক্রম সমন্বয়ে সহায়তা করিবেন।

(৩) তিনি উপজেলার জন্য বাৎসরিক এবং মাসিক পরিবার পরিকল্পনা লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারণে সহায়তা করিবেন।

(৪) তিনি লক্ষ্যমাত্রা অনুসারে মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা প্রদান, মনিটরিং ও মূল্যায়নে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সহায়তা করিবেন।

(৫) তিনি মাসিক কাজের অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ করিবেন।

(৬) তিনি মাঠ পর্যায়ে জন্মনিরোধক এবং শিশু স্বাস্থ্য সেবা গ্রহণকারীদের উপাত্ত যাচাই করিবেন।

(৭) তিনি মাঠ পর্যায়ে তথ্য, শিক্ষা ও যোগাযোগ কার্যক্রম নিশ্চিতকরণ এবং সক্রিয় অংশগ্রহণ করিবেন।

(৮) তিনি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পরামর্শক্রমে এলাকায় মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ক প্রচারাভিযান, উদ্বুদ্ধকরণ সভার আয়োজন ও বাস্তবায়ন করিবেন।

(৯) তিনি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পরামর্শক্রমে উপজেলা/ইউনিয়ন পরিষদ এবং নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের অংশগ্রহণের মাধ্যমে উদ্বুদ্ধকরণের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করিবেন।

(১০) তিনি মাঠ পর্যায়ে তথ্য সংরক্ষণ, তথ্য সরবরাহ ও তাহার ব্যবহার নিশ্চিত করিবেন।

(১১) তিনি মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত সকল পদক্ষেপ গ্রহণ, উপকরণ সংগ্রহ, বিতরণ রক্ষণাবেক্ষণ ইত্যাদি কার্যক্রমে উপজেলা পরিবার পরিকল্পনাকে সার্বিক সহায়তা প্রদান করিবেন।

(১২) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## সিনিয়র পরিবার কল্যাণ পরিদর্শিকা

(১) তিনি মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি) এর কারিগরী ও প্রশাসনিক নিয়ন্ত্রণে কাজ করিবেন।

(২) তিনি পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্তৃক প্রদত্ত সেবার গুণগতমান বজায় রাখিবার কার্যক্রম গ্রহণ করিবেন।

(৩) তিনি স্থায়ী ও কমিউনিটি ক্লিনিক এবং স্যাটেলাইট ক্লিনিকগুলিতে ৫ (পাঁচ) বছরের কম বয়সের শিশুদের গ্রোথ মনিটরিং নিশ্চিত করিবেন।

(৪) তিনি স্থায়ী ও কমিউনিটি ক্লিনিক এবং স্যাটেলাইট ক্লিনিকগুলিতে স্বাস্থ্য ও পুষ্টি শিক্ষা এবং পরিবার পরিকল্পনা সম্পর্কিত পরামর্শ প্রদান করিবেন।

(৫) তিনি কর্মসূচি অনুযায়ী কমিউনিটি ক্লিনিক ও স্যাটেলাইট ক্লিনিক সংগঠন এবং বাস্তবায়ন নিশ্চিত করিবেন।

(৬) তিনি পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্তৃক গর্ভবতী মায়েদের ফলো-আপ নিশ্চিত করিবেন।

(৭) তিনি বন্ধ্যাকরণ, আইইউডি ও ইনজেকশন গ্রহণকারীদের সঠিক পরামর্শ প্রদান, যথাযথ বাছাই ও ফলো-আপ কার্যক্রমে সহায়তা প্রদান করিবেন।

(৮) তিনি এমআর সার্ভিসের গুণগতমান নিশ্চিত করিবেন।

(৯) তিনি গর্ভবতী মা ও শিশুদের খাবার, পরিচর্যা, শিশুস্বাস্থ্য সেবা প্রভৃতি বিষয়ে পরামর্শ প্রদান নিশ্চিত করিবেন।

(১০) তিনি তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন তৈরীতে পরিবার কল্যাণ পরিদর্শিকাকে সহায়তা প্রদান করিবেন।

(১১) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## কৃষি মন্ত্রণালয়
## কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
## উপজেলা কৃষি অফিসার

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি উপজেলা পরিষদের সাথে সমন্বয় করিয়া স্থানীয় কৃষি উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করিবেন।

(৩) তিনি অগ্রাধিকারভিত্তিতে উচ্চমূল্য শস্য উৎপাদন ও বহুমুখীকরণসহ বাণিজ্যিক কৃষি উন্নয়নে স্থানীয় কার্যক্রম পরিচালনা করিবেন।

(৪) তিনি স্থানীয় পর্যায়ে কৃষি বিষয়ক তথ্য আহরণ, সংরক্ষণ ও বিতরণসহ একটি ডাটা ব্যাংক তৈরীতে কাজ করিবেন।

(৫) তিনি সার, বীজ, সেচসহ আধুনিক কৃষি যন্ত্রপাতি সরবরাহ, প্রাপ্তি ও বিতরণের কাজে সমন্বয় সাধন করিবেন।

(৬) তিনি উন্নত কৃষি পদ্ধতির প্রচার ও প্রসারের জন্য প্রদর্শনীর ব্যবস্থা করিবেন এবং মডেল কৃষি খামার চালু ও রক্ষণাবেক্ষণের কাজে সমন্বয় সাধন করিবেন।

(৭) তিনি ভূ-উপরিস্থিত পানির সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণে সেচ ও পানি নিষ্কাশনের জন্য খাল খনন, পুনঃখনন, আন্তঃইউনিয়ন ও উপজেলা ক্ষুদ্র সেচ প্রকল্প কাজের সমন্বয় সাধন করিবেন।

(৮) তিনি দানাদার ফসল, পাট, ফল ও শাক-সবজীসহ অন্যান্য ফসলের উৎপাদন সম্পর্কিত প্রযুক্তি প্রসারের ব্যবস্থা নিবেন।

(৯) তিনি লাগসই কৃষি প্রযুক্তি গ্রহণে কৃষকদের উৎসাহ বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণে স্থানীয়ভাবে কৃষি প্রযুক্তি মেলার আয়োজন করিবেন।

(১০) তিনি কৃষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার ও সম্প্রসারণে সময়োপযোগী ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১১) তিনি বৈশ্বিক জলবায়ু পরিবর্তনজনিত কারণে কৃষিতে বিরূপ প্রভাব মোকাবেলায় স্থানীয় পর্যায়ে উদ্যোগ গ্রহণ করিবেন এবং সংশ্লিষ্ট বিভাগ/সংস্থার সাথে সমন্বয় সাধন করিবেন।

(১২) তিনি মাটির স্বাস্থ্য রক্ষায় পরিবেশ-বান্ধব গোবর ও জৈব সার তৈরী ও ব্যবহারে উৎসাহ প্রদান করিবেন।

(১৩) তিনি পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করিবেন।

(১৪) তিনি উপজেলা পরিষদের অনুমোদনক্রমে জাতীয় উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পতিত জমি উদ্ধার ও চাষের আওতায় আনার ব্যবস্থা নিবেন।

(১৫) তিনি কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তিতে স্থানীয় পর্যায়ে শস্য গুদাম নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত দায়িত্ব পালনে আন্তঃবিভাগীয় সমন্বয় সাধন করিবেন।

(১৬) তিনি কৃষক সংগঠন তৈরী ও উন্নয়নে প্রয়োজনীয় উদ্যোগ নিবেন ও রক্ষণাবেক্ষণ করিবেন।

(১৭) তিনি কৃষক সেবা কেন্দ্রসমূহের গতিশীলতা আনয়ন ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

(১৮) তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রকল্প ও কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নে তাঁহার উপর অর্পিত দায়িত্ব পালন করিবেন।

(১৯) তিনি উপজেলা পর্যায়ে আধুনিক ও টেকসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণে গবেষণা, সম্প্রসারণ এবং কৃষকদের সমন্বয় সাধনে কাজ করিবেন।

(২০) তিনি অধীনস্থ সম্প্রসারণ কর্মীদের কাজের তদারকি করিবেন।

(২১) তিনি উপজেলার সকল কৃষি বিষয়ক কমিটিতে সচিবিক দায়িত্ব পালন করিবেন।

(২২) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তির প্রয়োগ ও ব্যবহার সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(২৩) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## অতিরিক্ত কৃষি অফিসার

(১) তিনি উপজেলা কৃষি অফিসারের নির্দেশনায় দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি স্থানীয় পর্যায়ে কৃষক প্রশিক্ষণের চাহিদা নিরূপণ, চিহ্নিতকরণ ও প্রশিক্ষণ মডিউল তৈরীকরণে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) তিনি মাঠ পর্যায়ের সকল কর্মকান্ড পরিদর্শনের মাধ্যমে রিপোর্ট প্রদানসহ কার্যকর ও ফলপ্রসূ ব্যবস্থা গ্রহণে উপজেলা কৃষি অফিসারকে সহায়তা করিবেন।

(৪) তিনি উপজেলা সার ও বীজ মনিটরিং কাজে তদারকিসহ সরকার কর্তৃক প্রকাশিত গেজেটে অর্পিত নির্ধারিত দায়িত্ব পালন করিবেন।

(৫) তিনি উপজেলায় আন্তঃবিভাগীয় বিভিন্ন কর্মকান্ডের সমন্বয় সাধনে উপজেলা কৃষি অফিসারকে সহায়তা করিবেন।

(৬) তিনি উপজেলা কৃষি অফিসারের অনুপস্থিতিতে সার্বিক দায়িত্ব পালন করিবেন।

(৭) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## কৃষি সম্প্রসারণ অফিসার

(১) তিনি উপজেলা কৃষি অফিসারের নির্দেশনায় দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি শস্য উৎপাদন, সংরক্ষণ, সেচ ও মাটি ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণে উপজেলা কৃষি অফিসারকে কারিগরী সহায়তা প্রদান করিবেন।

(৩) তিনি স্থানীয় পর্যায়ে কৃষি প্রযুক্তি বিস্তার ও প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নে উপসহকারী কৃষি কর্মকর্তাদের কারিগরী নির্দেশনা ও সহযোগিতা প্রদান করিবেন।

(৪) তিনি উপজেলা সার ও বীজ মনিটরিং কাজে তদারকীসহ কীটনাশকের মান নিয়ন্ত্রণে সরকার কর্তৃক প্রকাশিত গেজেটে অর্পিত নির্ধারিত দায়িত্ব পালন করিবেন।

(৫) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার

(১) তিনি উপজেলা কৃষি অফিসারের নির্দেশনায় দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি কৃষি সম্প্রসারণ কর্মসূচির পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়নের ক্ষেত্রে উপজেলা কৃষি কর্মকর্তাকে সহায়তা করিবেন।

(৩) তিনি কর্মচারী ও কৃষকদের প্রশিক্ষণে অংশগ্রহণের ব্যবস্থা করিবেন।

(৪) তিনি কৃষি সম্পদের পরিমাণ নির্ধারণ করিবেন এবং মাঠ পর্যায়ে কোন বিষয়ের উপস্থাপনার তদারকী করিবেন।

(৫) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

### উপজেলা মৎস্য কর্মকর্তা

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি খাস জলমহাল ব্যবস্থাপনায় অংশগ্রহণ করিবেন এবং স্থায়িত্বশীল মৎস্য উৎপাদন ও আহরণ নিশ্চিতকল্পে যাবতীয় জৈবিক তথ্যাদি (biological data) সংগ্রহ ও সংরক্ষণ করিবেন।

(৩) তিনি মৎস্য চাষ সম্প্রসারণ কার্যক্রম সম্পর্কিত সেবা প্রদান করিবেন।

(৪) তিনি বিভিন্ন ধরণের মৎস্য আইন প্রয়োগ ও বাস্তবায়ন করিবেন।

(৫) তিনি মৎস্য চাষ সম্প্রসারণ ও মৎস্য উন্নয়নের নিমিত্ত যাবতীয় উপকরণ সরবরাহ ও ঋণ প্রদান কার্যক্রম সচল রাখার বিষয়টি সমন্বয় করিবেন।

(৬) তিনি মাছের উৎপাদন, বাজারজাতকরণ ও পরিবহণের সার্বিক পরিকল্পনা প্রণয়ন করিবেন।

(৭) তিনি মৎস্য সেক্টরের যাবতীয় প্রকল্পের কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করিবেন।

(৮) তিনি মৎস্য চাষী ও মৎস্যজীবীদের প্রশিক্ষণের পরিকল্পনা, প্রশিক্ষণ প্রদান ও উদ্বুদ্ধকরণের যাবতীয় দায়িত্ব পালন করিবেন ও কর্মসূচি প্রণয়ন করিবেন।

(৯) তিনি পুকুর দীঘি ও অন্যান্য জলাশয়ে বিজ্ঞানভিত্তিক মৎস্য চাষ সম্পাদনের ব্যবস্থা নিবেন।

(১০) তিনি উপজেলা সদর দপ্তরের পুকুর ও দীঘিতে মাছের পোনা মজুদ ও ইন্স্টিটিউশনসমূহের মৎস্য চাষ কার্যক্রম তদারকী করিবেন।

(১১) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

### উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি পশুসম্পদ অধিদপ্তরের দেশব্যাপী বিস্তৃত সম্প্রসারণ নেটওয়ার্কের মাধ্যমে ডিম, দুধ, মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জনসাধারণের কাছে আধুনিক প্রযুক্তিগত কলাকৌশল গ্রহণযোগ্য ও জনপ্রিয় করিবার কার্যক্রম গ্রহণ করিবেন।

(৩) তিনি পশুপাখির রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কার্যক্রমের আওতায় টিকা প্রয়োগ ও সম্প্রসারণমূলক কার্যক্রম গ্রহণ এবং নমুনা সংগ্রহের মাধ্যমে রোগজীবাণু নির্ণয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৪) তিনি ভূমিহীন ও দরিদ্র জনগোষ্ঠী, বেকার যুবক ও যুব মহিলা, বিভিন্ন শ্রেণীর উদ্যোক্তা, সাধারণ হাঁস-মুরগি ও গবাদি পশু পালনকারীদের ভিন্ন ভিন্ন প্যাকেজ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর করিবেন।

(৫) তিনি উপজেলা পর্যায়ে দরিদ্র ও অবহেলিত জনগোষ্ঠীর দারিদ্র হ্রাস ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে জনসাধারণের নিকট ঔষধ, হাঁস মুরগির বাচ্চা, ছাগল, বকনা, গাভী, পশু খাদ্যসহ অন্যান্য উপকরণ সরবরাহ করিবেন।

(৬) তিনি জনসাধারণকে পশু-পাখির বিভিন্ন রোগ-ব্যাধি ও এইগুলির প্রতিকারের ব্যবস্থা সম্পর্কে সচেতন করিবার জন্য স্থানীয়ভাবে নানামুখী পদক্ষেপ গ্রহণ এবং পশু-পাখি ও গবাদিপশু বিষয়ক আইন প্রয়োগে পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৭) তিনি পশু-পাখির পুষ্টিমান সম্পর্কে খামারী ও উদ্যোক্তাদের প্রশিক্ষণ এবং ঘাস উৎপাদন ও সম্প্রসারণে বিভিন্নমুখী প্রচারণার উদ্যোগ গ্রহণ করিবেন।

(৮) তিনি পশু-পাখি পালনের জন্য জনসাধারণের ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টিতে সহায়তা প্রদান, অধিদপ্তরের নিজস্ব অর্থায়নে ঋণ ও প্রযুক্তি সরবরাহ এবং প্রশিণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি করিবেন।

(৯) তিনি গবাদি পশুর কৌলিক বৈশিষ্ট্যের উন্নয়নে কৃত্রিম প্রজনন কার্যক্রম ও সম্প্রসারণমূলক কার্যক্রম পরিচালনা করিবেন।

(১০) তিনি পরিবেশ দূষণরোধের লক্ষ্যে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন ও পশুবর্জ্য প্রক্রিয়াকরণে প্রযুক্তিগত উৎসাহ প্রদান করিবেন।

(১১) তিনি গবাদি পশু ও হাঁস-মুরগির খামার স্থাপনে উৎসাহী উদ্যোক্তাকে আধুনিক প্রযুক্তিগত কলা-কৌশলের উপর প্রশিক্ষণ প্রদান করিবেন।

(১২) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার ও প্রয়োগ সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(১৩) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## ভেটেরিনারি সার্জন

(১) তিনি উপজেলা পশু সম্পদ কর্মকর্তার নির্দেশনায় দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি উপজেলা পর্যায়ে পশু হাসপাতালের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা হিসেবে পশু-পাখি ও গবাদি পশুর চিকিৎসা ও স্বাস্থ্য রক্ষার দায়িত্ব পালন করিবেন।

(৩) তিনি পশু-পাখি হইতে মানুষে সংক্রামিত হইতে পারে এই ধরণের রোগব্যাধি বিশেষ করিয়া এভিয়ান ইনফ্লুয়েঞ্জা, এইচ১এন১ ইত্যাদি সম্পর্কে জনসাধারণকে সচেতন করা এবং রোগব্যাধি দমনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) তিনি পশুজাত খাদ্য যেন জনসাধারণের স্বাস্থ্যের জন্য হুমকি হইয়া না দাঁড়ায় সেই বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিবেন।

(৫) তিনি পশু-পাখি ও গবাদি পশুর রোগ প্রতিরোধ, প্রতিকার, নিয়ন্ত্রণ ও রোগ নির্মূলে প্রশিক্ষণ প্রদান করিবেন।

(৬) তিনি পশু চিকিৎসার ক্ষেত্রে বিভিন্ন রোগের ইপিডেমিওলজিক্যাল তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করিবেন।

(৭) তিনি কসাইখানা ও মাংস বিক্রয় স্থাপনার অবস্থা পর্যালোচনাপূর্বক পরিস্থিতি উন্নয়নের উদ্যোগ গ্রহণ করিবেন।

(৮) তিনি গবাদি পশু ও হাঁস-মুরগির খামারে যেই সকল সাধারণ রোগ-ব্যাধি হইয়া থাকে সেই ব্যাপারে পালনকারীদের সচেতন করিবেন ও তাঁহাদের করণীয় সম্পর্কে পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করিবেন।

(৯) তিনি গবাদি পশুর কৌলিক বৈশিষ্ট্যের উন্নয়নে প্রজননবাহিত রোগ নিয়ন্ত্রণ ও নির্মূলে কৃত্রিম প্রজনন কার্যক্রম এর সঠিক প্রয়োগ করিবেন।

(১০) তিনি নমুনা সংগ্রহের মাধ্যমে রোগ জীবাণু নির্ণয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন।

(১১) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ

## ত্রাণ অধিদপ্তর

### উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও)

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি গ্রামীণ অবকাঠামো সংস্কার (গ্রাঅস) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (গ্রাঅর) কর্মসূচির উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিব হিসাবে কাজ করিবেন।

(৩) তিনি 'উপজেলা পরিকল্পনা পুস্তকের' ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসারকে প্রকল্প নির্ধারণে সহযোগিতা করিবেন এবং কারিগরী যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইবেন।

(৪) তিনি গ্রাঅস/গ্রাঅর কর্মসূচি নিবিড়ভাবে তত্ত্বাবধান করিবেন এবং যথাযথভাবে ও সময়মত প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন, সরেজমিনে প্রকল্পস্থল পরিদর্শন, পরিমাপ গ্রহণ ও পরিবীক্ষণ এর মাধ্যমে সম্পাদিত মাটির কাজের ভিত্তিতে খাদ্যশস্য/ অর্থ ছাড় করিবার জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে অনুমোদনের জন্য নথি উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট উপস্থাপন করিবেন।

(৫) তিনি ভি, জি, এফ/ ভিজিডিপি এবং প্রাতিষ্ঠানিক ফিডিং কেন্দ্রের জন্য উপজেলা পরিষদের নিকট দায়ী থাকিবেন এবং কেন্দ্র তত্ত্বাবধানে প্রকল্প কমিটির সদস্য সচিব হিসাবে কাজ করিবেন। তিনি গুদামে নষ্ট হইয়া যাওয়া খাদ্য শস্য নিস্পত্তিকরণ কমিটিরও সদস্য-সচিব থাকিবেন।

(৬) তিনি ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত প্রকৃত অনুগ্রাহকদের (বেনিফিশিয়ারী) তালিকা যাচাই/বাছাই করিয়া উপজেলা নির্বাহী অফিসারের নিকট পেশ করিবেন।

(৭) তিনি ভিজিএফ/ভিজিডি কেন্দ্রের খাদ্যশস্য বিতরণ কার্যক্রম নিশ্চিত করিবেন।

(৮) তিনি সরকার কর্তৃক বিনামূল্যে প্রদত্ত ত্রাণসামগ্রী/অর্থ সাহায্য গ্রহণ, বিতরণ ও সংরক্ষণের জন্য দায়ী থাকিবেন।

(৯) তিনি প্রাকৃতিক দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সার্বিক ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে উপজেলা পরিষদকে সহযোগিতা করিবেন।

(১০) তিনি অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচির প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়নে উপজেলা পরিষদকে সহায়তা করিবেন।

(১১) তিনি অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচির প্রকল্প বাস্তবায়নে নিয়োজিত শ্রমিকদের মজুরী প্রদান নিশ্চিত করিবেন এবং অর্থ ব্যয়ের যাবতীয় কাগজপত্র নিরীক্ষার জন্য সংরক্ষণ করিবেন।

(১২) তিনি প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির বিবরণ নির্ধারিত প্রস্তুতপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

(১৩) তিনি উপজেলা পরিষদে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রতিনিধিত্ব করিবেন।

(১৪) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়
## সমাজসেবা অধিদপ্তর
## উপজেলা সমাজসেবা অফিসার

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি উপজেলা পর্যায়ে পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) বাস্তবায়নে নিয়মিত প্রকল্প গ্রামসমূহ পরিদর্শন করিবেন।

(৩) তিনি নির্বাচিত গ্রামসমূহের লক্ষ্য জনগোষ্ঠী নির্বাচনে আর্থ-সামাজিক অবস্থান নির্ধারণের জন্য জরিপ কার্য পরিচালনার ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) পল্লী সমাজসেবা কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রকল্প গ্রামের লক্ষ্য জনগোষ্ঠীকে আর্থ-সামাজিক উন্নয়নে সংগঠিত ও উদ্বুদ্ধ করিবেন।

(৫) তিনি প্রকল্পভুক্ত গ্রামের লক্ষ্য জনগোষ্ঠীকে কর্মসূচিতে অন্তর্ভুক্তকরণ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৬) তিনি উপজেলা পর্যায়ে সমাজসেবা অধিদপ্তর পরিচালিত অনুরূপ উন্নয়ন কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন ও সমন্বয় সাধন করিবেন।

(৭) তিনি উপজেলা পর্যায়ে জাতি গঠনমূলক অন্যান্য বিভাগ/দপ্তরের সহিত ঘনিষ্ঠ সহযোগিতা, যোগাযোগপূর্বক কাজের সমন্বয় সাধন করিবেন।

(৮) তিনি স্থানীয় সম্পদের সদ্ব্যবহার এবং প্রকল্প গ্রামে বিভিন্ন আর্থ-সামাজিক ও মানব সম্পদ উন্নয়নমূলক কার্যাদি বাস্তবায়নে লক্ষ্য জনগোষ্ঠীকে সংগঠিত করিবেন।

(৯) তিনি নিবন্ধিত স্থানীয় স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে এলাকার আর্থ-সামাজিক উন্নয়নমূলক কাজে সম্পৃক্ত করিবেন।

(১০) তিনি বিভিন্ন ক্যাটাগরীর প্রতিবন্ধী ব্যক্তিদের সনাক্তকরণ এবং তাঁহাদের হালনাগাদ তথ্যাদি সংরক্ষণ করিবেন।

(১১) তিনি প্রতিবন্ধীদের জন্য জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং সমাজসেবা অধিদপ্তর কর্তৃক গৃহিত কর্মসূচির সমন্বয় ও বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

(১২) তিনি সরকার, উপজেলা পরিষদ এবং অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

### প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
### প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
### উপজেলা শিক্ষা অফিসার

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি সরকার কর্তৃক নির্ধারিত প্রমাণ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন, তত্ত্বাবধান এবং গণসংযোগ কার্যক্রম নিশ্চিত করিবেন।

(৩) তিনি সহকারী উপজেলা শিক্ষা অফিসারের সহায়তায় তাঁহার কর্ম এলাকার প্রাথমিক শিক্ষার উন্নয়নের জন্য সকল উপাত্ত সংগ্রহ করিবেন এবং এই সকল উপাত্ত নিয়মিতভাবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সরবরাহ করিবেন।

(৪) তিনি উপজেলা রিসোর্স সেন্টার-এর সহযোগিতায় সমাপনী পরীক্ষার যাবতীয় কার্যক্রম সম্পন্ন করিবেন।

(৫) তিনি উপজেলার বিদ্যালয়সমূহের সকল শ্রেণীর ছাত্রছাত্রীদের পাঠ্যপুস্তকের চাহিদা প্রণয়ন, গ্রহণ, বিতরণ এবং রেজিস্টার সংরক্ষণ করিবেন।

(৬) তিনি উপজেলার বিদ্যালয়সমূহের প্রয়োজনীয় সংস্কার, মেরামত, পুনঃনির্মাণ সম্পর্কিত সকল কার্যক্রম গ্রহণ এবং কার্যক্রম শেষে প্রতিবেদন উপজেলা শিক্ষা কমিটিতে উপস্থাপন করিবেন।

(৭) তিনি উপজেলার সকল বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৮) তিনি পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়নসহ অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করিবেন।

(৯) তিনি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহিত উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন ও বাস্তবায়নে সহযোগিতা করিবেন।

(১০) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার ও প্রয়োগ সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(১১) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত দাপ্তরিক দায়িত্ব পালন করিবেন।

## সহকারী উপজেলা শিক্ষা অফিসার

(১) তিনি উপজেলা শিক্ষা অফিসারের নির্দেশনায় দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি উপজেলা শিক্ষা অফিসারকে অফিস ও স্কুল ব্যবস্থাপনা, বিদ্যালয় পরিদর্শন, তত্ত্বাবধান এবং শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে সহযোগিতা প্রদান করিবেন।

(৩) তিনি বিদ্যালয় পরিচালনা কমিটি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে যোগাযোগ রক্ষা করিয়া কার্যকরভাবে বিদ্যালয় পরিদর্শন ও তত্ত্বাবধান, বিদ্যালয় সম্প্রসারণ এবং বিদ্যালয়ের সার্বিক উন্নয়ন করিবেন।

(৪) তিনি প্রতি মাসে সরকার কর্তৃক নির্ধারিত প্রমাণ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন করিবেন। তিনি উপজেলা শিক্ষা অফিসারের সাথে আলোচনাক্রমে পরিদর্শন পরিকল্পনা প্রণয়ন করিবেন এবং তাহা সংশ্লিষ্টদেরকে অবহিত করিবেন। তিনি পরিদর্শনকালে প্রাথমিক বিদ্যালয়ের বাস্তব অবস্থা অনুধাবনের জন্য এসএমসিসহ স্থানীয় জনসাধারণের সঙ্গে যোগাযোগ করিবেন।

(৫) তাঁহার জন্য নির্ধারিত বিদ্যালয়সমূহের শিক্ষক এবং অন্যান্য কর্মচারীদের সর্বশেষ যাবতীয় হালনাগাদ তথ্যাদি সংগ্রহপূর্বক একীভূত করিবেন এবং উক্ত তথ্যাদি সংরক্ষণ করিবেন এবং ইউআরসিতে প্রেরণ করিবেন।

(৬) তিনি বিদ্যালয়ের যাবতীয় উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন করিবেন এবং সমস্যাবলী উপজেলা শিক্ষা অফিসারকে নিয়মিত অবহিত করিবেন।

(৭) স্থানীয়ভাবে প্রশিক্ষণ ও পাঠদান প্রদর্শনের মাধ্যমে শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নের প্রচেষ্টা গ্রহণ করিবেন।

(৮) তিনি নির্ধারিত সাব-ক্লাস্টার প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করিবার জন্য যাবতীয় ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করিবেন।

(৯) তিনি পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়নসহ অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করিবেন।

(১০) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
## মহিলা বিষয়ক অধিদপ্তর
## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের উপর অর্পিত দায়িত্বাবলী অনুযায়ী হস্তান্তরিত বিষয়ের ক্ষেত্রে উপজেলা পরিষদের তত্ত্বাবধানে এবং সংরক্ষিত বিষয়ের ক্ষেত্রে সরকারি নির্দেশ অনুসরণে বাৎসরিক কর্মপরিকল্পনা (Annual Work Plan) প্রণয়ন এবং সেই আলোকে কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করিবেন।

(৩) তিনি তিনিভিত্তি কর্মসূচী বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ এবং নিয়মিত পরিদর্শনসহ এই সংক্রান্ত সার্বিক দায়িত্ব পালন করিবেন।

(৪) তিনি উন্নয়ন প্রকল্প, মহিলা প্রশিক্ষণ কেন্দ্রসহ অন্যান্য কর্মসূচী নিয়মিত পরিদর্শন, মনিটরিং ও বাস্তবায়ন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

(৫) তিনি চলমান ক্ষুদ্রঋণ কার্যক্রমসমূহের হালনাগাদ হিসাব বিবরণী, অনাদায়ী ঋণের পরিমাণ এবং উপকারভোগী মহিলাদের সঠিক পরিসংখ্যান সংরক্ষণসহ ঋণ বিতরণ ও অনাদায়ী ঋণ আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৬) তিনি উপজেলা স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন নিবন্ধনের জন্য সুপারিশকরণ, অনুদান বিতরণ, স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের নিয়মিত অডিটের ব্যবস্থাকরণ, পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

(৭) তিনি উপজেলা WID কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করিবেন।

(৮) তিনি উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্য সচিব এবং উপজেলা আইনশৃংখলা কমিটিতে সদস্য হিসাবে দায়িত্ব পালন এবং কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৯) তিনি উপজেলায় সংঘটিত নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ ও চলমান তদন্তের বিষয়ে মনিটরিংসহ অধিদপ্তরকে অবহিত করিবেন।

(১০) তিনি উপজেলা মহিলা ও শিশুদের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ এবং সংশ্লিষ্ট পরিষদ ও জনপ্রতিনিধিদের সহায়তায় তা সমাধানের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১১) তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে আবাসন প্রকল্পসহ সরকারের বিভিন্ন পুনর্বাসন ও আত্মকর্মসংস্থানমূলক কর্মসূচিতে দুঃস্থ, অসহায় ও ভূমিহীন মহিলাদের পুনর্বাসনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করিবেন।

(১২) তিনি ভূমিহীনদের মধ্যে খাস জমি বন্দোবস্তের ক্ষেত্রে মহিলাদের সুযোগ সৃষ্টির লক্ষ্যে উপজেলা প্রশাসনের সহায়তায় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(১৩) তিনি দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কমিটির সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন ও এই সংক্রান্ত নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন ও মনিটরিং নিশ্চিত করিবেন।

(১৪) তিনি দুঃস্থ, বিধবা, স্বামী পরিত্যক্ত মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে তাহাদের সম্পৃক্তকরণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১৫) তিনি উপজেলা পরিষদ কর্তৃক আয়োজিত বিভিন্ন সভায় যোগদান এবং সভায় গৃহিত সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করিবেন।

(১৬) তিনি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসে নারী ও শিশুদের যথাযথ অংশগ্রহণের লক্ষ্যে উপজেলা পরিষদের সহায়তায় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(১৭) তিনি উপজেলায় বাস্তবায়নাধীন সকল প্রকার উন্নয়নমূলক কার্যক্রমের একটি পূর্ণাংগ ও হালনাগাদ তালিকা উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে স্থায়ীভাবে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ এবং সময়ে সময়ে তালিকা হালনাগাদ করিবেন।

(১৮) তিনি CEDAW-(Convention on the Elimination of Discrimination Against Women), CRC (Convention on the Rights of the Child), BPFA (Beijing Platform for Action) সহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সনদ এবং নারী ও শিশুদের অধিকার রক্ষায় দেশের প্রচলিত আইন, নীতি ও পরিকল্পনা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করিবেন।

(১৯) তিনি যৌতুক নিরোধ কার্যক্রম, নারী ও শিশু পাচাররোধ এবং নারীর প্রতি সকল প্রকার বৈষম্য ও সহিংসতা বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবেন।

(২০) তিনি নির্যাতিত নারী/শিশুকে বিভাগীয় জেলা সদরের মেডিকেল কলেজ হাসপাতালে স্থাপিত OCC (One Stop Crisis Centre) এ প্রেরণে সহযোগিতা প্রদান করিবেন।

(২১) তিনি OCC হইতে সেবাপ্রাপ্ত নারী ও শিশু যাহাতে পুনরায় নিগৃহীত না হয় সেই দিকে নজরদারি বজায় রাখিবেন।

(২২) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার ও প্রয়োগ সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(২৩) তিনি সরকার, উপজেলা পরিষদ এবং অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## যুব উন্নয়ন অধিদপ্তর
## উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য যথা নিয়মে প্রশিক্ষণার্থী নির্বাচনপূর্বক প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করিবেন।

(৩) তিনি অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের জন্য প্রশিক্ষণার্থী ও ট্রেডভিত্তিক প্রশিক্ষক নির্বাচন এবং যথাসময়ে প্রশিক্ষণ অনুষ্ঠানের বিষয়ে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) তিনি স্বেচ্ছাসেবী যুব সংগঠনগুলিকে তালিকাভুক্তকরণ এবং যুব কার্যক্রমের সাথে সম্পৃক্ত করিবেন।

(৫) তিনি প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণের লক্ষ্যে প্রকল্প গ্রহণে উদ্বুদ্ধকরণ, স্থাপিত প্রকল্পের উন্নয়নের জন্য পরামর্শ প্রদান এবং ঋণ কার্যক্রমসহ সার্বিক যুব কার্যক্রম পরিদর্শন ও তদারকীর জন্য প্রতি মাসে প্রমাণ অনুযায়ী ভ্রমণ করিবেন।

(৬) তিনি প্রশিক্ষিত যুবদের গৃহীত প্রকল্পের উপযোগিতা ও সম্ভাব্যতা যাচাইপূর্বক তাহাদের ঋণ আবেদনে ক্রেডিট ম্যানুয়েল অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৭) তিনি আত্মকর্মসংস্থান, ঋণ কর্মসূচি ও অন্যান্য বিষয়ে মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য চাহিত প্রতিবেদন প্রেরণ করিবেন।

(৮) তিনি পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় পরিচালিত ঋণের প্রস্তাবিত কেন্দ্র সরেজমিন পরিদর্শনপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা কার্যালয়ে প্রেরণ, উপকারভোগীদের প্রশিক্ষণের আয়োজন, ঋণ কার্যক্রম পরিদর্শন ও তদারক করিবেন।

(৯) তিনি প্রশিক্ষিত যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণে উদ্বুদ্ধকরণ এবং প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে বার্ষিক কর্মশালার আয়োজন করিবেন।

(১০) তিনি প্রশিক্ষিত ও আত্মকর্মী যুব মহিলাদের ট্রেডভিত্তিক নাম ও ঠিকানার রেজিস্টার সংরক্ষণ করিবেন।

(১১) তিনি যুব পুরস্কার প্রদানের লক্ষ্যে সফল যুবদের যাচাই বাছাই এবং আর্থিক অনুদান/সহায়তা প্রদানের নিমিত্ত যুব সংগঠন নির্বাচন কার্যক্রম গ্রহণ করিবেন।

(১২) তিনি জাতীয় যুবদিবস উদ্‌যাপন এবং গুরুত্বপূর্ণ সরকারি কর্মসূচী পালনে পরিষদকে সহায়তা করিবেন।

(১৩) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার ও প্রয়োগ সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(১৪) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## স্থানীয় সরকার বিভাগ
## (ক) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
### উপজেলা প্রকৌশলী

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি উপজেলা পরিষদ এবং সরকার কর্তৃক অর্পিত নির্মাণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং মেরামত কাজের পরিকল্পনা, প্রাক্কলন প্রণয়নসহ স্কিম প্রস্তুতকরণের দায়িত্ব পালন করিবেন।

(৩) তিনি উপজেলা পরিষদ এবং সরকার কর্তৃক অর্পিত নির্মাণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ নিয়মিত তদারকি করিবেন এবং কাজের গুণগত মান নিশ্চিত করিবার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৪) তিনি উপজেলা পরিষদ বা সরকার কর্তৃক তাঁহার উপর অর্পিত ক্রয় কার্যক্রম (পাবলিক প্রকিউরমেন্ট) পাবলিক প্রকিউরমেন্ট আইন এবং বিধিমালা অনুযায়ী সম্পন্ন করিবেন।

(৫) তিনি উপজেলা ও ইউনিয়ন পরিষদকে নির্মাণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, মেরামত কাজে কারিগরী পরামর্শ ও সহায়তা দিবেন।

(৬) তিনি সংশ্লিষ্ট বিভাগ/সংস্থার সমন্বয়ে উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করিবেন।

(৭) তিনি উপজেলা সড়কসহ অন্যান্য ভৌত অবকাঠামোর ডাটাবেজ প্রণয়ন ও নিয়মিত হালনাগাদ করিবেন।

(৮) তিনি উপজেলার সড়কসহ অন্যান্য ভৌত অবকাঠামোর উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে উপজেলা পরিষদকে সহায়তা করিবেন এবং উপজেলা পরিকল্পনা বই প্রণয়ন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদ করিবেন।

(৯) তিনি উপজেলা পরিষদ অথবা সরকার কর্তৃক অর্পিত প্রাথমিক শিক্ষা উন্নয়ন সম্পর্কিত অবকাঠামো এবং অন্যান্য অবকাঠামো নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করিবেন।

(১০) তিনি উপজেলায় ক্ষুদ্র পানি সম্পদ স্কীম যেমন-খাল খনন, বাঁধ, সেচনালা ও পানি অবকাঠামো নির্মাণ ইত্যাদি কাজের পরিকল্পনা ও বাস্তবায়নের দায়িত্ব পালন করিবেন।

(১১) তিনি উপজেলার গ্রোথসেন্টার/হাটবাজার উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামতের অর্পিত দায়িত্ব পালন করিবেন।

(১২) তিনি তাঁহার আওতাধীন চলমান নির্মাণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, মেরামত কাজ বাস্তবায়নের লিখিত অগ্রগতি প্রতিবেদন উপজেলা পরিষদ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(১৩) তিনি সাইটের অর্ডার বই, কাজের ডাইরী ও সাইটের মালামালের হিসাব তদারক করিবেন।

(১৪) তিনি প্রয়োজনীয় ক্ষেত্রে নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজের জন্য মালামাল সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১৫) তিনি আইন ও বিধি অনুসারে অর্থ ব্যয় করিবেন এবং খরচের যথাযথ হিসাব সংরক্ষণ করিবেন।

(১৬) তিনি স্টোর ও মালামাল সংরক্ষণে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১৭) তিনি যথাসময়ে স্টোর এবং মালামালের প্রতিপাদনের জন্য দায়ী থাকিবেন।

(১৮) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার ও প্রয়োগ সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(১৯) তিনি সরকার, উপজেলা পরিষদ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## উপজেলা সহকারী প্রকৌশলী

(১) তিনি উপজেলা প্রকৌশলীর তত্ত্বাবধানে এবং নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রণীত কর্মবন্টন অনুযায়ী অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

(৩) তিনি উপজেলা প্রকৌশলীর উপর অর্পিত উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সকল কর্মকান্ড বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করিবেন।

(৪) তিনি উপজেলা প্রকৌশলীর উপর অর্পিত সকল উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত সম্পর্কিত সম্পাদিত কাজের বিল পরীক্ষা নিরীক্ষা করিয়া উপজেলা প্রকৌশলীর নিকট উপস্থাপন করিবেন।

(৫) তিনি উপজেলা প্রকৌশলীর নির্দেশনা অনুযায়ী তাঁহার অধিনস্ত কর্মকর্তা/কর্মচারিদের জন্য নির্ধারিত বিভাগীয় প্রশিক্ষণে প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(৬) তিনি সরকার, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী কিংবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দাপ্তরিক দায়িত্ব পালন করিবেন।

## উপসহকারী প্রকৌশলী

(১) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলীর তত্ত্বাবধানে এবং নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলী কর্তৃক প্রণীত কর্মবন্টন অনুযায়ী অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

(৩) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলী কর্তৃক উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সকল কর্মকান্ড বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করিবেন।

(৪) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলীর নির্দেশনা অনুযায়ী সার্ভেয়ার ও কার্যসহকারীদের বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিয়োজিত করিবেন এবং তাঁহাদের কাজ তদারক করিবেন।

(৫) তিনি তাঁহার দায়িত্বাধীন সকল উন্নয়নমূলক ও রক্ষণাবেক্ষণ কাজের বিল সরেজমিনে যাচাইবাছাইপূর্বক কাজের মাপ সংশ্লিষ্ট মাপবহিতে রেকর্ড করিয়া সেই অনুযায়ী বিল সুপারিশ করিবেন।

(৬) তিনি সরকার , উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী কিংবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দাপ্তরিক দায়িত্ব পালন করিবেন।

## নক্সাকার (উপসহকারী প্রকৌশলী)

(১) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলীর তত্ত্বাবধানে এবং নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করিবেন।

(২) তিনি সকল ধরণের উন্নয়নমূলক ও রক্ষণাবেক্ষণ কর্মকান্ডের স্কীম প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কারিগরী নক্সা প্রস্তুত করিবেন।

(৩) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলী কর্তৃক প্রণীত কর্মবন্টন অনুযায়ী অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

(৪) তিনি উপজেলা প্রকৌশলী এবং উপজেলা সহকারী প্রকৌশলীর নির্দেশনা অনুযায়ী সার্ভেয়ার ও কার্যসহকারীদের বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিয়োজিত করিবেন এবং তাঁহাদের কাজ তদারক করিবেন।

(৫) তিনি তাঁহার পরিচালনাধীন সকল উন্নয়নমূলক ও রক্ষণাবেক্ষণ কাজের বিল সরেজমিনে যাচাইবাছাইপূর্বক কাজের মাপ সংশ্লিষ্ট মাপবহিতে রেকর্ড করিয়া সেই অনুযায়ী বিল সুপারিশ করিবেন।

(৬) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সকল কর্মকাণ্ড বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করিবেন।

(৭) তিনি সরকার, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী কিংবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দাপ্তরিক দায়িত্ব পালন করিবেন।

## (খ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
## সহকারী প্রকৌশলী

(১) তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যানের তত্ত্বাবধানে ও উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে কাজ করিবেন এবং তিনি হস্তান্তরিত বিষয়ে নথি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(২) তিনি উন্নয়ন ও অনুন্নয়ন খাতভুক্ত অধিদপ্তরের সকল কার্যক্রমের বাস্তবায়ন, সমন্বয় ও পরিবীক্ষণ এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করিবেন।

(৩) উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পানি সরবরাহ ও স্যানিটেশন সম্পর্কিত উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে প্রশাসনিক ও কারিগরী বিষয়ে সহযোগিতা প্রদানসহ ব্যবস্থাপনার দায়িত্ব পালন করিবেন।

(৪) সংশ্লিষ্ট উপজেলায় পানির গুণাগুণ পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ (Water Quality Monitoring and Surveillance) সংক্রান্ত দায়িত্ব পালন করবেন।

(৫) পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট তথ্য আহরণ, বিশ্লেষণ/ব্যবহার, সংরক্ষণ ও উর্দ্ধতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক প্রেরণ করিবেন।

(৬) স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ, স্থাপন, বিক্রয় কার্যক্রম তদারককরণ, বিক্রয়ের অর্থ সংগ্রহ ও সংশ্লিষ্ট সরকারি খাতে জমা প্রদান করিবেন।

(৭) তিনি বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে টিউবওয়েল স্থাপনের কাজ তদারক করিবেন।

(৮) তিনি টিউবওয়েল পুনঃস্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ তদারক করিবেন।

(৯) তিনি উপজেলার টিউবওয়েল ও স্যানিটারী ল্যাট্রিনের তথ্য ও পরিসংখ্যান সংগ্রহ ও সংরক্ষণ করিবেন।

(১০) তিনি উপজেলা টিউবওয়েল ও স্যানিটারী ল্যাট্রিনের জরিপের প্রস্তুত ও হালনাগাদ করিবেন।

(১১) উপজেলা পর্যায়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সামগ্রিক মাঠ প্রশাসন ও কর্ম ব্যবস্থাপনা নিশ্চিত করিবেন।

(১২) সরকারী সিদ্ধান্ত মোতাবেক পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট যাবতীয় জরীপ, সমীক্ষা, অগ্রণী প্রকল্প (Pilot Project) ইত্যাদি কর্মকান্ডে অংশগ্রহণ/সক্রিয় সহযোগিতা প্রদান করিবেন।

(১৩) সরকারের নির্দেশনা মোতাবেক পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট জনসচেতনতামূলক কার্যক্রম, অবকাঠামোসমূহের নির্মাণ, মেরামত ও সংরক্ষণ, পরিবীক্ষণ ইত্যাদি মানসম্মতভাবে সম্পাদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জনবলের জন্য কার্যকরী প্রশিক্ষণ পরিচালনা করিবেন।

(১৪) তিনি তাঁহার দপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার ও প্রয়োগ সম্প্রসারণে সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করিবেন।

(১৫) তিনি সরকার, উপজেলা পরিষদ, নির্বাহী প্রকৌশলী কিংবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## উপসহকারী প্রকৌশলী

(১) তিনি সহকারী প্রকৌশলীর (উপজেলা পর্যায়ে) নিকট তাঁহার সকল কর্মকান্ডের জন্য দায়ী থাকিবেন এবং তাঁহার দিক নির্দেশনা মোতাবেক দায়িত্ব সম্পাদন করিবেন।

(২) তিনি সরকার ও উপজেলা পরিষদের চাহিদা অনুযায়ী উপজেলা সহকারী প্রকৌশলীর তত্ত্বাবধানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সকল কর্মকান্ড বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করিবেন।

(৩) তিনি সরকার, উপজেলা পরিষদ, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী কিংবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

৩। সরকারের প্রতিনিধি হিসাবে উপজেলা নির্বাহী অফিসারগণ সরকারের নিকট সংরক্ষিত কিছু কার্যাবলী (Retained Functions) এবং কিছু নিয়ামক কার্যাবলী (Regulatory Functions) সম্পাদন করিবেন যেইগুলি উপজেলা পরিষদের আওতাভুক্ত হইবে না। উক্ত কার্যাবলী তিনি প্রচলিত আইন ও বিধি বিধান অনুযায়ী জেলা প্রশাসকের তত্ত্বাবধানে সম্পন্ন করিবেন এবং এতদ্‌সংক্রান্ত রিপোর্ট/রিটার্ন সরাসরি জেলা প্রশাসক ও অন্যান্য উর্ধ্বতন দপ্তরে প্রেরণ করিবেন। উপজেলা নির্বাহী অফিসারদের এইরূপ সংরক্ষিত ও নিয়ামক কার্যাবলীর মধ্যে রহিয়াছেঃ

(১) নির্বাহী ম্যাজিস্ট্রেটের সকল দায়িত্ব;

(২) ভূমি ব্যবস্থাপনা ও ভূমি রাজস্ব প্রশাসন সংক্রান্ত কার্যাবলী;

(৩) সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩-এর অধীনে সার্টিফিকেট অফিসারের দায়িত্ব;

(৪) আইনশৃঙ্খলা বিষয়ক কার্যাবলী;

(৫) প্রটোকল দায়িত্ব;

(৬) পাবলিক পরীক্ষা সংক্রান্ত কার্যাবলী;

(৭) নির্বাচন সংক্রান্ত কার্যাবলী;

(৮) জাতীয় পরিসংখ্যান সংক্রান্ত কার্যাবলী;

(৯) আবশ্যিক কর্তব্য হিসাবে উপজেলাধীন সকল প্রকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;

(১০) যে কোন আইনের অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ;

(১১) উপজেলায় তাঁহার বিভাগের সর্বপ্রকারের প্রশিক্ষণের এবং উপজেলার অন্যান্য অফিসসমূহের প্রশিক্ষণের সমন্বয় সাধন;

(১২) তাঁহার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশাসন, জনবল ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ, নির্ধারিত বিভাগীয় প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ, দাপ্তরিক কর্মবন্টন এবং বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদানকারী কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন;

(১৩) উপজেলা পরিষদের ফিন্যান্স অফিসের কার্যক্রম শুরু না হওয়া পর্যন্ত তাঁহার নিজের এবং তাঁহার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন;

(১৪) সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী ইত্যাদি।

৪। উপজেলা পরিষদের হস্তান্তরিত অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণ নিম্নরূপ সংরক্ষিত ও নিয়ামক কার্যাবলী সম্পাদন করিবেন ঃ

(১) জাতীয় সরকারের লক্ষ্য অর্জনে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা;

(২) তাঁহার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশাসন, জনবল ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ, বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান, নির্ধারিত বিভাগীয় প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ, দাপ্তরিক কর্মবন্টন ইত্যাদি;

(৩) উপজেলা পরিষদে ফিন্যান্স অফিসের কার্যক্রম শুরু না হওয়া পর্যন্ত তাঁহার নিজের এবং তাঁহার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন;

(৪) উর্ধ্বতন কর্তৃপক্ষ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরামর্শ/নির্দেশনা /অনুমোদনক্রমে সম্পাদনযোগ্য দায়িত্বসমূহ;

(৫) সরকার বা উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলী।

৫। সংরক্ষিত/নিয়ামক কার্যাবলী এবং জাতীয় কার্যক্রম/কর্মসূচি সম্পর্কে কোন বিভ্রান্তি বা মতবিরোধ দেখা দিলে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮-এর ২৪(৩) ধারা অনুযায়ী উপজেলা পরিষদের হস্তান্তরিত কার্যক্রম পরিচালনা, পরামর্শ প্রদান ও নির্দেশিকা জারির উদ্দেশ্যে গঠিত জাতীয় পর্যায়ের কমিটি উক্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবে এবং এই সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। এ বিভাগ কর্তৃক ৩০-১২-২০০৯ খ্রিঃ তারিখের স্থাসবি/উপ-২/পি-৪/২০০৯/৯৪১ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন সংশোধনক্রমে এই আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২৭/৬/২০১০
(অশোক মাধব রায়)
যুগ্মসচিব (প্রশাসন)

স্মারক নং-স্থাসবি/উপ-২/নি-৪/২০০৯/১৪২২ তারিখঃ ১৭-০৬-২০১০খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।

৩। সচিব (সকল),..................................মন্ত্রণালয়/বিভাগ,..................................,ঢাকা।

৪। কমিশনার (সকল),............................ বিভাগ।

৫। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ঢাকা।

৬। মহাপরিচালক, কৃষি অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/পশু সম্পদ অধিদপ্তর/যুব উন্নয়ন অধিদপ্তর/ স্বাস্থ্যঅধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ মহিলা বিষয়ক অধিদপ্তর/প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর/ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর / সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৭। জেলা প্রশাসক (সকল),............................................ জেলা।

৮। পুলিশ সুপার (সকল) ............................................................ জেলা।

৯। সিভিল সার্জন (সকল) ............................................................ জেলা।

১০। নির্বাহী প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,............. জেলা।

১১। উপ-পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ/ যুবউন্নয়ন/পরিবার পরিকল্পনা/মহিলা বিষয়ক/ সমাজসেবা অধিদপ্তর,............................................জেলা।

১২। জেলা.......................................অফিসার,...........................................জেলা।

১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল),........................উপজেলা,..........................জেলা।

১৪। উপজেলা..........................অফিসার,.......................উপজেলা,..................জেলা।

১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).......................................... থানা......................জেলা।

(তসলিমা কানিজ নাহিদা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭৩০৫৮।

স্মারক নং-স্থাসবি/উপ-২/নি-৪/২০০৯/১৪২২ তারিখঃ ১৭-০৬-২০১০খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থের জন্যঃ

১। চেয়ারম্যান (সকল),.........................উপজেলা পরিষদ,..............................জেলা।

(তসলিমা কানিজ নাহিদা)
সিনিয়র সহকারী সচিব।

বাসমুদ্রণ-২০১০/১১-২৫৫৬কম(চ)-৫,০০০ বই-২০১০।

## সহায়ক দলিলাদিঃ

এই পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে সেসকল দলিলাদির সহায়তা গ্রহণ করা হয়েছে-

উপজেলা পরিষদের সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসরণ পূর্বক উপজেলা পরিষদের এসডিজি বান্ধব পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এছাড়াও এনআইএলজি এবং ইএএলজি প্রকল্প কর্তৃক জানুয়ারি ২০২০-এ উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের তিন দিন ব্যাপী 'উপজেলা পরিষদের আইন, বিধিবিধান ও পরিকল্পনা প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ', স্থানীয় সরকার বিভাগ এবং জাইকার অর্থায়নে ইউআইসিডিপি প্রকল্প কর্তৃক প্রণীত খসড়া 'উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা বিষয়ক গাইডলাইন' এবং ইএএলজি প্রকল্প কর্তৃক প্রেরিত শ্যাডো গাইডলাইন।


## কৃতজ্ঞতা স্বীকারঃ

এই পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে যারা বিশেষ ভূমিকা রেখেছেন-

পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট উপপরিচালক, স্থানীয় সরকার; উপজেলা পরিষদ চেয়ারম্যান; উপজেলা নির্বাহী কর্মকর্তা; উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যনবৃন্দ; বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাবৃন্দ; স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা/রিসোর্স পার্সন; এনআইএলজি এবং ইউআইসিডিপি প্রকল্পের রিসোর্স পার্সন ও স্থানীয় পরামর্শকসহ ইএএলজি প্রকল্পের ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর।

# জাতিসংঘ প্রণীত ১৭টি টেকসই উন্নয়ন লক্ষ্য




**প্রকাশকাল: সেপ্টেম্বর ২০২০**

**সহযোগিতায়: কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্প**
**স্থানীয় সরকার বিভাগ**

Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra
**Swiss Agency for Development and Cooperation SDC**

**EMBASSY OF DENMARK**
*Danida*

U N
D P